# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# শিল্প ও সংস্কৃতি
# নবম শ্রেণি

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# শিল্প ও সংস্কৃতি
# নবম শ্রেণি

## সাধারণ নির্দেশনা

- মাধ্যমিক স্তরের ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত মূল্যায়ন নির্দেশনা:

২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম, অষ্টম এবং নবম শ্রেণির সামষ্টিক মূল্যায়ন/পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর ভিত্তিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১. মূল্যায়ন কার্যক্রম শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়ন এই দুটি ভাগে অনুষ্ঠিত হবে।

২. মোট ১০০ নম্বরের মধ্যে শিখনকালীন মূল্যায়নের গুরুত্ব হবে ৩০% এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়নের গুরত্ব হবে ৭০%।

৩. বার্ষিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ৭০ নম্বরে রুপান্তর করে এবং শিখনকালীন মূল্যায়নের বরাদ্দকৃত ৩০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর একত্রিত করে মোট ১০০ নম্বরের ভিত্তিতে বিষয়ভিত্তিক ফলাফল নির্ধারণ করতে হবে। ।

৪. (ক) বিষয়ভিত্তিক নির্দেশনাবলীতে উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে।

(খ) শিখনকালীন মূল্যায়নের জন্য সংগৃহীত রেকর্ডসমূহের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(গ) শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫. নৈর্ব্যক্তিকসহ সকল বিষয়ের লিখিত পরীক্ষা গ্রহণের মোট সময় হবে ৩ ঘন্টা।

৬. বিষয়শিক্ষকগণ নিজ নিজ বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য যথাযথ গোপনীয়তা রক্ষা করে শিক্ষা মন্ত্রণালয় প্রদত্ত নমুনা প্রশ্নপত্রের মতো নিজেরাই প্রশ্নপত্র তৈরি করে বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন।

৭. সংশ্লিস্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণকে শ্রেণি/বিষয় শিক্ষকের সাহায্যে যথাযথ গোপনীয়তা রক্ষা করে প্রশ্নপত্র প্রণয়ন এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করতে হবে।

৮. লিখিত পরীক্ষার উত্তর লেখার জন্য পূর্বের ন্যায় বিদ্যালয় কর্তৃক প্রয়োজনীয় খাতা সরবরাহ করতে হবে।

৯. মাদ্রাসা এবং কারিগরি শিক্ষার ধারার বিশেষায়িত বিষয়সমূহের বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

১০. সকল ধারার দশম শ্রেণির বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪
## বিষয়: শিল্প ও সংস্কৃতি
## শ্রেণি : নবম

**(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম**

| ক্রম | অভিজ্ঞতার নাম | তত্ত্বীয় | ব্যবহারিক |
|---|---|---|---|
| ১. | জানার মাঝে অজানারে করেছি সন্ধান | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | যে কোনো ঋতুর ছবি<br>নকশা |
| ২. | পৃথিবী অবাক তাকিয়ে রয় | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | মুক্তিযুদ্ধের ছবি অংকন, নৃত্য, গান, আবৃত্তি ও অভিনয় |

**(খ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

**(i) শিখনকালীন মূল্যায়ন**

| আইটেমের নাম (Item name) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| শ্রেণির কাজ (একক, দলগত) | ১০ |
| বইয়ের কাজ( বইয়ের নির্ধারিত স্থানে লেখা/ছক/ছবি/) | ১০ |
| বাড়ির কাজ (শিক্ষক নির্দেশিকা অনুসারে) | ১০ |
| মোট | ৩০ |

**(ii) সামষ্টিক মূল্যায়ন** (অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০)

| আইটেমের নাম (Item name) | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| **ব্যবহারিক অংশ** | | | ৩ ঘন্টা |
| চারুকলা/ সংগীত / নৃত্য / অভিনয় / যন্ত্র সংগীত যেকোন একটি বিভাগের ব্যবহারিক কাজ | ১ | ১×২০=২০ | |
| বন্ধুখাতা | ১ | ১×১৫=১৫ | |
| **তত্ত্বীয় অংশ** | | | |
| অতি সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন | ১৫ | ১×১৫=১৫ | |
| সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন | ৪ | ৫×৪=২০ | |
| ছবি দেখে লেখো | ১ | ১০×১=১০ | |
| রচনামূলক উত্তরের প্রশ্ন | ২ | ১০×২=২০ | |
| মোট | | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

বার্ষিক পরীক্ষা ২০২৪

**শিল্প ও সংস্কৃতি**

নবম শ্রেণির নমূনা প্রশ্নপত্র

**সময়: ৩ ঘন্টা**

**পূর্ণমান : ১০০**

(ডান পাশে প্রশ্নের জন্য নির্ধারিত নম্বর উল্লেখ করা হয়েছে)

## তত্ত্বীয় অংশ (ক বিভাগ) মোট নম্বর ৬৫

**১. অতি সংক্ষিপ্ত প্রশ্ন** **১৫ X ১=১৫**

(ক) 'সরকারী চারুকলা ইনস্টিটিউট' এর বর্তমান নাম কী?

(খ) শহিদ মিনারের নকশা প্রণয়নকারী দুজন শিল্পীর মধ্যে নারী শিল্পীর নাম কি?

(গ) ছায়ানট কোন ধরনের প্রতিষ্ঠান?

(ঘ) মস্তক চলন কী?

(ঙ) 'দাম দিয়ে কিনেছি বাংলা' গানটির গীতিকার ওসুরকারের নাম কী?

(চ) ছবিতে বিভিন্ন উপাদানের সুশৃংখল উপস্থাপনকে ছবির ভাষায় কী বলে?

(ছ) প্রবাসী সরকারের আর্ট ও ডিজাইন বিভাগের প্রধান কে ছিলেন?

(জ) 'গ' স্বরের কোমল রূপ লিখ।

(ঝ) লিথোগ্রাফ কী?

(ঞ) ১৯৭১ সালে অবরুদ্ধ অবস্থায় শিল্পাচার্য জয়নুল আবেদিনের আঁকা চিত্রকর্মটির নাম লিখ।

(ট) শরণার্থী তেলচিত্রটি কার আঁকা?

(ঠ) 'দুর্গমগিরি কান্তার মরু দুস্তর পারাবার হে'! গানটির গীতিকার ও সুরকারের নাম লিখ।

(ড) বাংলাদেশের আধুনিক ছাপচিত্রের জনক কাকে বলা হয়?

(ঢ) শিল্পী বুলবুল চৌধুরীর শিল্পচর্চার শাখা কোনটি ?

(ণ) ১৯৭০ সালের জলোচ্ছ্বাসে দুর্গত মানুষের সাহায্যের জন্য যে সংগীতায়জন করা হয় তার নাম কি ছিল?

| |
|---|
| **অতি সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**<br>অতি সংক্ষিপ্ত প্রশ্ন মূল্যায়নের ক্ষেত্রে সঠিক শব্দ বা শব্দগুচ্ছ এসেছে কিনা লক্ষ রাখতে হবে। |
| **উত্তর মালা**<br>**ক** - চারুকলা অনুষদ, **খ**- ভাস্কর নভেরা আহমেদ।, **গ**- সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান। **ঘ**- অঙ্গাগত অভিনয়ের সময় মস্তকের সঞ্চালনের মাধ্যমে অভিব্যক্তি প্রকাশ করাকে মস্তকচলন বলে। **ঙ**- আব্দুল লতিফ। **চ**- ঐক্য । **ছ**- শিল্পী কামরুল হাসান। **জ**- ‘গ’ স্বরের কোমল রূপ হলো জ্ঞ । **ঝ**- এক ধরনের ছাপচিত্র, **ঞ**- মুক্তিযোদ্ধা **ট**- শিল্পী সফিউদ্দিন আহমেদ, **ঠ**- কবি কাজী নজরুল ইসলাম। **ড**- শিল্পী সফিউদ্দিন আহমেদ, **ঢ**- নৃত্যকলা,**ণ**- কাঁদো বাঙালি কাঁদো। |

**২. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন** **৪ X ৫=২০**

(যে কোনো ৪ টি প্রশ্নের উত্তর দাও)

(ক) সংস্কৃতি কী? সংস্কৃতি কত প্রকার ও কী কী?

(খ) মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ-পরোক্ষভাবে অংশগ্রহণ করেছিলেন এমন একজন নৃত্য শিল্পীর অবদান লেখ।

(গ) ছবি আঁকার নিয়মনীতি বৈচিত্র্য সম্পর্কে লিখো।

(ঘ) ভাষা আন্দোলনকে কেন্দ্র করে সেই সময়ে রচিত গানগুলি সম্পর্কে লিখ।

(ঙ) শিল্পী সফিউদ্দিন আহমেদকে শিল্পগুরুর উপাধিতে কেন ভূষিত করা হয়েছিল?

**সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**

উত্তরপত্র মূল্যায়নের পূর্বে প্রতিটি প্রশ্নের জন্য সম্ভাব্য উত্তর স্থির করে রুবরিক্স বা নম্বর বিভাজন তৈরি করে নিতে হবে। উদাহরণস্বরূপ একটি রুবিক্স নিচে দেওয়া হলো।

**নমূনা প্রশ্ন:** সংস্কৃতি কী? সংস্কৃতি কত প্রকার ও কী কী?

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| সংস্কৃতির ধারণাটি ব্যাখ্যা করতে পারলে। | ২ | |
| সংস্কৃতি কয় প্রকার তা লিখতে পারলে। | ১ | |
| প্রকারভেদের নাম লিখতে পারলে। | ২ | |

**৩. ছবি দেখে লিখো (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং)** **১০ X ১=১০**



উপরের ছবি দেখে যা মনে হচ্ছে নিজের ভাষায় লেখো।

**ছবি দেখে লিখো (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং) এর জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| ছবির বিষয়বস্তু সঠিকভাবে পর্যবেক্ষণ করে লেখা | ২ | |
| বর্ণনায় নিজস্ব কল্পনার উপস্থিতি | ৩ | |
| উপস্থাপনার মধ্যে সৃজনশীলতা | ৩ | |
| ছবিটি সম্পর্কে নিজস্ব মতামত দিতে পারা | ২ | |

নোট:

- শিক্ষক প্রশ্নে এমন একটি ছবি তুলে দেবেন যাতে শিক্ষার্থীরা কল্পনা করে লেখার সুযোগ পায়।
- ছবিগুলোতে বিভিন্ন অবজেক্ট যথেষ্ট বড়ো থাকবে যাতে শিক্ষার্থীরা ভালো করে বুঝতে পারে।
- এমন ছবি নির্বাচন করবেন যা ফটোকপি করলেও স্পষ্ট বোঝা যায়।

**৪. রচনামূলক উত্তর প্রশ্ন** **১০ X ২=২০**

(যে কোনো ২ টি প্রশ্নের উত্তর দাও)

(ক) তোমার অভিজ্ঞতার আলোকে গ্রামীন, নগর ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঘর-বাড়ি ও পোশাকের ধরনের তুলনামূলক আলোচনা করো।

(খ) ‘কনসার্ট ফর বাংলাদেশ’ কীভাবে বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভূমিকা রেখেছিল, লিখো।

(গ) মস্তক চলন কী? মস্তক চলনের শ্রেনি বিভাগ আলোচনা কর।

(ঘ) জিয়া হায়দার কে ছিলেন? বাংলাদেশের নাট্যচর্চায় তিনি কী কী ভূমিকা রেখেছিলেন লিখো।

**রচনামূলক প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**

উত্তরপত্র মূল্যায়নের পূর্বে প্রতিটি প্রশ্নের জন্য সম্ভাব্য উত্তর স্থির করে রুবরিক্স বা নম্বর বিভাজন তৈরি করে নিতে হবে। উদাহরণস্বরূপ একটি রুবিক্স নিচে দেওয়া হলো।

**নমুনা প্রশ্ন:** খ. কনসার্ট ফর বাংলাদেশ’ কীভাবে বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভূমিকা রেখেছিল, লিখো।

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| কনসার্ট ফর বাংলাদেশ কী তা লিখলে | ৩ | |
| উদোক্তাদের নাম লিখতে পারলে | ২ | |
| কনসার্ট আয়োজনের প্রক্রিয়া বর্ণনা করলে | ৩ | |
| সংগৃহিত অর্থ প্রদান সম্পকিত বর্ণনা দিলে | ২ | |

**ব্যবহারিক অংশ (খ বিভাগ)** **মোটনম্বর - ৩৫**

১. বন্ধুখাতা প্রদর্শন ১৫

২. যেকোনো একটি কাজ/ কার্যক্রম করে দেখাও- ২০

বাংলাদেশের ঋতুভিত্তিক গ্রাম-সংস্কৃতি/ শহরের সংস্কৃতি রুপকে ইচ্ছে মতো মাধ্যমে এঁকে রঙ করবে।

অথবা

লোকগান / লোকনৃত্য / লোকনাট্য ও অভিনয় করবে।

**বন্ধুখাতা প্রদর্শন**

পরীক্ষার সময় শিক্ষার্থীদের বন্ধুখাতা নিয়ে আসতে বলতে হবে।

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| নিজের সৃজনশীলতা প্রয়োগ করে বন্ধুখাতা তৈরি | ৫ | |
| সিলেবাস অনুসারে পাঠ্যপুস্তকে নির্দেশিত সকল কাজ সম্পাদন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |
| অধিকতর অনুশীলন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |

**ব্যবহারিক কাজ মূল্যায়নে করণীয় বা রুবিক্স**

ছবি আঁকার ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| বিষয়বস্তুগুলো সঠিক আকার ও আকৃতিতে আঁকা হয়েছে কিনা সেটি বিবেচনায় আনতে হবে | ৫ | পরিপ্রেক্ষিতের সঙ্গেও এটি সম্পৃক্ত |
| ছবির বিষয়বস্তুর সজ্জা বা কম্পোজিশন সঠিক হয়েছে কিনা; অর্থাৎ কাগজের অনুপাতে বিষয়বস্তুগুলো সঠিক আকারে এবং সঠিক স্থানে আছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | |
| পরিপ্রেক্ষিতের বা দূরত্ব ও অনুপাতের ব্যবহার করেছে কিনা; অর্থাৎ দূরের বস্তু ছোট এবং কাছের বস্তু বড়ো দেখানো হয়েছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | আকার ও আকৃতির সঙ্গেও এটি সম্পৃক্ত |
| রং/ আলোছায়ার সঠিক ব্যবহার হয়েছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | |

সংগীত ও নৃত্যের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ/ নাচের মুদ্রা | ৫ | |
| তাল ও লয় | ১০ | |
| সুর/ ভাবরস (এক্সপ্রেশন) | ৫ | |

অভিনয়ের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| সঠিকভাবে চরিত্রের রূপায়ন | ১০ | |
| উচ্চারণ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ৫ | |

আবৃত্তির ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ | ৫ | |
| লয়, ছন্দ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ১০ | |

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

বিষয়: বাংলা

শ্রেণি: নবম

(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম

| ক্রমিক নম্বর | অধ্যায় | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১ | প্রথম | বিভিন্ন মাধ্যমে যোগাযোগ করি | ১-১৪ |
| ২ | দ্বিতীয় | প্রমিত ভাষা ব্যবহার করি | ১৫-৩৩ |
| ৩ | তৃতীয় | রচনা পড়ি দৃষ্টিভঙ্গি বুঝি | ৩৪-৭৭ |
| ৪ | চতুর্থ | ব্যাকরণ মেনে লিখতে শিখি | ৭৮-৯৯ |
| ৫ | পঞ্চম | বিবরণমূলক ও বিশ্লেষণমূলক রচনা লিখি | ১০০-১১২ |
| ৬ | ষষ্ঠ | সাহিত্য পড়ি সাহিত্য লিখি | ১১৩-১২২ , ১৩৯-১৪৯ , ১৬৩-১৭১ , ১৮০-১৯২ |

(খ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

(গ) প্রশ্নের ধারা ও নম্বরবণ্টন

(i) সামষ্টিক মূল্যায়ন

অভীক্ষার ধরন: লিখিত; পূর্ণনম্বর: ১০০

| আইটেমের নাম (Item name) | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| নৈর্ব্যক্তিক প্রশ্ন (১৫টি এমসিকিউ ও ১০টি এক কথায় উত্তর) | ২৫ | ১×২৫=২৫ | ৩ ঘন্টা |
| সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন (Short question) (১০টি থেকে ১০টির উত্তর দিতে হবে) | ১০ | ২×১০ =২০ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) Essay type question (Without situational) (৫টি থেকে ৩টির উত্তর দিতে হবে।) | ৩ | ৫×৩ =১৫ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) (৭টি থেকে ৫টির উত্তর দিতে হবে।) | ৫ | ৮×৫ =৪০ | |

| | | | |
|---|---|---|---|
| Essay type question (situational)<br><br>প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | | |
| | মোট | ১০০ | ৩ ঘন্টা |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

### (ii) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Iteam type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ (Assignment/Practical work)-একটি করে নমুনা সহ | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (inventory work, project proposal, report presentation) - একটি করে নমুনা সহ | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) - একটি করে নমুনা সহ | ১০ |
| মোট | ৩০ |

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে এই বিষয়ের প্রশ্নপত্র তৈরি করবেন।কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবুহু ব্যবহার করা যাবে না।

# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষার নমুনা প্রশ্ন

নবম শ্রেণি

বিষয়: বাংলা

নৈর্ব্যক্তিক অভীক্ষা + রচনামূলক

সময়- ৩ ঘণ্টা; পূর্ণমান- ১০০

---

## নৈর্ব্যক্তিক অংশ

মান ২৫

[বিশেষ দ্রষ্টব্য: বহুনির্বাচনি অভীক্ষার সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লেখো (১-১৫) এবং এক শব্দে/এক বাক্যে উত্তর লেখো (১৬-২৫) প্রতিটি প্রশ্নের মান ১।]

১। সম্মুখ স্বরধ্বনি কোনটি?

ক. আ　　খ. অ্যা

গ. এ　　ঘ. ই

২। কোনটি লেখ্য প্রমিতের উদাহরণ?

ক. অসুবিধা　　খ. তুলো

গ. দেবার　　ঘ. হাজারো

৩। কোনটি কথ্য প্রমিত?

ক. লাখো　　খ. টুকরা

গ. দেওয়া　　ঘ. ভিতর

৪। সাধুরীতির পদ প্রমিতরীতির তুলনায় দীর্ঘতর হয় নিচের কোন শব্দশ্রেণির ক্ষেত্রে?

ক. বিশেষ্য　　খ. বিশেষণ

গ. যোজক　　ঘ. অনুসর্গ

৫। কোনটি বলকের উদাহরণ?

ক. তোমার পারা উচিত　　খ. তুমিই পারবে

গ. তোমার দ্বারা হবে　　ঘ. তোমাকে খুঁজছে বাংলাদেশ

৬। ‘সোম’ শব্দের প্রতিশব্দ কোনটি?

ক. অধুনা　　খ. অতল

গ. সমীর　　ঘ. চাঁদ

৭। ‘অর্বাচীন’ শব্দের প্রতিশব্দ কোনটি?

ক. নতুন খ. উপযুক্ত

গ. পাদপ ঘ. উপহাস

৮। ‘ত্বরিত’ শব্দের বিপরীত শব্দ কোনটি?

ক. হ্রস্ব খ. শ্লথ

গ. সচেষ্ট ঘ. বিভক্ত

৯। তিলোত্তমা/তিলোত্‌তমা/[স. তিল+উত্তমা] বি.- অভিধানে তৃতীয় বন্ধনীর মধ্যের [ ] অংশটিকে কী বলা হয়?

ক. শীর্ষশব্দ খ. শব্দের গঠন

গ. শব্দের উৎস ঘ. উচ্চারণ

১০। অভিধানের বর্ণক্রম অনুযায়ী নিচের কোনগুচ্ছ সঠিক?

ক. আঁশ, আভরণ, কার্যকর, ক্ষমা খ. আঁশ, আভরণ, ক্ষমা, কার্যকর

গ. আঁশ, ক্ষমা, কার্যকর, আভরণ ঘ. আভরণ, আঁশ, ক্ষমা, কার্যকর

কবিতাংশটি পড়ে ১১ ও ১২ নম্বর প্রশ্নের উত্তর দাও।

পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলই দাও
তাহার চেয়ে সুখ কোথাও কি আছে?
আপনার কথা ভুলিয়া যাও।

১১। কবিতাংশের ভাব ‘নিমগাছ’ গল্পের কোন চরিত্রে ফুটে উঠেছে?

ক. লক্ষ্মীবউ খ. বিজ্ঞজন

গ. কবি ঘ. কবিরাজ

১২। সাদৃশ্যপূর্ণ ভাবটি হলো–

i. পরার্থপরতা ii. নিঃস্বার্থতা iii. উদারতা

কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii

১৩। ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতায় কোন মাসের ধানের মঞ্জরীর কথা বলা হয়েছে?

ক. অগ্রহায়ণ খ. চৈত্র

গ. বৈশাখ ঘ. কার্তিক

১৪। ‘জন্মভূমি’ কবিতায় কবি কাদেরকে ‘পাষণ্ড বর্বর’ বলেছেন?

i. স্বাজাত্যবোধহীনদের ii. দেশদ্রোহীদের iii. স্বদেশপ্রীতিহীনদের

কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii　　　　ঘ. i, ii ও iii

১৫। কবিতার প্রতি লাইনের শেষের অন্ত্যমিলকে কী বলে?

ক. উপমা　　খ. অনুপ্রাস　　গ. লয়　　ঘ. ছন্দ

১৬। সাহেব/শাহেব্//[আ. সাহিব] বি. সম্মানিত ব্যক্তি– এখানে শীর্ষপদ কোনটি?

১৭। ভরসন্ধ্যায় লোকটি বাড়ি থেকে বের হয়ে গেলো। এ বাক্যে 'ভরসন্ধ্যায়' শব্দটিকে কী বলে?

১৮। মেট্রোতে ওঠার জন্য আমরা দুই নম্বর প্ল্যাটফর্মে দাঁড়ালাম। এ বাক্যে 'দুই নম্বর প্ল্যাটফর্মে' কোন বর্গের উদাহরণ?

১৯। 'দরিদ্র' শব্দটির সঠিক উচ্চারণ লেখো।

২০। 'বিচিত্র' শব্দের বিশেষ্যবাচক রূপ কী হবে?

২১। স্বরবৃত্ত ছন্দের একেকটি পর্ব কত মাত্রার হয়?

২২। 'বাষ্প-রথ'– শব্দের অর্থ কী?

২৩। 'স্মৃতিস্তম্ভ' কবিতাটি বাংলাদেশের ইতিহাসের কোন ঘটনাকে অবলম্বন করে রচিত?

২৪। 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবি নিজেকে কার 'চিরচেনা স্বজন' বলেছেন?

২৫। 'অলিখিত উপাখ্যান' গল্পটি কোন প্রেক্ষাপটে লিখিত হয়েছে?

## রচনামূলক অংশ

### মান ৭৫

[ ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

১। "হীরের মুকুট নীল পরোয়ানা খোলা তলোয়ার" বলতে কবি কী বুঝিয়েছেন? ২

২। "মাথার উপর ঘন-নিবিড় কচি কচি ঐ যে পাতা""-এখানে কোন ধরণের অলংকার ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা কর? ২

৩। 'অলিখিত উপাখ্যান' গল্পে ঠিকাদার কয়েদিকে নবাবপুত্তুর বলে সম্বোধন করেছিল কেন? ২

৪। "গৃহকর্ম-নিপুনা লক্ষ্মী বউটার ঠিক এই দশা'– বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

৫। কবি কেন আসমানের তারা, জোনাকিকে সাক্ষী রেখেছেন? ২

৬। এ 'নিমগাছ' গল্পে লোকটির সাথে নিমগাছের চলে যেতে ইচ্ছে করলো কেন? ২

৭। "সব কিছু আগে থেকে ঠিকঠাক করা। মাঝখান থেকে হুট করে কিছু বদলানো যাবে না।"- বলতে কী বোঝানো হয়েছে? ২

৮। " এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি"- কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২

৯। লেখক মুহম্মদ আবদুল হাই ইংরেজ জাতিকে কীভাবে মূল্যায়ন করেছেন বর্ণনা কর। ২

১০। 'কান্ডারি হুঁশিয়ার' কবিতায় কবি যাত্রীদেরকে হুঁশিয়ার থাকতে বলেছেন কেন? ২

### রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)

### যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও।

১১। নিচের অনুচ্ছেদ থেকে পাঁচ ধরনের লগ্নকযুক্ত শব্দ শনাক্ত কর এবং এবং কোনটি কোন প্রকারের লগ্নক তা উল্লেখ কর। ৫

দেখতে দেখতে লোকের ভিড় জমে গেল। চারদিকে গোলমাল, হৈ চৈ। অনিকাও দেখতে গেলো, ব্যাপারখানা কি? ততক্ষণে কেদারবাবুর গোনা প্রায় শেষ হয়ে এসেছে। তিনি দুই চোখ লাল করে লাঠিটা ঘোরাচ্ছেন আর বলছেন, আঠানব্বই, নিরানব্বই, একশো- কোন হতভাগা, মিথ্যেবাদী বলেছিল একশো গুনলে রাগ থামে? বলেই ডাইনে-বাঁয়ে দুমদাম লাঠির ঘা।

১২। বিপরীত শব্দ ব্যবহার করে নিচের হ্যাঁ-বাচক বাক্যকে না-বাচক বাক্য এবং না-বাচক বাক্যকে হ্যাঁ -বাচক বাক্যে রুপান্তর করো। ৫

i. সে অপরাধী নয়।
ii. আমি গত ক্লাসে উপস্থিত ছিলাম না।
iii. সাধারণত তিনি কোমল কণ্ঠে কথা বলেন।
iv. পরিস্থিতি আমাদের অনুকূলে নেই।
v. এভাবে কাজ করলে অবনতি হবে

১৩। নির্দেশনা অনুযায়ী শব্দ যোগ করে বাক্যগুলো উত্তররপত্রে লেখো । ৫

i. ওর এখন কী হবে! (করুণাসূচক আবেগ যোগ করো)
ii. জলদি দোকানে যাও। পাওরুটি কিনে আনো। (দ্বিতীয় বাক্যের শুরুতে যোজক যোগ করো)
iii. তিনি বাড়িতে আসবেন। (কালবাচক ক্রিয়া বিশেষণ যোগ করো)
iv. অঙ্কটা ভুল করেছো। (বিশেষণ যোগ করো)
v. বহুদিন অপেক্ষা করে আছি। (অনুসর্গ যোগ করো)

১৪। তোমার জীবনের একটি স্মরণীয় দিনের দিনলিপি প্রমিত ভাষারীতিতে রচনা করো। ৫

১৫। মনে করো, সম্প্রতি তোমার বিদ্যালয়ে একটি বিজ্ঞানমেলা অনুষ্ঠিত হয়েছে। সেখানে আরও দুটি বিদ্যালয় অংশগ্রহণ করেছে। উক্ত বিজ্ঞানমেলা সম্পর্কে একটি তথ্যমূলক রচনা লেখো। রচনা লেখার সময় নিচের বিষয়সমূহ বিবেচনায় আনতে হবে। ৫

ক. মেলার উদ্বোধন

খ. প্রতিযোগী ও তাদের প্রজেক্ট

গ. পুরস্কার ও সমাপনী পর্ব

## রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)

## যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও।

১৬। নিচের কবিতাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।

ধন ধান্য পুষ্প ভরা, আমাদের এই বসুন্ধরা,
তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা,
ও সে স্বপ্ন দিয়ে তৈরি সে দেশ স্মৃতি দিয়ে ঘেরা।
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি,
সকল দেশের রানী সেযে আমার জন্মভূমি,

ক. উপরের কবিতাংশটি ‘পল্লি-মা’ কবিতার কোন ভাবকে প্রতিফলিত করে ব্যাখ্যা করো। ৪

খ. উপরের কবিতাংশের কাঠামো (উপমা, অনুপ্রাস, ছন্দ, লয় ইত্যাদি) বিশ্লেষণ করো। ৪

১৭। নিচের গদ্যাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।

চিন্তার চর্চা মানুষের জীবন দর্শনের প্রধান উপাদান। কিন্তু বর্তমান বিশ্বব্যবস্থায় আমাদের মানবসমাজ চিন্তার রাজ্য থেকে নির্বাসন নিয়ে কেবল যন্ত্রনির্ভরই হচ্ছে, তা নয়, অধিকন্তু আমরা নিজেরাই আজ এক একটি যন্ত্রে পরিণত হয়েছি। বিজ্ঞান ও প্রযুক্তির নতুন আবিষ্কারকে জীবনের প্রয়োজনে ব্যবহার করে জীবনকে উন্নত করার বদলে যন্ত্রের কাছেই আমরা সমর্পণ করেছি জীবনকে, যার ফলে যন্ত্রের উৎকর্ষের সঙ্গে তাল রেখে মানুষের মানবীয় গুণাবলি উৎকর্ষমণ্ডিত হচ্ছে না। মানুষের মানবিকতার বিজয়পতাকা উড্ডীন রাখতে হলে অবশ্যই জীবনের যথার্থ উদ্দেশ্য সম্পর্কে চিন্তা করতে হবে। বিবেচনাহীন ভোগ প্রবণতা মানুষকে পশুর চেয়ে নিকৃষ্ট করে তুলে, যা অবশ্যই আমাদের কাঙ্ক্ষিত নয়। তাই নতুন যে কোনো কিছুকে স্বাগত জানানোর আগে জীবনে তার প্রয়োজন কতটুকু বা জীবনের জন্য ক্ষতিকর কিনা এই প্রশ্নগুলোর উত্তর গভীরভাবে খুঁজতে হবে।

ক. উপরের গদ্যাংশটি গঠনের দিক থেকে কোন শ্রেণির প্রবন্ধের নমুনা বলে তুমি মনে করো, তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

খ. উপরের গদ্যাংশটি তোমার পাঠ্য ‘সভ্যতার সংকট’ প্রবন্ধের বক্তব্যকেই সংক্ষিপ্তভাবে ধারণ করেছে।-মন্তব্যটি পর্যালোচনা করো। ৪

১৮। নিচের কবিতাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।

আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে– এই বাংলায়
হয়তো মানুষ নয়– হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে;
হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল-ছায়ায়;
হয়তো বা হাঁস হবো– কিশোরীর ঘুঙুর রহিবে লাল পায়,
সারাদিন কেটে যাবে কলমির গন্ধভরা জলে ভেসে ভেসে;
আবার আসিব আমি বাংলার নদী মাঠ খেত ভালোবেসে
জলাঙ্গীর ঢেউয়ে ভেজা বাংলার এ সবুজ করুণ ডাঙায়;

ক. কবিতাংশের কবিভাবনার সাথে ‘আমি কোনো আগন্তুক নই’ কবিতার কবির যে ভাবনার মিল রয়েছে তা ব্যাখ্যা করো। ৪

খ. উপরের কবিতাংশটির মূলভাব প্রমিত ভাষায় লেখ। ৪

১৯। নিচের অনুচ্ছেদটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।

স্বামীর মৃতদেহের সাথে বিধবা স্ত্রীকে জীবন্ত দাহ করার রীতি ‘সতীদাহ’ নামে পরিচিত। প্রচীনকাল থেকেই ভারতবর্ষের হিন্দুসমাজে এ রীতি চলে আসছিল। যে নারী তার যথাসর্বস্ব দিয়ে স্বামী-সন্তান ও সংসারের জন্য কাজ করে গেল সেই নারীকেই মৃত স্বামীর সাথে জীবন্ত পুড়িয়ে মারা হতো। অথচ কোনো স্ত্রী মারা গেলে তার সাথে স্বামীকে দাহ করা হতো না। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও রাজা রামমোহন রায়ের কাছে বিষয়টি খুবই আপত্তিকর ও বেদনাদায়ক মনে হলো। তারা সতীদাহ প্রথা বন্ধের জন্য ইস্ট ইন্ডিয়া কোম্পানির সরকারের সাথে দেন-দরবার শুরু করলেন। বিষয়টি আদালত পর্যন্ত গড়ালো। তৎকালীন সমাজপতি ও ব্রাহ্মণসমাজ শক্ত প্রতিপক্ষ। কিন্তু শেষপর্যন্ত বিদ্যাসাগর ও রামমোহন রায়েরই জয় হলো। লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক ১৮২৯ সালে সতীদাহ প্রথা বাতিল ঘোষণা করলেন।

ক. অনুচ্ছেদের ‘সতীদাহ’ প্রথার মধ্য দিয়ে ‘নিমগাছ’ গল্পের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৪

ঘ. অনুচ্ছেদের ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও রামমোহন রায় কি বনফুলের প্রত্যাশা পূরণ করতে পেরেছেন? 'নিমগাছ' গল্পের আলোকে যুক্তি দাও। ৪

২০। নিচের ছবিটি কৌশিক সরকারের আঁকা। ছবিটি ভালোভাবে পর্যবেক্ষণ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।

ক. ছবির বিষয় এবং চিত্রশিল্পী/চিত্রগ্রাহকের দৃষ্টিভঙ্গি বর্ণনা কর। ৪

খ. ছবিটি 'স্মৃতিস্তম্ভ' কবিতার মূল চেতনা তুলে ধরে কি? তোমার মতের পক্ষে যুক্তি দাও।



নমুনা উত্তর

অষ্টম শ্রেণি

বিষয়ঃ বাংলা

উত্তরপত্র মূল্যায়নে বিবেচ্য বিষয়সমূহঃ

- পরীক্ষার্থীর উত্তর নমুনা উত্তরের হুবুহু চাওয়া প্রত্যাশিত নয়। পরীক্ষার্থীর উত্তর এ নমুনা উত্তরের চেয়ে ভালো, সমমানের বা খারাপ হতে পারে।
- প্রদত্ত নমুনা উত্তরের কোনো বিকল্প সঠিক উত্তরও থাকতে পারে। উত্তরপত্র মূল্যায়নকারীকে পরীক্ষার্থীর সঠিক বিকল্প উত্তর বিবেচনায় এনে নম্বর প্রদান করতে হবে।
- উত্তর লেখার ক্ষেত্রে পরীক্ষার্থীর শব্দ চয়ন, বাক্য গঠন ও উপস্থাপন কৌশল প্রদত্ত নমুনা উত্তর থেকে ভিন্ন হওয়াই স্বাভাবিক।
- পরীক্ষার্থী প্রত্যাশিত স্তর অনুযায়ী লিখতে পারলে ঐ স্তরের জন্য পূর্ণ নম্বর পাবে। সেজন্য ১/২(অর্ধেক) নম্বর দেওয়া যাবে না।

নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরঃ

১। ঘ. ই

২। ক. অসুবিধা

৩। ক. লাখো

৪। ঘ. অনুসর্গ

৫। খ. তুমিই পারবে

৬। ঘ. চাঁদ

৭। ক. নতুন

৮। খ. শ্লথ

৯। খ. শব্দের গঠন

১০। খ. আঁশ, আভরণ, ক্ষমা, কার্যকর

১১। ক. লক্ষ্মীবউ

১২। ক. i ও ii

১৩। ঘ. কার্তিক

১৪। খ. i ও iii

১৫। খ. অনুপ্রাস

১৬। সাহেব

১৭। বিধেয়ের  সম্প্রসারক

১৮। ক্রিয়া বিশেষণ

১৯। দোরিদ্‌দ্রো

২০। বৈচিত্র্য

২১। চার

২২। রেলগাড়ি

২৩। বায়ান্নর ভাষা আন্দোলন

২৪। কদম আলী

২৫। উপনিবেশিক শাসনামলের প্রেক্ষাপটে

# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা

## শ্রেণি : নবম

(ক) প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা

**(খ) বার্ষিক পরীক্ষার সংক্ষিপ্ত সিলেবাস**

| অধ্যায় | অধ্যায়ের শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| প্রথম | বুদ্ধ ও বোধিসত্ত্ব | ১-১০. |
| তৃতীয় | প্রব্রজ্যা ও উপসম্পদা | ২৬-৪১ |
| চতুর্থ | পারমী | ৪২-৫৬ |
| পঞ্চম | অভিধর্ম পিটক | ৫৭-৬৬ |
| সপ্তম | বৌদ্ধধর্মে সহমর্মিতা | ৮৪-৯৭ |

**(গ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

**(ঘ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| | | | |
|---|---|---|---|
| ১. | শিখনকালীন/ধারাবাহিক মূল্যায়ন | শ্রেণির কাজ, বাড়ির কাজ, শ্রেণি অভীক্ষা, অ্যাসাইনমেন্ট, প্রজেক্ট, ফিল্ড ট্রিপ, তীর্থস্থান ও ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা বিষয়ক প্রতিবেদন ইত্যাদি। | ৩০ নম্বর |
| ২. | সামষ্টিক মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন এনসিটিবি কর্তৃক প্রণীত প্রশ্নের ধারা ও নম্বর বিভাজন অনুযায়ী ৩ ঘন্টা সময়সীমা মধ্যে ১০০ নম্বরের প্রশ্নসম্বলিত লিখিত উত্তরভিত্তিক হবে। ১০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরকে ৭০% এ রূপান্তর করতে হবে। | ৭০ নম্বর |
| | | মোট = | ১০০ নম্বর |

**শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন** **মোট নম্বর-৩০**

| **আইটেমের নাম (Item type)** | **নমুনা** | **নির্ধারিত নম্বর** |
|---|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work) | তুমি বোধিসত্ত্বের চর্চা করতে চাও। কীভাবে চর্চা করতে পার-তার একটি পরিকল্পনা প্রণয়ন কর। | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (investigation, project proposal, report presentation) | তোমার পরিচিত কোনো একজন প্রব্রজ্যা ও উপসম্পদা প্রাপ্ত ভিক্ষুর জীবন-বৃত্তান্ত (কেস স্টাডি) তৈরি কর। (প্রয়োজনে তোমার পাঠ্যপুস্তকের ৩৯ পৃষ্ঠার সহায়তা নিতে পার। | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) | তুমি নিজে পারমী অনুশীলন করছো। তোমার অভিজ্ঞতা জানিয়ে তোমার একবন্ধুকে পারমী চর্চা করতে উদ্বুদ্ধ করতে চাও। কীভাবে  তাকে উদ্বুদ্ধ কবে এ বিষয়ে একটি পরিকল্পনা প্রণয়ন কর। | ১০ |
| | **মোট** | **৩০** |

## সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

**মোট নম্বর : ১০০** **প্রশ্নের ধারা ও নম্বর বিভাজন** **সময় : ৩ ঘণ্টা**

| প্রশ্নের ধারা | প্রশ্নের মান | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর |
|---|---|---|---|
| ক. বিভাগ : বহুনির্বাচনি প্রশ্ন | ১ | ১৫ | ১× ১৫ =১৫ |
| খ বিভাগ : অতি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | ১ | ১০ | ১× ১০ =১০ |
| গ বিভাগ : সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | ২ | ১০ | ২× ১০ =২০ |
| ঘ বিভাগ : রচনামূলক-উত্তর প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | ৫ | ৫টির মধ্যে ৩ টির উত্তর করতে হবে। | ৫× ৩ =১৫ |
| ঙ বিভাগ : রচনামূলক -উত্তর প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে (প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতামূলক) | ৮ (৩+৫) | ৮টির মধ্যে ৫ টির উত্তর করতে হবে। | ৮× ৫ =৪০ |
| | | মোট | ১০০ |

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# নমুনা প্রশ্ন
# বৌদ্ধধর্ম শিক্ষা
# নবম শ্রেণি

**এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ের প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবে নমুনা হুবুহ ব্যবহার করা যাবে না।**

**পূর্ণমান : ১০০** **সময় : ৩ঘন্টা**

**ক বিভাগ: বহুনির্বাচনি প্রশ্ন** **১×১৫= ১৫**

**নিচের প্রশ্নগুলোর সঠিক বা সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লিখ:**

১. **'বুদ্ধ' শব্দের অর্থ-কী?**
ক. ঘনিষ্ঠ সংযোগ
খ. জ্ঞানী
গ. অধ্যবসায়
ঘ. পথ পরিক্রমা

২. **কোনটি সম্যক বোধিসত্ত্বের অন্তর্গত?**
ক. শ্রদ্ধাধিক বোধিসত্ত্ব
খ. প্রত্যেক বোধিসত্ত্ব
গ. শ্রাবক বোধিসত্ত্ব
ঘ. সম্মাসম্বুদ্ধ

৩. **বোধিসত্ত্বের বৈশিষ্ট্য কোনটি?**
ক. নিজের কর্ম থেকে অপরের কর্মকে সংগী করা
খ. জরা, মৃত্যু ও দুঃখকে এড়িয়ে যাওয়া
গ. সর্ব সত্তার কল্যাণ কামনা করা
ঘ. গুরুর সান্নিধ্যে থেকে বুদ্ধত্ব লাভে রত হওয়া

৪. **প্রব্রজ্যার অর্থ কী?**
ক. উৎসব পালন করা
খ. সংসার ধর্ম পালন করা
গ. মাতাপিতার প্রদত্ত নামে পরিচিতি লাভ
ঘ. পাপকর্ম থেকে বিরত থাকা

৫. **উপসম্পদা কী?**
ক. ভিক্ষু জীবন গ্রহণে আগ্রহী হওয়া
খ. অল্পলাভে সন্তুষ্টি পাওয়া
গ. বিশুদ্ধ জীবন-চর্চার ব্রত
ঘ. শ্রমণ থেকে ভিক্ষু হওয়ার অনুষ্ঠান

**৬. ত্রিপিটকের শেষ বা তৃতীয় অংশের নাম কী?**

ক. সূত্র পিটক

খ. বিনয় পিটক

গ. ধর্ম পিটক

ঘ. অভিধর্ম পিটক

**৭. অভিধর্মের বিশুদ্ধ সারাংশ কোন গ্রন্থের অন্তর্গত?**

ক. বিভঙ্‌গ

খ. ধাতু কথা

গ. ধম্ম সঙ্গানী

ঘ. কথাবথ্থু

**৮. অভিধর্ম পিটকের শেষ গ্রন্থ কোনটি?**

ক. পট্‌ঠান

খ. যমক

গ. কথাবথ্থু

ঘ. ধাতুকথা

**৯. যমক শব্দের অর্থ কী?**

ক. জোড়

খ. এক

গ. গ্রন্থ

ঘ. চিত্ত

**১০. সর্বাস্তিবাদীদের মতে বিভঙ্গের অপর নাম কী?**

ক. ধর্ম সঙ্গানী

খ. কথাবথ্থু

গ. যমক

ঘ. ধর্মস্কন্ধ

**১১. বৌদ্ধধর্মে সমাধি বলতে কী বুঝায়?**

ক. চরম দুঃখের অবসান

খ. নৈতিকতার অনুশীলন

গ. মনের অনুশীলন

ঘ. অন্তর্দর্শন

**১২. বুদ্ধ চতুরার্য সত্য আবিষ্কার করেছেন-**

ক. পরিবর্তনশীল বা অনিত্য জগত দেখে

খ. শিল অনুশীলনের মাধ্যমে

গ. প্রতিনিয়ত পরিবর্তনশীল বিশ্ব দেখে

ঘ. দুঃখের কারণ অন্বেষণ করতে গিয়ে

**১৩. দুঃখ থেকে মুক্তি লাভের জন্য কয়টি পথ অনুসরণ করা যায়?**

ক. ৫টি

খ. ৮টি

গ. ১০টি

ঘ. ১২টি

**১৪. কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর চণ্ডালিকায় বুদ্ধের কোন গুণটিকে সমর্থন করেছেন?**

ক. জাতিভেদ ও অস্পৃশ্যতার বিরুদ্ধাচার

খ. জ্ঞান-বিজ্ঞানের চর্চা

গ. সুখ-দুঃখবোধ

ঘ. সাফল্য-ব্যর্থতার কাহিনি

**১৫. দুঃখ থেকে মুক্তিলাভের জন্য বুদ্ধ কোনটি অনুসরণ করতে বলেছেন?**

ক. তিনটি সর্বজনীন সত্য

খ. চতুরার্য সত্য

গ. পাঁচটি শিক্ষানীতি

ঘ. আর্য অষ্টাঙ্গিক মার্গ

**খ বিভাগ : অতি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন** **১×১০ =১০**

এক কথায়/অতি সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ:

১. শ্রাবক বুদ্ধগণ ভবিষ্যতে কী হবেন?
২. বুদ্ধত্ব অর্জনের আগের স্তর কোনটি?
৩. প্রত্যেক বুদ্ধ কাদেরকে বলা হয়?
৪. প্রথম প্রব্রজ্যা গ্রহণকারীকে কী বলা হয়?
৫. প্রব্রজ্যা গ্রহণের অন্যতম উদ্দেশ্য কী?
৬. প্রব্রজ্যা প্রার্থীকে প্রথমে কী গ্রহণ করতে হয়?
৭. পারমী অর্থ কী?
৮. মানুষের সকল গুণ সম্ভারের উৎস কোনটি?
৯. অভিধর্ম পিটকের কথাবুথ্থু গ্রহণের মৌলিক বিষয়বস্তু কী?
১০. অভিধর্ম পিটকের মূল প্রতিপাদ্য বিষয় কয়টি?

**গ বিভাগ : সংক্ষিপ্ত- উত্তর প্রশ্ন** **২×১০ =২০**

**সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:**

১. বোধিসত্ত্ব সবসময় ন্যায় ও ত্যাগের মহিমায় কীসের অনুশীলন করেন?
২. শ্রাবক বোধিসত্ত্ব কোন কোন শব্দের সমন্বয়ে গঠিত?
৩. বুদ্ধকে অরহত/অর্হৎ বলা হয় কেন?
৪. তোমার পঠিত ১০টি শীল থেকে বাংলা ভাষায় ২টি শীল লিখ।
৫. প্রজ্ঞা পারমী বলতে কী বুঝায়?
৬. অভিধর্মে পঠন-পাঠন একান্ত অপরিহার্য কেন?
৭. অভিধর্ম পিটকের উপদেশ কীভাবে পালন করা যায়?
৮. মানুষ মানুষের জন্য- বলতে কী বুঝায়?
৯. গৌতম বুদ্ধের শিক্ষার মূলবাণী কী?
১০. বৈশাখ দিবস (Vesak Day) কোনটিকে বলা হয়?

**ঘ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন প্রশ্ন)** **৫×৩ =১৫**

**যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও :**

১. বোধিসত্ত্ব চর্চার গুরুত্ব ব্যাখ্যা কর।
২. প্রব্রজ্যা ও উপসম্পদার মধ্যে পার্থক্য নিরূপণ কর।
৩. পারমীর ত্রিবিধ স্বরূপ ব্যাখ্যা কর।
৪. অভিধর্মের গুরুত্ব ব্যাখ্যা কর।
৫. বৌদ্ধধর্মের উন্নত জীবন গঠনে মৈত্রীর গুরুত্ব ব্যাখ্যা কর।

**ঙ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)**
**যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৮×৫ =৪০

১. শতদল বড়ুয়ার বয়স ৭ বছর হয়ে গিয়েছে। সে প্রব্রজ্যা গ্রহণের জন্য মা-বাবার অনুমতি পেয়েছে। নির্দিষ্ট দিনে আনুষ্ঠানিকতা পালনের মধ্য দিয়ে সে প্রব্রজ্যা গ্রহণ করল।

ক. শতদল বড়ুয়ার জীবনে প্রব্রজ্যা গ্রহণের সুফল ব্যাখ্যা কর। ৩

খ. শতদল বড়ুয়াকে প্রব্রজ্যা গ্রহণের সময় যে নিয়মাবলি অনুসরণ করতে হয়েছিল তা পর্যায়ক্রমিকভবে বর্ণনা কর। ৫

২. সুনিতা ও সুমিত ভাই-বোন। তারা ছোটবেলা থেকেই নম্র ও ভদ্র স্বভাবের। তারা নিজেরা তো বটেই অন্যদের সাথেও ঝগড়া করে না। অবসর পেলেই তারা জাতকের বই পড়ে। জীবের প্রতি তাদের মমত্ববোধের উদয় হলো। এ কথা তারা বিহারের ভন্তেকে বলল। ভন্তে তাদেরকে পারমী সম্পর্কে দেশনা করলেন।

ক. যে কেউ পারমী চর্চা করতে পারে না কেন? ব্যাখ্যা কর। ৩

খ. সুমিত কীভাবে উপরে উল্লিখিত দেশনা অনুসারে বিভিন্ন পারমী অনুশীলন করবে তার একটি পরিকল্পনা প্রণয়ন কর। ৫

৩. সুচিত্রা চাকমা পারমী পালনের জন্য দৃঢ়সংকল্প গ্রহণ করলেন। এ পথ পরিক্রমা অত্যন্ত কঠিন ও সীমাহীন কষ্টের। তা সত্ত্বেও তিনি অভিষ্ট লক্ষ্যে পৌঁছানোর চেষ্টা অব্যাহত রাখছেন। তিনি মানসিক দৃঢ়তা বৃদ্ধির জন্য জাতকের নানা ঘটনা জানতে শুরু করেন। জাতকে পারমী অনুশীলনের দৃষ্টান্তে তিনি এক কৃষক ও বানরের ঘটনা জানতে পারলেন।

ক. সুচিত্রা চাকমা পারমী অনুশীলনের জন্য কীভাবে নিজেকে প্রস্তুত করবেন? ৩

খ. উদ্দীপকের পারমী অনুশীলনের দৃষ্টান্তটি একটি প্রবাহ চিত্রের মাধ্যমে উপস্থাপন কর। ৫

৪. সুকুমার বড়ুয়া একজন জ্ঞান পিপাসু। তিনি নিয়মিত লাইব্রেরিতে গিয়ে বই পড়েন। বিশেষ করে অভিধর্ম পিটকের সব বই তার পড়া। মাঝে মাঝে তিনি QR Code ব্যবহার করে ইন্টারনেট থেকেও বই পড়ে থাকেন। অভিধর্ম পিটকের মূল প্রতিপাদ্য বিষয় সম্পর্কে তার স্পষ্ট ধারণা রয়েছে। এখন তার প্রত্যাশা অন্যদেরকেও এ বইগুলো পড়তে আগ্রহী করে তোলা।

ক. অভিধর্ম পিটকের মূল প্রতিপাদ্য বিষয় ব্যাখ্যা কর। ৩

খ. উদ্দীপকে উল্লিখিত পিটকের ভাগ, পুস্তকের সংখ্যা, নাম ও প্রতিটি পুস্তকের নির্দেশিত একটি করে শিক্ষণীয় উপদেশ নিয়ে একটি কনসেপ্ট ম্যাপ তৈরি কর। ৫

৫. সম্প্রতি অতিবর্ষণ ও পাহাড়ি ঢলের কারণে দেশের পূর্বাঞ্চলের অনেকগুলো জেলায় ভয়াবহ বন্যা হয়েছে। বন্যার্তদের দুর্ভোগ ও দুর্দশা দেখে কাকলী উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণির শিক্ষার্থীরা তাদের টিফিনের টাকা ও মা-বাবার নিকট থেকে অর্থ ও ত্রাণসামগ্রী সংগ্রহ করে। প্রধান শিক্ষক মহোদয়ের অনুমতিক্রমে ২জন শিক্ষকের তত্ত্বাবধানে তারা বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ করতে যায়। বন্যার্তদের দুর্ভোগ, দুর্দশা ও কষ্ট দেখে তারা খুবই মর্মাহত হলো। তাদের জন্য আরও কিছু করার জন্য তারা মনঃস্থির করলো। বিদ্যালয়ে যেয়ে তারা ত্রাণ সামগ্রী করার জন্য একটি একাত্মতা কর্নার স্থাপন করতে উদ্যোগী হলো।

ক. কাকলী উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের বন্যার্তদের জন্য যে মনোভাবটি ফুটে উঠেছে তা বর্ণনা কর। ৩

খ. একটি একাত্মতা কর্নার স্থাপন করে ত্রাণ সংগ্রহ ও সুষ্ঠুভাবে তা বিতরণ করার পদ্ধতি সম্পর্কে কাকলী উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদেরকে পরামর্শ দাও। ৫

৬. অংসাপ্রু মারমার বিহারে নতুন একজন ভিক্ষু এসেছে। একদিন সন্ধ্যা বেলা তার সাথে ভিক্ষুর দেখা হয়। বন্দনাপূর্বক সে তার ভালো-মন্দ জানতে আগ্রহ প্রকাশ করলে তিনি বেশি কথা না বলে শুধু বলেন আমি আবাল্য ব্রহ্মচারী। অংসাপ্রু বাড়িতে এসে তার মাকে ভন্তের কথা বললেন। মা তাকে শ্রমণ এবং ভিক্ষু কীভাবে হয় তা জানালেন।

ক. প্রব্রজ্যিত না হয়ে কি ভিক্ষু হওয়া যায়? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৩

খ. অংসাপ্রুর মায়ের প্রদত্ত তথ্যানুসারে উপসম্পদা অনুষ্ঠানের জন্য যে সকল নিয়মাদি পালন করতে হয় ধারাবাহিকভাবে তা লিখ। ৫

৭. অংচাই মারমা তার বন্ধু সুজন বড়ুয়াকে বলল-সহযোগিতার মনোভাব একটি বড় গুণ। মানুষ হয়ে একে-অপরকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়া উচিত। বুদ্ধ কেবল মানুষের কল্যাণের কথা চিন্তা করেননি, সব প্রাণীর জন্য মঙ্গল কামনা করেছেন। সকলের প্রতি সমভাবাপন্ন আচরণ করা আবশ্যক।

ক. যেখানে পূণ্য বেশি সেখানেই কি শুধু দান দিতে হবে? তোমার মতামত দাও। ৩

খ. সহমর্মিতা সম্পর্কে অন্যান্য ধর্মে কী বলা হয়েছে? কীভাবে তা নিজ জীবনে প্রয়োগ করবে? ৫

**ক বিভাগ :** বহুনির্বাচনি প্রশ্নের উত্তর

| | | | |
|---|---|---|---|
| ১ | খ | ৯ | ক |
| ২ | ক | ১০ | ঘ |
| ৩ | গ | ১১ | ক |
| ৪ | ঘ | ১২ | ঘ |
| ৫ | ঘ | ১৩ | খ |
| ৬ | ঘ | ১৪ | ক |
| ৭ | গ | ১৫ | ঘ |
| ৮ | ক | | |

**খ বিভাগ : এক কথায়/অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর**

| | |
|---|---|
| ১ | শ্রাবক বুদ্ধগণ ভবিষ্যতে সম্যক সম্বুদ্ধ হবেন। |
| ২ | বুদ্ধত্ব অর্জনের আগের স্তর হল বোধিসত্ত্ব। |
| ৩ | যাঁরা স্বীয় কর্মপ্রচেষ্টায় আত্মমুক্তির সাধনায় পূর্ণতা অর্জনে প্রতিষ্ঠা লাভ করে তাঁরই প্রত্যেক বুদ্ধ। |
| ৪ | প্রথম প্রব্রজ্যা গ্রহণকারীকে শ্রমণ বলে। |
| ৫ | জাগতিক সংসার দুঃখ থেকে মুক্তি লাভ করে নির্বাণ লাভ করাই হলো প্রব্রজ্যার অন্যতম উদ্দেশ্য। |
| ৬ | প্রব্রজ্যা প্রার্থীকে প্রথমে ত্রিশরণসহ পঞ্চশীল গ্রহণ করতে হয়। |
| ৭ | পারমী অর্থ পূর্ণতা। |
| ৮ | মানুষের সকল গুণ সম্ভারের উৎস শীল পারমী। |
| ৯ | অভিধর্ম পিটকের কথাবুত্থু গ্রহণের মৌলিক বিষয়বস্তু বৌদ্ধধর্ম দর্শন। |
| ১০ | অভিধর্ম পিটকের মুল প্রতিপাদ্য বিষয় চারটি। |

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

বিষয়: খ্রীষ্টধর্ম শিক্ষা

শ্রেণি: নবম

**# প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা:**

**# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪ (সিলেবাস):**

**# মূল্যায়ন কাঠামো:**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**# শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work) | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প/প্রতিবেদন উপস্থাপন (Inventory Work, Project Proposal, Report Presentation) | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) | ১০ |
| **মোট** | **৩০** |

**# সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

অভীক্ষার ধরন: লিখিত পূর্ণমান: ১০০ সময়: ৩ ঘন্টা

| ক্রম | আইটেমের নাম | | প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | |
| ২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২×১০=২০ | |
| ৩ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটবিহীন) | | ৫ | ৩ | ৫×৩=১৫ | |
| ৪ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপট নির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ | ৫ | ৮×৫=৪০ | |
| | | | | মোট | ১০০ | |

**# কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন:**

**# রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপট নির্ভর) একটি প্রশ্নের রুব্রিক্স ও মডেল উত্তর:**

**# বহুনির্বাচনি প্রশ্নের উত্তর:**

## বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪ (সিলেবাস)

শ্রেণি: ৯ম

| অঞ্জলি | উপহার | পৃষ্ঠা নং |
|---|---|---|
| অঞ্জলি ২ | উপহার ২৮-৩৬ | ৩৯-৪৮ |
| অঞ্জলি ৩ | উপহার ৩৭-৫৬ | ৫১-৮৭ |

## শিখনকালীন মূল্যায়ন: এসাইনমেন্ট (নমুনা)

### শ্রেণি- ৯ম

**এসাইনমেন্ট:**

১। বন্ধুরা মিলে একটি সেবামূলক সংগঠন তৈরি করবে। সমাজে তোমাদের দ্বারা সেবামূলক কাজগুলি দিনলিপি/জার্নালে লিখে রাখবে। সেবাকাজগুলির চিত্র,সেবাগ্রহণকারীর মন্তব্য ইত্যাদি সংগ্রহ করে সাংগঠনিকভাবে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন তৈরি করে সংরক্ষণ করবে। এক সপ্তাহ পর শ্রেণি শিক্ষকের কাছে জমা দিবে। উপহার- (৪১-৪১), পৃষ্ঠা- ৬৪

২। ঈশ্বরের সৃষ্ট প্রকৃতির সুরক্ষায় তোমার নিজ বাড়ি, পাড়া, মহল্লা/বিদ্যালয়ে বৃক্ষরোপন করে তার একটি ছবি শিক্ষককে প্রদান করতে হবে। তুমি যে বৃক্ষরোপন করবে তার একটি সিট তৈরি করে শিক্ষকের কাছে জমা দিতে হবে।

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

বিষয়: খ্রীষ্টধর্ম শিক্ষা

শ্রেণি: **৯ম**

**নমুনা প্রশ্ন**

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান- ১০০

**ক-বিভাগ**

**বহুনির্বাচনি প্রশ্ন: সঠিক উত্তরটি খাতায় লিখ (১৫টির উত্তর দিতে হবে।) ১x১৫=১৫**

১। নতুন পরিবার গঠনের জন্য কে সাহায্য করেন?

ক) মা-বাবা খ) ঠাকুরদাদা-ঠাকুরমা গ) আত্মীয়-স্বজন ঘ) পাড়াপ্রতিবেশীরা

২। স্বামীরা স্ত্রীদের কতটুকু ভালোবাসবে ?

ক) নিজের মত খ) নিজের চেয়ে কম খ) নিজের চেয়ে বেশি ঘ) স্ত্রীর চাহিদা অনুযায়ী

৩। শিষ্যরা কাকে বার্ণবা বলে ডাকত?

ক) মথি খ) পিতর গ) যোষেফ ঘ) থদ্দেয়

৪। মিস এলেন আর্ণল্ডকে কাইজার-ই-হিন্দ পুরস্কার দেওয়া হয়েছিল কেন?

ক) মানবসেবায় খ) চিকিৎসাসেবায় গ) শিক্ষায় ঘ) ঔষধ আবিষ্কার

**নিচের বাক্যগুলো পড়ে ৫ নং প্রশ্নের উত্তর দাও।**

উইলিয়াম কেরী খ্রীষ্টধর্মপ্রচারে জন্য ভারতবর্ষে আসেন। সেখানে অভাবের তাড়নায় বিনা চিকিৎসায় তার স্ত্রী ও দুই পুত্র মৃত্যুবরণ করে। শত কষ্টের মধ্যেও তিনি জীবনের শেষ দিন পর্যন্ত খ্রীষ্টের সেবা করে গিয়েছেন।

৫। উইলিয়াম কেরীর মত নিচের কোন ব্যক্তি খ্রীষ্টের জন্য কষ্ট স্বীকার করেছেন?

ক) পিতর খ) যাকোব গ) পৌল ঘ) যোহন

৬। ধনী বাবার শিক্ষিত ছেলে হওয়া সত্ত্বেও সাধু পৌল যীশুর জন্য অত্যাচার ও কষ্ট ভোগ করেছেন-

ক) ধার্মিক হওয়া জন্য খ) পুরস্কার লাভের জন্য গ) ঈশ্বরের রাজ্য বিস্তার করতে ঘ) স্বর্গে যাওয়ার জন্য

৭। মিস আর্ণল্ড বাংলাদেশে এসেছিলেন কেন?

ক) বেড়াতে খ) সরকারি কাজে গ) উচ্চ শিক্ষার জন্য ঘ) দরিদ্র মানুষের সেবা করতে

৮। সন্তানেরা মা-বাবার উপদেশ ও শিক্ষা গ্রহণ করলে মানুষ তাদের মধ্যে কী দেখবে?

ক) সৌন্দর্য  খ) সাফল্য  গ) গৌরব  ঘ) তাদের সুন্দর দিকগুলো

৯। মহান ব্যক্তিগণ নিজের সুখ ত্যাগ করে অন্যের কল্যাণ চিন্তা করেন কেন?

ক) যীশুকে ভালোবাসেন বলে  খ) প্রশংসা পাওয়ার জন্য

গ) মহৎ হবেন বলে  ঘ) সেবার মধ্য দিয়ে ঈশ্বরের সেবা করতে চান

১০। যীশুকে অনুসরণ করতে হলে কী ত্যাগ করতে হবে?

ক) মা-বাবাকে  খ) নিজের দেশ  গ) সম্পদের মোহ  ঘ) আত্মীয়-স্বজন

১১। ফাদার চার্লস জে. ইয়াং কোন সংঘের ফাদার ছিলেন?

ক) পিমে  খ) পবিত্র ক্রুশ  গ) অবলেট  ঘ) ফ্রান্সিসকান

১২। ২০১৮ সালে গ্রেটা কোন বিষয়ে রচনা লিখে পুরস্কার পান?

ক) পরিবেশ খ) পরিবেশ দূষণ গ) জলবায়ু পরিবর্তন ঘ) কার্বন নিঃসরণ

১৩। প্রকৃতির সুরক্ষার বিষয়ে গ্রেটার দাবি কয়টি ?

ক) ২  খ) ৩  গ) ৪  ঘ) ৫

১৪। গ্রেট থুনবাগ আন্দোলন করেছেন-

ক) শিশুদের রক্ষা খ) যুদ্ধ বন্ধ  গ) সকলের জন্য শিক্ষা নিশ্চিত ঘ) জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব রুখতে

১৫। পোপ ফ্রান্সিস লাউ দাত্তো সি বইয়ে মানুষকে কোন বিষয়ে সচেতন করতে চেয়েছেন?

ক) স্বাস্থ্যসেবার অধিকার  খ) সেবা কাজের অধিকার  গ) পরিবেশ দূষণ রোধ  ঘ) মৌলিক অধিকার

**এক কথায় উত্তর লিখ: (১০টির উত্তর দিতে হবে।)**  **১x১০=১০**

১। খ্রীষ্ট মণ্ডলীর প্রধান কে?
২। বার্ণবার বাড়ি কোথায়?
৩। ২০১৯ সালে কোন ম্যাগাজিন গ্রেটাকে বর্ষসেরা ব্যক্তিত্ব হিসেবে ঘোষণা দেয়?
৪। মোশির আইন-কানুন ও ভাববাদিদের (নবীদের) শিক্ষার মূল কথা কী?
৫। ফাদার চার্লস জে. ইয়াং কানাডায় কোন বিষয়ে পড়াশুনা করেছেন?
৬। ‘কারিতাস বাংলাদেশ’ পূর্বে কী নামে পরিচিত ছিল?
৭। ১৯৫৫ সালে কোথায় সমবায় ঋণদান সমিতির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছিল?
৮। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে ফাদার চার্লস জে. ইয়াং কাদের পুনর্বাসন করেছেন?
৯। অর্থ সাহায্য দিয়ে অভাবী মানুষের ভাগ্য পরিবর্তন করা যায় না কেন?
১০। পবিত্র বাইবেলে স্বামী ও স্ত্রীর সম্পর্ককে কিসের সাথে তুলনা করা হয়েছে?

## খ-বিভাগ

**সংক্ষিপ্ত প্রশ্ন: (১০টির উত্তর দিতে হবে।)** **১০ x ২ = ২০**

১। মানুষের প্রতি সহমর্মিতা বলতে কী বুঝায়?

২। পবিত্র বাইবেল থেকে সহমর্মিতা বিষয়ে একটি পদ লিখ।

৩। সম্পদশালী প্রেরিত শিষ্যরা কীভাবে ত্যাগ ও সেবার মনোভাব প্রকাশ করতো?

৪। ফাদার চার্লস ধান ব্যাংকের মাধ্যমে কী করতেন?

৫। মিস এলেন কুচুলিয়া বিলের কৃষকদের কীভাবে সাহয্য করতেন?

৬। প্রকৃতি ধ্বংসের জন্য দায়ী ব্যক্তিদের ঈশ্বর শাস্তি দিবেন কেন?

৭। গ্রেটা থানবার্গ যুক্তরাষ্ট্র যাওয়ার জন্য বিমানে চড়তে চায়নি কেন?

৮। প্রকৃতি ধ্বংসের জন্য রাষ্টপ্রধান ও রাজনীতিবিদগণ দায় কেন?

৯। ‘মা-বাবার উপদেশ ও শিক্ষা গ্রহণ করলে সন্তানদের জীবন কীভাবে সুন্দর হবে?

১০। মা-বাবা কেমন সন্তানদের উপর খুশি হন?

## গ-বিভাগ

**রচনামূলক: (প্রেক্ষাপটবিহীন, ৫ টি প্রশ্নের ৩টির উত্তর দিতে হবে)** **৫x৩ = ১৫**

১। যীশুর প্রতি ভালোবাসার জন্য সাধু পৌলের কষ্টভোগের বর্ণনা দাও।

২। তোমার চারপাশের ৫টি সমস্যা চিহ্নিত করে বাইবেলের শিক্ষা অনুসারে সমাধানের উপায় ব্যাখ্যা কর।

৩। ‘একাত্মতা কর্নার’ এর মাধ্যমে তোমরা কীভাবে অন্যের প্রতি সদয় ও সহমর্মী হতে পারো তা ব্যাখ্যা করো।

৪। সাধু পৌল কেনো কষ্ট ভোগ করেছেন? ব্যাখ্যা করো।

৫। আমরা কেনো ঈশ্বরের সৃষ্টিকে ভালোবাসবো ও যত্ন করবো?

## ঘ-বিভাগ

**রচনামূলক: (প্রেক্ষাপট নির্ভর, ৭ টি প্রশ্নের ৫ টির উত্তর দিতে হবে)** **৮x৫ = ৪০**

**১।** রীতার পরিবারে সবার মধ্যে সুসম্পর্ক আছে। তার মা-বাবা পরস্পরকে ভালোবাসে এবং সম্মান করে। রীতা মা-বাবার কথা শুনে এবং বিভিন্ন কাজে সাহায্য করে। সে ঘর ঝাড়ু দেয়, সবজি কাটে এবং বইপত্র গুছিয়ে রাখে। মা রান্না করেন এবং সবার যত্ন নেন। তার বাবা মিঃ প্রভাত অফিসে কাজ করেন এবং ছুটির দিনে পরিবারের জন্য বাজার করেন। তারা সবাই পরস্পরের উপর নির্ভরশীল।

ক) রীতার কাজে পাঠ্যপুস্তকের কোন বিষয়টি ফুটে উঠেছে ব্যাখ্যা কর। ৩

খ) মিঃ প্রভাতের কাজগুলো পবিত্র বাইবেলের শিক্ষার আলোকে বিশ্লেষণ করো। ৫

**২।** পায়েলদের গ্রামে অনেক গাছপালা ও নানা রকম পাখি ছিল। কিন্তু যতই দিন যাচ্ছে গাছপালার সংখ্যা কমে যাচ্ছে এবং পাখির গান আর শোনা যায় না। বৃষ্টির অভাবে দিন দিন গরম বাড়ছে। পরিবেশের এ বিপর্যয় উপলব্ধি করে পায়েল তার প্রতিবেশিদের নিয়ে গ্রামে বিভিন্ন বৃক্ষরোপন করলো। অন্যদিকে পায়েলের বন্ধুরা গ্রামের পাশে অবস্থিত ইটের ভাটা বন্ধের জন্য উপজেলা প্রশাসনের সামনে মানব বন্ধন করে। তাদের মধ্যে ইটভাটার কার্বন মিশ্রিত কালো ধোঁয়ার কারণে গ্রামের বড় বড় গাছপালা ধ্বংস এবং কৃষি জমি হুমকির সম্মখিন হচ্ছে। ফলে তরুনদের পরিবেশগত ভবিষ্যৎ ঝুঁকির মধ্যে পড়বে।

ক) পায়েলের বন্ধুদের কর্মকাণ্ডের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন আন্দোলনকারীর সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

খ) পায়েল ও তার প্রতিবেশীদের কর্মকাণ্ডটি পবিত্র বাইবেলের আলোকে বিশ্লেষণ কর। ৫

**৩।** মি. জেভিয়ার একজন সমাজসেবক। তিনি সমাজের যেকোনো প্রয়োজনে স্বেচ্ছায় এগিয়ে আসেন। অন্যের কষ্ট দূর করতে নিজের সুখ ত্যাগ করেন। দরিদ্র জনগণের অভাব দূর করার জন্য তিনি সমবায় সমিতি প্রতিষ্ঠা করেছেন। দরিদ্র শিক্ষার্থীদের জন্য বিনামূল্য বই ও খাতা বিতরণ করেন। ধনী ব্যক্তিদের কাছ থেকে তহবিল সংগ্রহ করে গৃহহীনদের জন্য ঘর তৈরি করে দেন। তিনি তার বন্ধু মিঃ পিটারের কাছে তার এসব কাজে সহযোগিতা চেয়েছিলেন। কিন্তু মি. পিটার বলেছেন যে তার সময় নেই যেহেতু তার নিজের যথেষ্ট কাজ আছে।

ক) মি. পিটারের মনোভাবে যে বিষয়টি ফুটে উঠেছে তা বাইবেলের শিক্ষার আলোকে ব্যাখ্যা করো। ৩

খ) মি. জেভিয়ারের কর্মকাণ্ড তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৫

**৪।** মিসেস কবিতা ধনী ও উচ্চ শিক্ষিতা হয়েও প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের অশিক্ষা ও অভাব দূর করতে শিক্ষা ও আয় উপার্জনকারি কর্মসূচী পরিচালনা করেন। এ কাজ করতে গিয়ে বিভিন্ন বাধার সম্মুখীন হয়েও তিনি থেমে থাকেননি। গ্রামের কয়েকজন প্রভাবশালী ব্যক্তি তার কাজে নানাভাবে অসহযোগিতা করলো। কিন্তু তিনি আরো উৎসাহিত হয়ে এসব সেবামূলক কাজের সাথে সাথে যীশু খ্রীষ্টের সেবা ও ভালোবাসার কথা প্রচার করতে থাকেন।

ক) প্রভাবশালী ব্যক্তিদের আচরণ তোমার পাঠ্যবইয়ের যে বিষয়টি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

খ) মিসেস কবিতার কর্মকাণ্ড পবিত্র বাইবেলের আলোকে বিশ্লেষণ করো। ৫

৫। সিস্টার নীলা একজন নিবেদিতপ্রাণ নার্স। তিনি হাসপাতালে রোগীদের জন্য অক্লান্ত পরিশ্রম করেন। গরিব ও নিরক্ষর রোগীদের বিশেষভাবে যত্ন নেন। তাদের হাসপাতালে ভর্তি হতে সাহায্য করেন। ঔষধ খাওয়ার নিয়ম সহজভাবে বুঝিয়ে দেন। হাসপাতালের অন্য নার্সগণ রোগীদের অযত্ন ও অবহেলা করেন। তারা রাতে ডিউটির সময় নার্সরুমে ঘুমিয়ে থাকেন। কোনো রোগী ডাকলে বিরক্ত হন। সিস্টার নীলা তার সহকর্মী

নার্সদের প্রায়ই বলেন, 'ভালোবাসা দিয়ে রোগীদের সেবা করতে হয়'। কিন্তু তারা তা না শুনে রোগীদের সাথে খারাপ ব্যবহার করে।

ক) সিস্টার নীলার কাজের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন মনীষীর সাদৃশ্য আছে তা ব্যাখ্যা করো। ৩
খ) সিস্টার নীলার সহকর্মীদের কাজের পরিণতি যীশুর শিক্ষার আলোকে বিশ্লেষণ করো। ৫

৬। সেন্ট উইস উচ্চ বিদ্যালয়ের শিক্ষকগণ ও শিক্ষার্থীরা অসহায়, অভাবী ও গরীবদের সাহায্য করার জন্য তারা সবাই মিলে 'সম্প্রীতি সংঘ' গড়ে তুলল। এ সংঘের সদস্যরা নিজের সাধ্যমত টাকা, খাদ্যদ্রব্য, বই-খাতা, কলম-পেন্সিল ইত্যাদি গরীব ও অসহায় শিক্ষার্থীদের দান করে। কিন্তু কয়েকজন অভিভাবক তাদের কাজে সহযোগিতা না করে দুর্নাম রটাতে শুরু করলো।

ক) প্রেক্ষাপটের শিক্ষার্থীদের কাজের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন বিষয়টির সাদৃশ্য আছে তা ব্যাখ্যা করো। ৩
খ) অভিভাবকের কার্যক্রমের পরিণতি পবিত্র বাইবেলের আলোকে বিশ্লেষণ ব্যাখ্যা করো। ৫

৭। এক মাস আগে তুমি ও তোমার বন্ধুরা এলাকায়, বিদ্যালয়ে ও ধর্মপল্লীতে/চার্চে যেসব কল্যাণমূলক কাজ করেছো তার উপর একটি প্রতিবেদন তৈরি করো। প্রতিবেদন লেখার নমুনা দেওয়া হলো—শিরোনাম, কল্যাণমূলক কাজের তালিকা, কাজের বর্ণনা, তোমার অনুভূতি, কাজের মাধ্যমে যীশুর শিক্ষার প্রতিফলন। ৩+৫

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

বিষয়: খ্রীষ্টধর্ম শিক্ষা

শ্রেণি: **৯ম**

নমুনা প্রশ্ন (রুব্রিক্স)

**ঘ-বিভাগ– রচনামূলক (প্রেক্ষাপট নির্ভর)**

| **প্রশ্ন** | **নম্বর** | **শিক্ষার্থীরা পারবে** |
|---|---|---|
| ২ (ক) | ৩ | গ্রেটা থুনবার্গের কর্মকান্ড সম্পর্কে ব্যাখ্যা করে প্রেক্ষাপটের সাথে সম্পর্ক স্থাপন করতে |
| | ২ | গ্রেটা থুনবার্গের কর্মকান্ড সম্পর্কে ব্যাখ্যা করতে |
| | ১ | গ্রেটা থুনবার্গের লিখতে |
| ২ (খ) | ৫ | প্রকৃতির সুরক্ষা ধারণাটি ব্যাখ্যাপূর্বক প্রেক্ষাপটের সাথে সম্পর্ক স্থাপন করে সম্পূর্ণভাবে বিশ্লেষণ করতে |
| | ৪ | প্রকৃতির সুরক্ষা ধারণাটি ব্যাখ্যাপূর্বক প্রেক্ষাপটের সাথে সম্পর্ক স্থাপন করে আংশিকভাবে বিশ্লেষণ করতে |
| | ৩ | প্রকৃতির সুরক্ষা ধারণাটি ব্যাখ্যাপূর্বক প্রেক্ষাপটের সাথে সম্পর্ক স্থাপন করতে |
| | ২ | প্রকৃতির সুরক্ষা ধারণাটি ব্যাখ্যা করতে |
| | ১ | প্রকৃতির সুরক্ষা লিখতে |

# # নবম শ্রেণি

| **বহুনির্বাচনি প্রশ্নের উত্তর** | **এককথায় উত্তর-** |
|---|---|
| ১। ক) মা-বাবা<br>২। খ) নিজের মতো<br>৩। গ) যোষেফ<br>৪। খ) চিকিৎসা<br>৫। গ) পৌল<br>৬। গ) ঈশ্বরের রাজ্য বিস্তার করতে<br>৭। ঘ) দরিদ্র মানুষের সেবা করতে<br>৮। ঘ) তাদের সুন্দর দিকগুলো<br>৯। ঘ) মানুষকে সেবা করার মধ্য দিয়ে অন্যের সেবা করতে চান<br>১০। গ) সম্পদের মোহ<br>১১। খ) পবিত্র ক্রুশ<br>১২। গ) জলবায়ু পরিবর্তন<br>১৩। গ) ৪টি<br>১৪। ঘ) জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব রুখতে<br>১৫। গ) প্রকৃতি পরিবেশ রক্ষায় মানুষের দায়িত্ব | ১। যীশুখ্রীষ্ট হলেন খ্রীষ্ট মণ্ডলীর প্রধান।<br>২। বার্ণবার বাড়ি সাইপ্রাস দ্বীপে ছিলো।<br>৩। টাইম ম্যাগাজিন গ্রেটাকে বর্ষসেরা ব্যক্তিত্ব হিসেবে ঘোষণা দেয়।<br>৪। মোশির আইন-কানুন ও ভাববাদীদের শিক্ষার মূল কথা, "তোমরা অন্য লোকদের কাছ থেকে যে রকম ব্যবহার পেতে চাও, তাদের সংগে সেই রকম ব্যবহার করো"।<br>৫। তিনি কানাডায় সমবায় সমিতির উপর পড়াশোনা করেছেন।<br>৬। 'কারিতাস বাংলাদেশ'এর পূর্বনাম ছিলো 'কোর'।<br>৭। পুরানো ঢাকার লক্ষ্মীবাজারে।<br>৮। মুক্তিযুদ্ধে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন করেন।<br>৯। মানুষ নিজে অর্থ উপার্জন করতে উৎসাহিত হয় না।<br>১০। যীশুখ্রীষ্ট ও মণ্ডলীর সম্পর্কের সাথে তুলনা করা হয়েছে। |

# শিখনকালীন ও বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

বিষয়: ইতিহাস ও সামাজিক বিজ্ঞান

শ্রেণি: নবম

**(ক) বার্ষিক পরীক্ষার সংক্ষিপ্ত পাঠ্যসূচি**

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | রাজনৈতিক কাঠামো ও নাগরিক দায়িত্ব | ৪৯-৭৩ |
| ০২ | বাংলা অঞ্চল ও বাংলাদেশ :<br>রাজনৈতিক ইতিহাসের বৈচিত্র্যময় গতিপথ | ৯৩-১১৪ |
| ০৩ | ব্যক্তি জীবনে সামাজিক কাঠামো | ১১৫-১২৪ |
| ০৪ | মিলেমিশে নিরাপদে বসবাস। | ১২৫-১৫৬ |
| ০৫ | সম্পদের উৎপাদন , বন্টন ও সমতার নীতি। | ১৫৭-১৮৩ |

## (খ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

## (গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন (i) সামষ্টিক মূল্যায়ন

অভীক্ষার ধরন: লিখিত; পূর্ণনম্বর : ১০০

| প্রশ্নের ধরন | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| বহুনির্বাচনি (MCQ) ও এককথায় উত্তর (১৫+১০)=২৫ | ২৫ টি | ২৫ | ৩০ মিনিট |
| সংক্ষিপ্ত প্রশ্ন (Short question) | ১০টি | ১০×২=২০ | ২.৩০ মিনিট |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) Essay type question (Without situation) | ৩টি | ৩×৫=১৫ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) Essay type question (situational) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে (৩+৫ = ৮) | ৫টি | ৫*৮=৪০ | |
| মোট | | ১০০ | ৩ ঘন্টা |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

## (ii) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ/ পোস্টার বা দেয়াল পত্রিকা (Assignment/Practical work) সংক্ষিপ্ত পাঠ্যসূচির যেকোন শিখন অভিজ্ঞতা থেকে শ্রেণিশিক্ষক তার পছন্দ অনুসারে বাছাই করে দিতে পারেন অথবা শিক্ষক সহায়িকা অনুসরণ করে নিজে শিক্ষার্থীদের নির্দেশনা দিতে পারেন। | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (inventory work, project proposal, report presentation) এই কাজটি করার জন্য পাঠ্যবইয়ের ১১৬ পৃষ্ঠাসহ নির্ধারিত অভিজ্ঞতাগুলো অনুসরণ করা যেতে পারে। | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) এই কাজটি করার জন্য পাঠ্যবইয়ের ৫১, ৫২, ৫৩, ১১৪ পৃষ্ঠাসহ নির্ধারিত অভিজ্ঞতাগুলো অনুসরণ করা যেতে পারে। | ১০ |

| এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই প্রশ্নপত্রের আলোকে এই বিষয়ে আপনি স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন । |
|---|
| কোনক্রমেই নমুনা প্রশ্নপত্র হবহু ব্যবহার করা যাবে না। |

**ইতিহাস ও সামাজিক বিজ্ঞান**
**৯ম শ্রেণি**
**বহুনির্বাচনি প্রশ্ন**

**পূর্ণমান: ১৫**

**১. দ্বিতীয় বিশ্বযুদ্ধে অক্ষ শক্তির দেশগুলো কোনটি?**
ক) জার্মানি, ইতালি, জাপান
খ) ব্রিটেন, রাশিয়া, যুক্তরাষ্ট্র
গ) ফ্রান্স, চীন, ভারত
ঘ) পোল্যান্ড, ক্রোয়েশিয়া, সুইজারল্যান্ড

**২. দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলে ইউরোপে-**
ক) ব্যাপকহারে শিশুদের মৃত্যু হয়
খ) জার্মানী ও তুরস্কের শক্তি খর্ব হয়
গ) নারীর ক্ষমতায়ন ও অধিকার প্রতিস্থিত হয়
ঘ) মারণাস্ত্রের সংখ্যা হ্রাস পায়

**৩. জাতিসংঘ সনদের মৌলিক নীতি কোনটি?**
ক) আন্তর্জাতিক শান্তি বজায় রাখা
খ) অর্থনৈতিক ও সামাজিক সমস্যা সমাধান করা
গ) আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি করা
ঘ) অন্য রাষ্ট্রের ভৌগোলিক অখন্ডতার প্রতি শ্রদ্ধাশীল থাকা

**৪. ১৯৯৯ সালে প্রথম কোন কৃত্রিম উপগ্রহটি উৎক্ষেপণ করা হয়?**
ক) টেরা
খ) স্পুটনিক-১
গ) এক্সপ্লোরার-১
ঘ) স্পাই স্যাটেলাইট

**৫. কারা বাংলা অঞ্চলে নতুন রাজ্য প্রতিষ্ঠার নেতৃত্ব দিয়েছিলেন?**
ক) পার্শ্ববর্তী রাজ্যের রাজারা
খ) নিজ রাজ্যের সেনাপতি
গ) পার্শ্ববর্তী রাজ্যের প্রজারা
ঘ) বাইরের অঞ্চল থেকে আসা যোদ্ধারা

**নিচের প্রেক্ষাপটটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**

| বিদ্রোহ | সংগঠক |
|---|---|
| A | মৎসজীবী সম্প্রদায় |
| B | ফকির সন্ন্যাসী |
| C | প্রান্তিক কৃষক ও রায়ত |

**৬. প্রেক্ষাপটে A বিদ্রোহটি কী নামে পরিচিত?**
ক) সিপাহী বিদ্রোহ খ) নীলকর বিদ্রোহ
গ) ফরায়েজি আন্দোলন ঘ) কৈবর্ত বিদ্রোহ

**৭. প্রেক্ষাপটের B ও C উভয় বিদ্রোহটি সংঘটিত হওয়ার কারণ-**
ক) দুর্বল রাজশক্তির অদক্ষ শাসন ব্যবস্থা
খ) ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির শোষণের বিরুদ্ধে প্রতিবাদ
গ) সাংস্কৃতিক ও বুদ্ধিবৃত্তিক মৌলিক পরিবর্তনের জন্য
ঘ) দুর্ভিক্ষের ফলে খাদ্যাভাব পূরণের জন্য

**৮. কোনটি বৈশ্যদের কাজ?**
ক) অধ্যয়ন-অধ্যাপনা
খ) দেশ রক্ষা
গ) ব্যবসা বাণিজ্য
ঘ) কৃষি কাজ করা

**৯.চারণ ভূমির বৈশিষ্ট্য কোনটি?**
ক) শুধু গবাদি পশুর খাদ্য হিসেবে ব্যবহার করা হয়
খ) মানুষের বসবাস করার জন্য ব্যবহার করা হয়
গ) গ্রাম হিসেবে ব্যবহার করা হয়
ঘ) কৃষি জমি হিসেবে ব্যবহার করা হয়

**১০. জনবসতি গড়ে ওঠার পেছনে কোনটি ব্যাপকভাবে প্রভাব বিস্তার করে?**
ক) যোগাযোগ
খ) ভূ-প্রকৃতি
গ) পশুপালন
ঘ) প্রতিরক্ষা

**নিচের প্রেক্ষাপটটি পড় এবং ১১ নং প্রশ্নের উত্তর দাও:**
আয়েশা আপা, শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বললেন, জিআইএস প্রযুক্তি ব্যবহারের ফলে মানুষের মধ্যে নানা ধরনের দৃষ্টিভঙ্গি গড়ে উঠে। যা বাস্তবভিত্তিক সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**১১. প্রেক্ষাপটে বর্ণিত দৃষ্টিভঙ্গির কাজ হলো-**
ক) ভৌগোলিক উপাত্ত সংরক্ষণ
খ) ভৌগোলিক তথ্যকে ব্যবহার্য তথ্যে রূপান্তর
গ) প্রাপ্ত তথ্যের স্থানিক বিস্তরণ
ঘ) মানচিত্র তৈরি, পরিবহন বা পরিবেশ ব্যবস্থাপনা

**১২. "অন্যান্য অবস্থা অপরিবর্তিত রেখে কোন নির্দিষ্ট সময়ে দাম কমলে চাহিদা বাড়ে এবং দাম বাড়লে চাহিদা কমে "এই বিধিটিকে কী বলে?**
ক) চাহিদা বিধি
খ) যোগানবিধি
গ) বিক্রয় বিধি
ঘ) ক্রয় বিধি

**১৩. যোগান সূচি এবং যোগান রেখার মধ্যে সম্পর্কের ক্ষেত্রে কোনটি সত্য নয়।**
ক) দাম বাড়লে সরবরাহ কমে
খ) দাম কমলে সরবরাহ কমে
গ) যোগান রেখা উর্ধ্বগামী এবং যোগান রেখার ঢাল ধনাত্মক
ঘ) দাম কমলে সরবাহ বাড়ে

**১৪. কর্মীদের বেতন বৈষম্য কমানোর উপায়-**
ক) সমান সুযোগ নীতি
খ) সামাজিক নিরাপত্তা জাল
গ) নূন্যতম মজুরি নীতি
ঘ) প্রগতিশীল কর ব্যবস্থা

**১৫. হাকিম ডকুমেন্টারি পড়ে জানলেন বর্তমানে পূর্ব আফ্রিকাতে গবাদিপশুর চারণভূমি উল্লেখযোগ্য পরিমাণে কমে যাচ্ছে। উক্ত চারণভূমি হ্রাসের কারণ —**

ক) অধিক পরিমাণে কৃষিজমি বৃদ্ধি
খ) রাস্তাঘাট নির্মাণ
গ) ভূমি ব্যবহারের পরিবর্তন
ঘ) ব্যাপক হারে পশু উৎপাদন

**এক কথায় উত্তর দাও ।**

**প্রশ্ন -১০ টি** **পূর্ণমান : ১০**

১. প্রথম বিশ্বযুদ্ধ কত সালে শুরু হয়েছিল?
২. “The War is own but not peace” উক্তিটি কার?
৩. এস্টেট অর্থ কি?
৪. জার্মানিতে নগরকে কী বলে?
৫.বাক স্বাধীনতা মানুষের কোন পর্যায়ের অধিকার?
৬. জাতিসংঘের একটি সংস্থা যার সদর দপ্তর ইতালির রোমে। সংস্থাটি-
৭. কত সালে জিআইএস এর প্রথম ব্যবহার শুরু হয়?
৮. বাঁশের কেল্লা শব্দটি কোন ব্যক্তির নামের সঙ্গে জড়িত?
৯.ছিয়াত্তরের মন্বন্তর সংগঠিত হয় কত সালে?
১০. অর্থনীতিতে চাহিদার শর্ত কয়টি?

**সংক্ষিপ্ত প্রশ্ন:**
**(পূর্ণমান-২০)**

১। সমাজ বিজ্ঞানী ম্যাক্স ওয়েবার-এর সামাজিক অসমতার দুইটি কারণ লিখ।
২। জিআইএস প্রযুক্তির কম্পিউটার নির্ভর দৃষ্টিভঙ্গি লিখ।
৩। ভূমি ব্যবহার পরিবর্তনের বায়োফিজিক্যাল কারণ লিখ।
৪। যোগান সূচি কাকে বলে?
৫। মজুরি বৈষম্য বলতে কী বুঝায়?
৬। কর নীতি কীভাবে আয় বৈষম্য কমাতে বা বাড়াতে পারে?
৭। স্থানীয় সরকার পরিচালনায় পৌরসভার ২টি কাজ লিখ।
৮। ছিয়াত্তরের মন্বন্তর কী?
৯। বঙ্গীয় রেনেসাঁ বলতে কী বুঝায়?
১০। নারী পুরুষ সমতা স্থাপনে আন্তর্জাতিক সনদটি লিখ।

**রচনামূলক প্রশ্ন: (প্রেক্ষাপটবিহীন)**
**ক-বিভাগ**

**পূর্ণমান-১৫** **প্রতিটি প্রশ্নের মান -০৫**

১। জেলা পরিষদের পাঁচটি প্রধান কাজ লিখ।

২। তিতুমীরের বাঁশের কেল্লা সাধারণ মানুষকে ইংরেজ শাসক গোষ্ঠীর বিরুদ্ধে কীভাবে সাহস জুগিয়ে ছিল? বর্ণনা দাও।

৩। সামাজিক গতিশীলতায় আন্তর্জাতিক "শিশু অধিকার সনদ" এর ভূমিকা ব্যাখ্যা করো ।

**রচনামূলক প্রশ্ন: (প্রেক্ষাপটনির্ভর)**
**খ-বিভাগ**
**পূর্ণমান-৪০**
**পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে (ক) ৩ + (খ) ৫ = ৮**

**১।**

| জাতিসংঘের সংস্থা | প্রতিষ্ঠাকাল |
|---|---|
| X | ২২ নভেম্বর, ১৯৬৫ সাল |
| Y | ১৪ ডিসেম্বর, ১৯৫০ সাল |
| Z | ১১ এপ্রিল, ১৯১৯ |

ক) প্রেক্ষাপটে জাতিসংঘের X চিহ্নিত সংস্থার কর্মকান্ড বর্ণনা কর।

খ) প্রেক্ষাপটে জাতিসংঘের Y ও Z সংস্থা দুটির মধ্যে বিশ্বের শরণার্থী ইস্যুতে কোন সংস্থাটির ব্যাপক অবদান রয়েছে? বিশ্লেষণ কর।

**২।** শাহিন আপা শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের প্রাচীন বাংলার জনপদ নিয়ে আলোচনা করছিলেন। শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বললেন, বাংলা অঞ্চলে এক ধরনের জনপদ গড়ে উঠেছিল শুধু বসবাসরত জনগোষ্ঠী থেকেই। অন্যদিকে তিনি বর্তমান ভারতের পশ্চিমবঙ্গের ভাগীরথী নদীর উভয় তীরের জনপদ নিয়ে বললেন। আলোচনাকালে তিনি আরও বললেন, বাংলার মেঘনা নদীর পূর্ব তীরে বাংলার দক্ষিণ পূর্বাংশের জনপদের কথা।

ক) প্রেক্ষাপটে কোন জনপদটি শুধু বসবাসরত জনগোষ্ঠীকে কেন্দ্র করে গড়ে উঠেছিল? বর্ণনা কর।

খ) প্রেক্ষাপটে ভাগীরথী নদীর তীরবর্তী ও মেঘনা নদীর তীরবর্তী জনপদ দুটির মধ্যে কোনটি জ্ঞান ও সংস্কৃতি চর্চার প্রধান কেন্দ্র? তুলনামূলক বিশ্লেষণ কর।

**৩।**

| বৈশ্বিক ভূমি ব্যবহারের পরিবর্তনের তথ্য সংগ্রহে ব্যবহৃত প্রযুক্তি | বৈশিষ্ট্য/কাজ |
|---|---|
| P | বৃহৎ এলাকার দীর্ঘ সময়ের পরিবর্তন অনুসন্ধান |
| Q | দূর থেকে কোন বস্তু সম্পর্কে তথ্য সংগ্রহের কৌশল |

ক) প্রেক্ষাপটে ভূমি ব্যবহারের পরিবর্তনে P প্রযুক্তিটির কাজ বর্ণনা কর।

খ) প্রেক্ষাপটে উল্লিখিত Q প্রযুক্তিটির ব্যবহার পূর্বে তাত্ত্বিক গবেষণায় সীমাবদ্ধ থাকলেও বর্তমানে প্রাত্যহিক জীবনে প্রযুক্তিটির প্রয়োজন অপরিসীম- তোমার মতামত দাও।

**৪। দৃশ্যকল্প ১:**

জাহিদ স্যার ক্লাসে শিক্ষার্থীর মানব বসতি নিয়ে আলোচনা কালে বললেন, বাংলাদেশের পার্বত্য অঞ্চলে বাঙালি অধ্যুষিত এলাকায় এক ধরনের বসতি আছে। এরকম বসতি অষ্ট্রেলিয়ার মরুভূমিতে স্বর্ণের খনি আবিষ্কৃত হওয়ার পরে গড়ে উঠেছিল।

**দৃশ্যকল্প ২:**

স্যার একই আলোচনায় পরবর্তী ক্লাসে বললেন, পৃথিবীতে আরো এক ধরনের বসতি আছে যেখানে কৃষিভিত্তিক অর্থনীতির পরিবর্তে শিল্প ও সেবা ভিত্তিক অর্থনীতিকে কেন্দ্র করে বসতি গড়ে উঠেছে।

ক) প্রেক্ষাপটে দৃশ্যকল্প-১ এ উল্লিখিত বসতিটির বর্ণনা দাও।

খ) প্রেক্ষাপটে উল্লিখিত দৃশ্যকল্প-২ এর বসতির অর্থনৈতিক সম্ভাবনা থাকলেও ঝুঁকিও অধিক – মতামত দাও।

**৫। প্রেক্ষাপট-১:** জব্বার সাহেব আশেপাশে ফেলে দেওয়া প্লাস্টিক জমিয়ে পুনরায় ব্যবহারযোগ্য করার জন্য একটি কারখানা গড়ে তোলেন। সেখানে অনেকের কর্মসংস্থানের সুযোগ করে দেন ও পরবর্তীতে তিনি লাভবান হন।

**প্রেক্ষাপট-২:** আকমল সাহেব ভোজ্যতেলের উৎপাদন বাড়িয়ে দিলেন। কারণ বাজারে হঠাৎ করেই ভোজ্যতেলের মূল্য বৃদ্ধি পেয়েছে। উৎপাদন বৃদ্ধির সাথে সাথে তিনি সংরক্ষণও শুরু করলেন।

ক) জব্বার সাহেবের কার্যক্রমটি কোন ধরনের? অর্থনীতির দৃষ্টিভঙ্গিতে যৌক্তিকতা নিরূপন কর।

খ) প্রেক্ষাপটে আকমল সাহেবের উৎপাদন ও সংরক্ষণ কার্যক্রমটি অর্থনীতির আলোকে বর্ণনা কর।

# নমুনা প্রশ্নের আলোকে নমুনা উত্তর

## ইতিহাস ও সামাজিক বিজ্ঞান

### নবম শ্রেণি

নৈর্ব্যক্তিক (MCQ) এর উত্তর

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|---|---|
| ১ | ক | ৬ | ঘ | ১১ | ঘ |
| ২ | গ | ৭ | খ | ১২ | ক |
| ৩ | ঘ | ৮ | গ | ১৩ | খ |
| ৪ | খ | ৯ | ক | ১৪ | ক |
| ৫ | ঘ | ১০ | খ | ১৫ | গ |

**এককথায় উত্তর দাও** ।

| প্রশ্ন নং | উত্তর |
|---|---|
| ১ | ১৯১৪ |
| ২ | আইনস্টাইন |
| ৩ | জমিদারি |
| ৪ | Stadt |
| ৫ | জন্মগত/মৌলিক অধিকার |
| ৬ | FAO |
| ৭ | ১৯৬০ |
| ৮ | তিতুমীর |
| ৯ | ১১৭৬ বঙ্গাব্দ |
| ১০ | তিনটি |

প্রেক্ষাপটনির্ভর রচনামূলক প্রশ্ন ১ নং এর ক নম্বর প্রদান রুব্রিক্স

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদানের নির্দেশিকা |
|---|---|---|
| প্রেক্ষাপটনির্ভর প্রশ্ন<br>১) ক.<br>প্রেক্ষাপটে জাতিসংঘের ক চিহ্নিত সংস্থার কর্মকান্ড বর্ণনা কর। | ৩ | প্রেক্ষাপটটি যথাযথভাবে বর্ণনা করতে পারলে |
| | ২ | প্রেক্ষাপটটি বর্ণনা করতে পারলেও আংশিক অপূর্ণতা থাকলে |
| | ১ | প্রেক্ষাপটটি বর্ণনা করতে পারলেও অতি সংক্ষিপ্ত হলে |
| | ০ | প্রদত্ত প্রশ্নের উত্তর না লিখতে পারলে/অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে |

বার্ষিক মূল্যায়ন-২০২৪
বিষয়: ডিজিটাল প্রযুক্তি
শ্রেণি: নবম

## (ক) প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা

১. এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম/সিলেবাসের মধ্যে থেকে বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।

২. ঘ-বিভাগে (প্রেক্ষাপট/দৃশ্যপট নির্ভর রচনামূলক প্রশ্ন) নমুনা হিসেবে প্রদত্ত প্রশ্ন হুবহু বার্ষিক পরীক্ষায় ব্যবহার করা যাবে না। তবে একই বিষয়বস্তু (Content) নিয়ে নতুন প্রেক্ষাপট/দৃশ্যপট তৈরি করে প্রশ্ন প্রণয়ন করা যেতে পারে।

৩. প্রতিটি প্রশ্ন (বিশেষ করে গ-বিভাগ ও ঘ-বিভাগ) প্রণয়নের ক্ষেত্রে প্রশ্নের নম্বর বিভাজন বিবেচনা করতে হবে। নিশ্চিত হতে হবে প্রশ্নের নম্বর বিভাজন অনুসারে শিক্ষার্থীর প্রশ্নের উত্তর দেওয়ার সুযোগ আছে কি না।

৪. কোনো প্রশ্নের উপস্থাপনা (প্রশ্ন অথবা দৃশ্যপট) এমন হবে না যার মাধ্যমে সমাজ বা রাষ্ট্রে নেতিবাচক প্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে।

৫. জ্ঞান, দক্ষতা ও সৃজনশীলতার সমন্বয়ে প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।

## (খ) নবম শ্রেণির বার্ষিক পরীক্ষার জন্য পাঠ্যক্রম/সিলেবাস

| ক্রমিক নম্বর | অধ্যায়/অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | শিখন অভিজ্ঞতা ২: সাইবার ঝুঁকি সম্পর্কে জানি, তথ্য নিরাপত্তা নিশ্চিত করি | ২৮-৭০ |
| ২ | শিখন অভিজ্ঞতা ৩: নাগরিক সেবায় স্বচ্ছতা ও জবাবদিহিতা | ৭১-১০১ |
| ৩ | শিখন অভিজ্ঞতা ৪: সমস্যা সমাধানে প্রোগ্রামিং | ১০২-১৪৫ |
| ৪ | শিখন অভিজ্ঞতা ৫: চলো নেটওয়ার্ক বানাই | ১৪৬-১৬৮ |

## (গ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

## (ঘ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর |
|---|---|
| **অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ:**<br>**নমুনা প্রশ্ন:** দুটি কম্পিউটারের মধ্যে আইপি সেটাপ করার মাধ্যমে নেটওয়ার্ক তৈরি করো। | ১০ |
| **অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন:**<br>**নমুনা প্রশ্ন:** মুক্ত উৎসের প্ল্যাটফর্মে বিদ্যালয়ের ওয়েবসাইট ডিজাইন করার প্রকল্প উপস্থাপন করো। | ১০ |
| **শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন)-**<br>**নমুনা প্রশ্ন:** দলীয় আলোচনার মাধ্যমে বাস্তব জীবনে ঘটা ৫টি এবং সাইবার জগতে ঘটা ৫টি বুলিং এর ঘটনা ছকে উপস্থাপন করো। | ১০ |
| মোট | ৩০ |

## (ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন (অভীক্ষার ধরন: লিখিত)

<table>
<tr><th>ক্রম</th><th colspan="2">আইটেমের নাম</th><th>প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা</th><th>উত্তর দিতে হবে</th><th>মোট নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td rowspan="2">১</td><td rowspan="2">নৈর্ব্যক্তিক প্রশ্ন</td><td>বহুনির্বাচনি প্রশ্ন</td><td>১৫</td><td>১৫</td><td>১×১৫=১৫</td><td rowspan="5">৩ ঘন্টা</td></tr>
<tr><td>এক কথায় উত্তর</td><td>১০</td><td>১০</td><td>১×১০=১০</td></tr>
<tr><td>২</td><td colspan="2">সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন</td><td>১০</td><td>১০</td><td>২×১০=২০</td></tr>
<tr><td>৩</td><td colspan="2">রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)</td><td>৫</td><td>৩</td><td>৫×৩=১৫</td></tr>
<tr><td>৪</td><td colspan="2">রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br>প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে</td><td>৭</td><td>৫</td><td>৮×৫=৪০</td></tr>
<tr><td></td><td colspan="4">মোট</td><td>১০০</td><td></td></tr>
</table>

## (চ) সামষ্টিক মূল্যায়ন কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন:

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না

বার্ষিক পরীক্ষা-২০২৪ নমুনা প্রশ্ন
বিষয়: ডিজিটাল প্রযুক্তি
শ্রেণি: নবম

সময়: ৩ ঘন্টা পূর্ণমান: ১০০

**নৈর্ব্যক্তিক অংশ (বহুনির্বাচনি প্রশ্ন ও এককথায় উত্তর)**

[ দ্রষ্টব্য: সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লিখ (প্রশ্ন নং ১-১৫) প্রতিটি প্রশ্নের মান ১]

সকল প্রশ্নের উত্তর দাও **১×১৫ =১৫**

১। ডাটা আদানপ্রদানের মধ্যবর্তী পথে কেউ তা আড়ি পেতে চুরি করলে তাকে কী বলে?
ক. মধ্যবর্তী অ্যাটাক খ. মিডিয়াম অ্যাটাক
গ. ডেটা ইন্টারসেপশন ঘ. গোপন অ্যাটাক

২। ডিজিটাল মাধ্যম ব্যবহার করে কাউকে উত্যক্ত বা বিরক্ত করাকে কী বলে?
ক. সাইবার অ্যাটাক খ. সাইবার বুলিং
গ. ডি ডস অ্যাটাক ঘ. ফিশিং

৩। ইনফোগ্রাফি হচ্ছে-
ক. একটি ব্যক্তিগত ফাইলের শাব্দিক উপস্থাপনা
খ. কোনো তথ্য বা বিবৃতির ভিজ্যুয়াল উপস্থাপনা
গ. একটি দলীয় বিবৃতির ফাইল
ঘ. কতগুলো তথ্য ফাইল আকারে লিপিবদ্ধ করা

৪। জাতীয় পরিচয়পত্রের ভুল সংশোধন কোন ধরনের সেবা?
ক. নাগরিক সেবা খ. সামাজিক সেবা
গ. ব্যক্তিগত সেবা ঘ. গুরুত্বপূর্ণ সেবা

৫। প্রত্যেকটি প্রতিষ্ঠানের সেবা সম্পর্কিত তথ্যসমূহ উন্মুক্ত রাখা আছে কোথায়?
ক. প্রতিষ্ঠানের লিংকড-ইন অ্যাকাউন্টে
খ. প্রতিষ্ঠানের পোর্টালে
গ. প্রতিষ্ঠানের ফেসবুক পেইজে
ঘ. প্রতিষ্ঠানের মেইলে

৬। ওয়েবসাইটের নামকে কী বলে?
ক. ডোমেইন নাম খ. আইপি
গ. ওয়েব সার্ভার ঘ. প্রোভাইডার

৭। প্রোগ্রামের যে অংশের মধ্যে কোনো তথ্য জমা রাখা যায় তাকে বলে-
ক. কম্পাইলার খ. লুপ
গ. ইন্টারপ্রেটার ঘ. ভ্যারিয়েবল

৮। ভ্যারিয়েবলের সঠিক নামকরণ নয় কোনটি?
ক. a খ. @My_name
গ. _variable ঘ. z1yan

৯। ২৩.০৭ কোন ধরনের ডেটাটাইপ?
ক. int খ. float
গ. str ঘ. bool

১০। নিচের কোনটি প্রোগ্রামিং ভাষা?
ক. Perl খ. Oracle
গ. Redis ঘ. Informix

১১। নিচের কোন লেয়ার ডেটাকে বাইনারিতে রূপান্তর, ডেটা সংকোচন ইত্যাদি কাজ করে?
ক. প্রেজেন্টেশন খ. অ্যাপ্লিকেশন
গ. ট্রান্সপোর্ট ঘ. ফিজিক্যাল

১২। OSI মডেল কয়টি লেয়ারে বিভক্ত?
ক. ৪টি খ. ৫টি
গ. ৬টি ঘ. ৭টি

নিচে প্রদত্ত তথ্যের আলোকে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও

| চিত্র-১ | চিত্র-২ |
|---|---|
|  |  |
| চিত্র-৩ | চিত্র-৪ |
|  |  |

১৩। উপরে প্রদত্ত তথ্যে কো-অ্যাক্সিয়াল ক্যাবল কোনটি?
ক. চিত্র-১ খ. চিত্র-২
গ. চিত্র-৩ ঘ. চিত্র-৪

১৪। চিত্র-৪ এর ক্ষেত্রে নিচের কোন বক্তব্যটি সঠিক?
ক. এটির দাম চিত্র ১,২,৩ এর গুলোর চেয়ে কম
খ. এটি মাঝারি গতিতে ডেটা ট্রান্সফার করে
গ. এটি সবচেয়ে দ্রুত গতিতে ডেটা ট্রান্সফার করে
ঘ. এটি বৈদ্যুতিক সঞ্চালন লাইনে ব্যবহার করা হয়

১৫। ইন্টারনেট মূলত কী?
ক. লোকাল নেটওয়ার্ক খ. প্রাইভেট নেটওয়ার্ক
গ. গ্লোবাল নেটওয়ার্ক ঘ. প্রোটেক্টেড নেটওয়ার্ক

**এক কথায় উত্তর দাও** [(প্রশ্ন নং ১৬-২৫) প্রতিটি প্রশ্নের মান ১] **১×১০ =১০**

**[সরবরাহকৃত উত্তরপত্রে প্রশ্নের উত্তর লেখ]**

১৬। ন্যাশনাল হেল্পলাইন নম্বর কত?

১৭। মিথ্যা বাক্য ব্যবহার করে কোনো ভুল ঘটনা অশুদ্ধ তথ্যের মাধ্যমে উপস্থাপনকে কী বলা হয়?

১৮। সকল সরকারি ও বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে কোন আইন প্রণীত হয়?

১৯। ডোমেইন নামের দুটি অংশের একটি হলো টপ লেভেল ডোমেইন, অপরটি কী?

২০। কোন দুটি অংকের সমন্বয়ে মেশিন কোড তৈরি হয়?

২১। যে অপারেটর ব্যবহার করে অপারেটরটির বামপাশে থাকা ভ্যারিয়েবলকে ডানপাশে থাকা ভ্যারিয়েবল দিয়ে ভাগ করে ভাগশেষ বের করা যায় তার নাম কী?

২২। প্রোগ্রামের মধ্যে একই রকমের কাজ বারবার করতে হলে সেটিকে নির্দিষ্ট শর্ত মেনে কী দিয়ে ডিজাইন করা হয়?

২৩। নেটওয়ার্কের মাধ্যমে যে সকল ধাপ অতিক্রম করে তথ্য এক ডিভাইস থেকে অন্য ডিভাইসে যায় সে ধাপগুলোর প্রতিটিকে কী বলে?

২৪। দুই বা ততোধিক ডিভাইসকে নেটওয়ার্কে সংযুক্ত করার জন্য যে ফিজিক্যাল মাধ্যম প্রয়োজন তা কয় ধরনের হয়ে থাকে?

২৫। ইন্টারনেটের সাথে সংযুক্ত প্রতিটি ডিভাইস বা নেটওয়ার্ককে আলাদাভাবে শনাক্ত করার জন্য ব্যবহৃত সংখ্যাসূচক ঠিকানাকে কী বলে?

## খ-বিভাগ (সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন)

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন (সকল প্রশ্নের উত্তর দাও)** **১০×২=২০**

১। ডি ডস অ্যাটাক সম্পর্কে যা জানো লেখ।

২। সাইবারস্টকিং কী?

৩। ফেইক সোশ্যাল মিডিয়া একাউন্ট দ্বারা কী ধরনের ক্ষতি হতে পারে?

৪। হোয়াইল লুপের অংশ কতটি ও কী কী?

৫। bool কী? bool এ কী ধরনের তথ্য থাকে?

৬। নেটওয়ার্কের ক্ষেত্রে 'প্রোটোকল' কাকে বলে?

৭। অপটিকাল ফাইবার কী? একটি বৈশিষ্ট্য লিখ।

৮। ই-পাসপোর্ট কী?

৯। ডেটাটাইপ কত প্রকার ও কী কী?

১০। ওয়ার্ডপ্রেস কী? ওয়ার্ডপ্রেসের সুবিধা লেখ।

## গ-বিভাগ

## রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটবিহীন)

**(০৫টি থেকে যেকোন ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে , নিম্নে ৩টি নমুনা প্রশ্ন দেওয়া হলো)**

**৫×৩ =১৫**

১। সাইবার বুলিং কী? সাইবার বুলিং এর প্রভাব কেমন হতে পারে তা বর্ণনা করো।

২। 'তথ্য অধিকার আইন ২০০৯' অনুসারে একজন নাগরিক কী কী সুবিধা পেতে পারেন?

৩। ধারাবাহিকভাবে '১১ থেকে ৩১' পর্যন্ত লেখার প্রোগ্রাম লেখো।

## ঘ-বিভাগ

## (প্রেক্ষাপটনির্ভর রচনামূলক প্রশ্ন)

(প্রদত্ত পেক্ষাপট/দৃশ্যপটসমূহ মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও।)

**(০৭টি থেকে যেকোন ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে, নিম্নে ৫টি নমুনা প্রশ্ন দেওয়া হলো)**

**যেকোন ৫টি প্রশ্নের উত্তর দাও: ৮×৫ =৪০**

১। বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী বন্ধুদের আড্ডায় গেলে বাকিরা তাকে দেখে হাসাহাসি করল। কারণ জিজ্ঞাসা করে জানল তার সামাজিক যোগাযোগ মাধ্যমের একাউন্ট থেকে একটি অনাকাঙ্ক্ষিত পোস্ট করা হয়েছে। সে বুঝতে পারল তার একাউন্টে অন্য কেউ লগ-ইন করে এই পোস্টটি করছে।

ক. অনুচ্ছেদে বর্ণিত শিক্ষার্থীর আইডি সুরক্ষার জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে? ব্যাখ্যা কর। **৩**
খ. অনুচ্ছেদে বর্ণিত অনাকাঙ্ক্ষিত পোস্টকারী ব্যক্তি কোন ধরনের অপরাধ করেছে? এর জন্য কী কী শাস্তির বিধান আছে উল্লেখ করো। **৫**

২। জনাব শোয়াইব কক্সবাজারে বসবাস করেন। তিনি লক্ষ্য করলেন জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত প্রতি মাসে কক্সবাজারের তাপমাত্রা ১ ডিগ্রি সেলসিয়াস করে বৃদ্ধি পেয়েছে; জানুয়ারি মাসে কক্সবাজারের তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস, জুলাই মাসে ছিল ৩১ ডিগ্রি সেলসিয়াস। তাছাড়া উক্ত ৭ মাসে জনাব শোয়াইব বিদ্যুৎ বিল বাবদ ৯৪১৫ টাকা পরিশোধ করেছেন।

ক) উদ্দীপকের আলোকে গড়ে বিদ্যুৎ বিল দেওয়ার হিসাবের পাইথন প্রোগ্রামটি লেখ। **৩**
খ) জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত তাপমাত্রা বৃদ্ধির প্রক্রিয়াটি পাইথন প্রোগ্রাম আকারে লেখ। **৫**

৩। জনাব হাবিবা ৯ম শ্রেণির ডিজিটাল প্রযুক্তি বিষয়ের ক্লাসে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বললেন, "তোমরা কী জানো, আমরা কাউকে চিঠি লিখলে খামের উপরে ঠিকানা কেন লিখি! কারণ চিঠিটা যাকে লেখা হয় সেই ব্যক্তিকে শনাক্ত করে চিঠি পৌঁছানোর জন্য ঠিকানা লিখতে হয়। একইভাবে ইন্টারনেটে যুক্ত প্রতিটি ডিভাইসকে শনাক্ত করারও ব্যবস্থা আছে। আজকের পাঠে আমরা এ বিষয়টি নিয়ে আলোচনা করবো।"

ক. জনাব হাবিবা কোন বিষয় নিয়ে আলোচনা করবেন? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। **৩**
খ. ইন্টারনেট ব্যবহার করে কীভাবে পাঠের আলোচ্য বিষয়টি খুঁজে বের করা যায় তার প্রক্রিয়া বর্ণনা করো। **৫**

৪। চট্টগ্রামের তপু নামের এক শিক্ষার্থী তার ঢাকায় থাকা বন্ধু মাসুমকে চিঠি পাঠাতে চায়। এজন্য তপু চিঠিটি খামে ভরে, খামের উপর মাসুমের ঠিকানা লিখে ডাকটিকেট লাগিয়ে চট্টগ্রামের পোস্ট-অফিসের ডাকবাক্সে ফেলে আসে। ডাকপিয়ন চিঠিটি নিয়ে ঠিকানা পড়ে ঢাকার পোস্ট-অফিসে পাঠায়। পরবর্তীতে আরেকজন ডাকপিয়ন চিঠিটি মাসুমের কাছে পৌঁছে দেয়।

ক. উক্ত ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোনো বিষয়ের মিল রয়েছে কী? মিল থাকলে বিষয়টি সংক্ষেপে ব্যাখ্যা করো। **৩**
খ. একটি নেটওয়ার্কের বিভিন্ন লেয়ারের কাজের সাথে চিঠি পাঠানোর প্রক্রিয়াটির তুলনা কীভাবে করা যায়? আলোচনা করো। **৫**

৫। সাদিয়ার বিদ্যালয় সম্পর্কে অনলাইনে কেউ কোনো তথ্য জানতে চাইলে সবসময় সঠিক তথ্য জানতে পারে না। সোশ্যাল মিডিয়ায় তাদের বিদ্যালয়ের নামে খোলা বিভিন্ন পেইজ ও আইডির মাধ্যমে সঠিক তথ্যের পাশাপাশি বিভিন্ন প্রকার অসত্য, ভুল তথ্য ছড়ায় যা তাদেরসহ অন্যান্যদের বিব্রত ও বিভ্রান্ত করে। এমতাবস্থায় বিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিলো স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে বিদ্যালয়ের সকল বিষয়ের গুরুত্বপূর্ণ তথ্য নিয়ে একটি অফিসিয়াল মাধ্যম তৈরি করবে।

ক. উপরে উল্লিখিত অফিসিয়াল মাধ্যমটির নাম কী? উক্ত মাধ্যমটির টেমপ্লেট পরিকল্পনায় কী কী বিষয় বিবেচনা করতে হবে? **৩**

খ. উক্ত মাধ্যমটির ডিজাইন কীভাবে করা যায় আলোচনা করো। **৫**

## (ছ) নৈর্ব্যক্তিক প্রশ্ন অংশের (২৫টির) উত্তর

| বহুনির্বাচনি প্রশ্ন | | | | | | এক কথায় উত্তর | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **প্রশ্ন নং** | **উত্তর** | **প্রশ্ন নং** | **উত্তর** | **প্রশ্ন নং** | **উত্তর** | **প্রশ্ন নং** | **উত্তর** | **প্রশ্ন নং** | **উত্তর** |
| ১ | গ | ৬ | ক | ১১ | ক | ১৬ | ১০৯ | ২১ | মডুলো অপারেটর |
| ২ | খ | ৭ | ঘ | ১২ | ঘ | ১৭ | ফেইক নিউজ | ২২ | লুপ ব্যবহার করে |
| ৩ | খ | ৮ | খ | ১৩ | খ | ১৮ | তথ্য অধিকার আইন ২০০৯ | ২৩ | লেয়ার |
| ৪ | ক | ৯ | খ | ১৪ | গ | ১৯ | সেকেন্ড লেভেল ডোমেইন | ২৪ | দুই ধরনের |
| ৫ | খ | ১০ | ক | ১৫ | গ | ২০ | ০ এবং ১ | ২৫ | আইপি অ্যাড্রেস |

## (জ) রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) উত্তরের রুব্রিক্স

### দৃশ্যপটনির্ভর (রচনামূলক প্রশ্ন)

২। জনাব শোয়াইব কক্সবাজারে বসবাস করেন। তিনি লক্ষ্য করলেন জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত প্রতি মাসে কক্সবাজারের তাপমাত্রা ১ ডিগ্রি করে বৃদ্ধি পেয়েছে; জানুয়ারি মাসে কক্সবাজারের তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস, জুলাই মাসে হয়েছিল ৩১ ডিগ্রি সেলসিয়াস। তাছাড়া উক্ত ৭ মাসে জনাব শোয়াইব বিদ্যুৎ বিল বাবদ ৯৪১৫ টাকা পরিশোধ করেছেন।

ক) উদ্দীপকের আলোকে গড়ে বিল দেওয়ার হিসাবের প্রোগ্রামটি লেখ। **৩**

খ) জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত তাপমাত্রা বৃদ্ধির প্রক্রিয়াটি প্রোগ্রাম আকারে লেখ। **৫**

**মূল্যায়ন রুব্রিক্স [প্রশ্ন নং ২ (ক)]**

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| ২। (ক) | ৩ | result=num1/num2<br>print('The average of electric bill is:',result) |
| | ২ | num2=int(input('Total month:')) |
| | ১ | num1=int(input('Total electric bill:')) |
| | ০ | ভুল বা অপ্রাসঙ্গিক কোন উত্তর লিখলে। |

**মূল্যায়ন রুব্রিক্স [প্রশ্ন নং ২ (খ)]**

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| ২। (খ) | ৫ | print(i)<br>i=i+1<br>প্রতিটি ক্যারেক্টার এবং স্পেস সঠিক হলে। |
| | ৪ | while এর পর স্পেস থাকলে। শেষে কোলন (:) থাকলে। |
| | ৩ | while i<=31: |
| | ২ | i=25 |
| | ১ | i এর মান সঠিক হলে |
| | ০ | ভুল বা অপ্রাসঙ্গিক কোন উত্তর লিখলে। |

# Annual Assessment 2024

**Subject: English**

**Class: 9**

## Assessment guidelines for conducting annual examinations 2024 for the secondary level education institutions

1) The annual assessment of classes 6, 7, 8, and 9 will be done through written examinations based on the National Curriculum 2022 of NCTB.
2) The annual assessment format for the classes 6, 7, 8, and 9 will comprise both summative and continuous assessment.
3) Out of 100 marks allocated for the assessment of each subject the summative assessment will carry 70% weightage while the continuous assessment will carry the rest 30%.
4) For each subject, the annual summative assessment will be carried out through a written examination of 100 marks. The marks obtained out of 100 marks written examination will be converted to 70 marks and, these marks will be combined with the marks obtained from the continuous assessment having 30 marks to calculate the subject-wise result out of a total of 100 marks.
5) a) The continuous assessment as outlined in the subject-wise guidelines must be completed in each education institution before the annual examination.
   b) All records of students' performances in the continuous assessment must be gathered and stored properly.
   The subject wise guidelines for conducting continuous assessments must be followed properly.
6) The total time allocated for conducting the summative examination including the objective part will be 3 hours.
7) The subject teachers will develop the question papers for the subjects they teach following the sample questions provided by the Ministry of Education for conducting annual examination while ensuring due level of confidentiality.
8) The Heads of concerned institutions in collaboration with the subject teachers will take required measures for conducting annual examinations and ensure due level of confidentiality.
9) Teachers who develop the questions/test items are also responsible for providing the sample answers to the open ended and/or more subjective type test task.
10) The schools will provide answer scripts for students to write their answers in the summative examinations. However, no separate OMR sheets/answer scripts will be provided for the objective items. Students will have to write the answers to the objective items in their answer scripts.
11) Assessments for the specialised subjects under Madrasah and Vocational steams will be held in the same method as they were conducted before.
12) Assessments of all subjects of class 10 will be held in the same method as they were conducted before.

**Subject-wise guideline for conducting annual summative assessments for the academic year 2024**

**Subject: English**

**Class: 9**

### (a) Guidelines for developing questions

1. Questions should be based on the competencies/skills and knowledge focused in the experiences of the NCTB textbooks as prescribed by the syllabus outlined in this guideline.
2. Questions on reading and grammar must be set from the unseen texts which should similar to the relevant texts given in the textbooks in terms of level of difficulty, genre and style.
3. Tasks for writing part need to be set considering the type of writing students have done in the classroom. However, no writing tasks/topics should be copied from the textbook while setting questions.
4. Question setters need to provide the sample answers and rubrics for marking the essay type/open ended writing tasks.

## (b) Syllabus for annual examination 2024

| Experience | Title | Pages |
|---|---|---|
| 6 | The Art of Expressing Comparisons | 53-60 |
| 8 | Imaginations | 69-78 |
| 9 | A Journey through Explanatory Texts | 79-82 |

## (c) Assessment format

Learners will be assessed on both continuous and summative assessments. However, the formative and summative parts of assessment will carry the weightage as shown below-

| Continuous | Summative |
|---|---|
| 30% | 70% |

## (d) Continuous assessment: Task type and marks distribution

Teachers must give prior notifications to students explaining the details of when and how the continuous assessments will be conducted.
Teachers must select the mentioned items for CA from the given syllabus.
The concerned teachers also have to keep a record of students' performances in various Continuous Assessment tasks and compile the final grades for the Continuous Assessment part obtained by each student by the end of the year.

| Name of Items/Tasks | Marks allocated |
|---|---|
| Home work: As specified by the teacher | 10 |
| Classwork (individual or group works, completing tables/charts/flowcharts etc. as given in the relevant Experiences (see the syllabus in section B) of the textbook | 10 |
| Project work/Assignments as specified in the relevant Experiences (see the syllabus in section B) of the textbook | 10 |
| **Total** | **30** |

## (e) Summative assessment: Task type and marks distribution

**Type of Examination: Written**

**Full Marks: 100**

| Skills/Competencies covered | Type of Test Tasks/Items | Number of Items | Total marks |
|---|---|---|---|
| **Reading**<br>(35 marks)<br>*Test items will be based on 3 unseen passages* | MCQ | 5 | 1x5 = 5 |
| | Short answer questions | 5 | 2x5= 10 |
| | Matching | 5 | 1x5= 5 |
| | Arguments | 5 | 5x1= 5 |
| | Completing table | | 2x5 = 10 |
| **Appreciating Poetry**<br>(30 marks)<br>*Items will be based on one unseen poem* | Short answer questions | 3 | 2x5= 10 |
| | Identifying and explaining literary figures (metaphor, simile and imagery) | 1 | 2x5= 10 |
| | Writing expressions (Interpreting themes/ideas) | 6 | 10x1 =10 |
| **Writing**<br>(35 marks) | Writing paragraph | 1 | 10x1= 10 |
| | Writing compare-contrast essay | 1 | 15x1= 15 |
| | Writing explanatory texts | 1 | 2x5= 10 |
| **Total** | | | **100** |

**N.B.** *Question setters may include alternative items of similar nature and level of difficulty to give options for the candidates to choose from. Thus candidates will have the flexibility to choose any one out of the three tasks.*

## (f) Sample question for the written test as per the prescribed format

**Annual Summative Assessment-2024**
**Sample Question**
**Subject: English**
**Grade: Nine**

**Time: 3 hours** **Marks: 100**

## Part A: Reading

**1. Read the passage carefully and complete the activities that follow:**

Being an exemplary citizen entails actively contributing to the welfare of one's community and nation. It transcends mere adherence to laws; it involves a conscious effort to foster positive change and promote the common good.

A cornerstone of responsible citizenship is participation in the democratic process, particularly through voting. By casting a ballot, citizens exercise their power to influence the selection of leaders who will shape policies and governance for the benefit of society. Furthermore, law-abiding behaviour and the timely payment of taxes are vital duties. These contributions fund essential public services, such as the construction of educational institutions, infrastructure, and healthcare facilities, which are the backbone of a thriving society.

Environmental stewardship is another critical aspect of good citizenship. This includes conserving natural resources, maintaining cleanliness in public spaces, and advocating for sustainable practices like recycling. By respecting diverse cultures and beliefs, good citizens foster a more inclusive and harmonious society, where mutual understanding and cooperation prevail.

Moreover, civic responsibility extends to aiding others in the community. This can be demonstrated through volunteerism, assisting those in need, or supporting local businesses. Engaged citizens recognize the value of education and take steps to promote lifelong learning, both for themselves and for others, understanding that an informed populace is essential for societal progress.

Lastly, maintaining one's health and well-being is a civic duty that cannot be overlooked. A healthy citizenry contributes to the overall vitality of the community. This responsibility involves adopting healthy eating habits, staying physically active, and managing stress effectively. By prioritizing these aspects, citizens ensure that they are capable of contributing positively to society, thereby enhancing the quality of life for everyone within the community.

**A. Choose the best answer from the alternatives.** **1x5=5**

a) **What does being an exemplary citizen primarily involve?**
   i. Following all laws strictly
   ii. Contributing to the welfare of the community and nation
   iii. Paying taxes on time
   iv. Voting in every election

b) **According to the passage, what is considered a cornerstone of responsible citizenship?**

i. Environmental conservation
ii. Participation in the democratic process
iii. Maintaining personal health
iv. Supporting local businesses

c) **How do citizens influence the selection of leaders, as mentioned in the passage?**

i. By participating in community service
ii. By casting a ballot in elections
iii. By paying taxes
iv. By attending public meetings

d) How do good citizens contribute to a more inclusive society?

i. By voting in every election
ii. By paying taxes regularly
iii. By respecting diverse cultures and beliefs
iv. By participating in debates

e) Which of the following is NOT mentioned as a responsibility of an exemplary citizen?

i. Participating in the democratic process
ii. Conserving natural resources
iii. Adopting healthy eating habits
iv. Traveling frequently

**B. Write answers to the following questions. 2X5=10**

i) What are the vital duties mentioned in the passage that support public services?
ii) Why is participation in the democratic process important for responsible citizenship?
iii) How does the passage define the ultimate impact of responsible citizenship?
iv) What is the role of education in responsible citizenship?
v) How does respecting diverse cultures and beliefs contribute to society?

**C.** Below is a table with two columns. In the left column are words from the passage, and in the right column are definitions. Match each word with the correct definition by writing the corresponding letter in the space provided. **1X5=5**

| Column A (Word) | Column B (Definition) |
|---|---|
| Exemplary | An important quality or feature on which a particular thing depends or is based. |
| Cornerstone | Publicly supporting or recommending a particular cause or policy. |
| Inclusive | The responsible management and care of something |
| Advocating | Serving as a desirable model; representing the best of its kind. |
| Stewardship | Open to everyone, regardless of differences such as race, religion |

**2. Read the following conversation and complete the activity that follows. 5**

Abir: I've been hearing about human trafficking in Bangladesh. What is it?
Lily: Human trafficking is when people are illegally traded for exploitation, like forced labor or prostitution. It's a big problem here.
Abir: How does it happen?
Lily: Traffickers lure people with false promises of jobs or a better life, then exploit them.
Abir: Who is most at risk?
Lily: People from poor backgrounds, with little education, and marginalized communities, especially women and children.
Abir: What's being done to stop it?
Lily: The government and organizations are working on stricter laws, better enforcement, and raising awareness. There are also shelters and support for victims.
Abir: Are there still challenges?
Lily: Yes, corruption, lack of resources, and low awareness make it hard to combat trafficking fully.
Abir: Thanks for explaining, Lily.
Lily: You're welcome, Abir. It's important to know about these issues.

**Now, give your opinions whether you agree or disagree with the statement *'The government and organizations are not doing anything to combat human trafficking.'***

**3. Read the following text on cybercrime. Then complete the activities that follow.**

Cybercrime is a growing concern, involving illegal activities conducted online or using computers. Common types include hacking, identity theft, and online fraud. These crimes can cause significant harm to individuals and organizations, leading to financial loss and data breaches. Awareness is crucial to prevent cybercrime. People should use strong passwords, avoid sharing personal information online, and be cautious of suspicious emails and links. The government and organizations in Bangladesh are working to implement robust cyber security measures and educate the public about safe online practices.

**Complete the following table writing effect and preventive measures in respective columns. 2x5=10**

| Cause | Effect | Preventive Measures |
|---|---|---|
| Hacking | | |
| Identity Theft | | |
| Online Fraud | | |
| Phishing | | |
| Malware attacks | | |

## Part B: Appreciating Poetry

**4. Read the following poem and do the activities that follow.**

**A Bird on The Wire**
***Leonard Cohen***

Like a bird on the wire
Like a drunk in a midnight choir
I have tried in my way to be free
Like a worm on a hook
Like a knight from some old fashioned book
I have saved all my ribbons for thee
If I, if I have been unkind
I hope that you can just let it go by
If I, if I have been untrue
I hope you know it was never to you
Oh, like a baby, stillborn
Like a beast with his horn
I have torn everyone who reached out for me
But I swear by this song
And by all that I have done wrong
I will make it all up to thee

**a) Answer the following questions. 2x5=10**

i. What is the significance of metaphor 'Like a bird on the wire' in the poem?
ii. How does the poet explore the theme of regret in the poem?
iii. What role does the imagery play in conveying the poem's theme?
iv. How does the poem reflect poet's personal experiences?
v. How does the poem reflect on the nature of human relationship?

**b) Read the poem again, and identify 3 metaphors and 2 similes used in the poem. Then explain the purpose of their uses. 2x5 =10**

**c) Read the poem again and express your feelings. 10**

## Part C: Writing

*[For questions 5-7 learners should strictly follow the textbook to develop their writing on different issues.]*

5. You know that the cultural heritage holds profound significance, reflecting a country's rich history, diverse traditions, and national identity. Think of the cultural heritage of your locality/district/country which has special values.

**Now write a paragraph on "The Significance of the Cultural Heritage of Bangladesh" 10**


By paying attention to the following features, you can write the paragraph which will be clear, well-organized, and effective in conveying your ideas:

- Your paragraph should start with the topic sentence.
- The paragraph should focus on a single idea or theme.
- The paragraph should flow logically from one idea to the next.
- Include specific details rather than vague or general statements.

**6. The Venn diagram below shows some similarities, some dissimilarities and some common features between the garment sector and the IT sector of Bangladesh. Now write an essay describing the Venn diagram in not more than 250 words. 15**

**You should follow the instructions below:**

- Start with an engaging sentence to grab the reader's attention.
- Use 3 Body Paragraphs:
- Use specific examples, facts, and quotes to support your points.
- Briefly recap the main points of comparison and contrast you covered in the body paragraphs.




**7. Read the text and identify the elements and relevant examples of an Explanatory Text. Then fill up following grid. One is done for you. 2x5=10**

Insects have a special way of breathing that is different from humans. Instead of lungs, insects use tiny tubes called tracheae to take in oxygen. These tubes are spread throughout their bodies and open to the outside through small holes called spiracles. When air enters

through the spiracles, it travels through the tracheae and reaches the insect's cells directly. This allows insects to get the oxygen they need without using blood to transport it like humans do. The system is efficient for their small size, helping them survive in different environments.

| **Elements of an Explanatory Text** | **Examples in the Text** |
|---|---|
| General statement (what is being explained) | Insects have a special way of breathing. |
| | |
| | |
| | |
| | |
| | |

## (g) Rubrics for marking items 5-6

### Rubrics for marking item no 5: Writing a paragraph

| CATEGORY | **4** | **3** | **2** | **1** |
|---|---|---|---|---|
| Title, topic sentence and concluding sentence | Title, topic sentence and concluding sentence are written properly | Title is ok but the topic sentence and concluding sentence are not clear with their purposes | Title is ok but the topic sentence and concluding sentence are not clear with their purposes, and text contains errors. | One of these is missing (title, topic sentence, concluding sentence) |
| | 6 | 4 | 3 | 2 |
| **Body** | Ideas are expressed in a clear and organized fashion. It is easy to figure out what it is about. Cohesive devices are used properly. | Ideas are expressed in a pretty clear manner but the organization could have been better. Cohesive devices are used properly. | Ideas are somewhat organized, but are not very clear. It takes more than one reading to figure out what it is about. | The paragraph seems to be a collection of unrelated sentences. It is very difficult to figure out what it is about. |

**Rubrics for marking item no 6: Writing an Essay**

| Category | 3 | 2 | 1 |
|---|---|---|---|
| Introduction | Well written with a clear thesis statement | Written with a weak thesis statement | Written with an unclear thesis statement |
| **Body paragraph-1** | Written clearly (Point of comparison-1) and sentences are well organized (use of cohesive devices, choices of words, etc.) | Written clearly (Point of comparison-1) and sentences are not well organized (use of cohesive devices, choices of words, etc.) | Not written clearly (Point of comparison-1) and sentences are not well organized (use of cohesive devices, choices of words, etc.) |
| **Body paragraph-2** | Written clearly (Point of comparison-2) and sentences are well organized (use of cohesive devices, choices of words, etc.) | Written clearly (Point of comparison-2) and sentences are not well organized (use of cohesive devices, choices of words, etc.) | Not written clearly (Point of comparison-2) and sentences are not well organized (use of cohesive devices, choices of words, etc.) |
| **Body paragraph-3** | Written clearly (Point of comparison-3) and sentences are well organized (use of cohesive devices, choices of words, etc.) | Written clearly (Point of comparison-3) and sentences are not well organized (use of cohesive devices, choices of words, etc.) | Not written clearly (Point of comparison-3) and sentences are not well organized (use of cohesive devices, choices of words, etc.) |
| **Conclusion** | Restated the thesis statement clearly and provided opinions. | Did not restate the thesis statement clearly or did not provide opinions | Did not restate the thesis statement clearly and did not provide opinions |

## ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা
## বিষয়: হিন্দু ধর্ম শিক্ষা
## শ্রেণি : নবম

**(ক) প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা** :

- বার্ষিক পরীক্ষার জন্য নির্ধারিত সিলেবাসের ভিত্তিতে প্রশ্ন প্রণয়ন করতে হবে;
- বিষয়ভিত্তিক নির্দেশনায় উল্লিখিত মানবন্টণ ও প্রশ্নের ধরন অনুসরণ করে প্রশ্ন প্রণয়ন করতে হবে;
- বহুনির্বাচনী প্রশ্নের ক্ষেত্রে সরাসরি পাঠ্যপুস্তক থেকে লাইন উল্লেখ করে প্রশ্ন দেওয়া যাবেনা, শিক্ষার্থীকে যেন ভেবে বা চিন্তা করে উত্তর দিতে হয়, এমন প্রশ্ন করতে হবে। তবে অপশনের ক্ষেত্রে একটিই সঠিক উত্তর থাকবে, একের অধিক উত্তর রাখা যাবে না;
- এক কথায় উত্তরের ক্ষেত্রে প্রশ্নটি এমনভাবে করতে হবে, যেন এক বা দুই শব্দে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে (জ্ঞানমূলক বা তথ্যনির্ভর প্রশ্ন হতে পারে);
- সংক্ষিপ্ত প্রশ্নগুলোর ক্ষেত্রেও লক্ষ রাখতে হবে যেন উত্তর সংক্ষিপ্ত হয় এবং সকল শিক্ষার্থী প্রায় একই ধরনের উত্তর প্রদান করে এমন হতে হবে (জ্ঞানমূলক ও অনুধাবনমূলক, যেমন... কী, উদাহরণ দাও, ইত্যাদি);
- বিস্তারিত উত্তর প্রশ্নের (প্রেক্ষাপট নির্ভর ছাড়া) পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ব্যাখ্যা ও উদাহরণের আলোকে যেন উত্তর প্রদান করতে পারে, এমন হতে হবে;
- প্রেক্ষাপটনির্ভর প্রশ্নের ক্ষেত্রে, যা শিক্ষার্থী ইতিপূর্বে পাঠ্যপুস্তকে অভিজ্ঞতার মাধ্যমে সম্পন্ন করেছে, তার আলোকে থাকবে, কিন্তু হবহু মিল থাকবে না; পরিস্থিতি নতুন হবে, এমন ধরনের প্রেক্ষাপট তুলে ধরতে হবে। অর্থাৎ পাঠ্যপুস্তকে সন্নিবেশিত কাজগুলোর মাধ্যমে অর্জিত অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষার্থীকে উত্তর দিবে, তবে উদাহরণের পুনরাবৃত্তি হবে না, পরিস্থিতি বা প্রেক্ষিত ভিন্নধর্মী হবে;

**(খ) বার্ষিক পরীক্ষার পাঠ্যসূচি/সিলেবাস**

| ক্রমিক নম্বর | অধ্যায়/অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| প্রথম অধ্যায়: | প্রথম পরিচ্ছেদ : প্রথম পরিচ্ছেদ হিন্দু ধর্মের উদ্ভব ও ক্রমবিকাশ | ১ - ১৪ |
| | দ্বিতীয় পরিচ্ছেদ; রামায়ণের কথা | ১৫ - ২৪ |
| দ্বিতীয় অধ্যায় | প্রথম পরিচ্ছেদ (পূজা-পার্বণ ও ধর্মাচার) | ৩৩ - ৫৫ |
| | দ্বিতীয় পরিচ্ছেদ (হিন্দু ধর্মীয় স্থানসমূহ) | ৫৬- ৭৫ |
| তৃতীয় অধ্যায় | প্রথম পরিচ্ছেদ: নৈতিক মূল্যবোধ ও আদর্শ জীবন চরিত<br>(স্বামী বিবেকানন্দ, শ্রী গুরুচাঁদ ঠাকুর, শ্রী চৈতন্য | ৭৬ – ৮৫<br>৮৮ -৯১<br>৯৫ – ১০৫ |

## (গ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% (গুরুত্ব বা Weightage) | ৭০% (গুরুত্ব বা Weightage) |

## (ঘ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (যেমন: ইনফোগ্রাফিক্স পোষ্টারের সাহায্যে হিন্দুধর্মের ক্রমবিকাশ বর্ণনা করো পৃ: ১৩) | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন — (যেমন: এবার তোমাদের এলাকায় কীভাবে জন্মাষ্টমী পালিত হয়েছে তা উল্লেখ করে একটি প্রতিবেদন জমা দাও পৃ: ৪৫) | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) - (যেমন: যেখানে যেমন সৌজন্যবোধ প্রকাশ করতে হয় পৃ: ৮৫) | ১০ |
| মোট | ৩০ |

**(ঙ) বার্ষিক পরীক্ষার প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

অভীক্ষার ধরন: লিখিত ;        পূর্ণনম্বর : ১০০

| ক্রম | আইটেমের নাম | | প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | প্রতি প্রশ্নের জন্য বরাদ্দকৃত নম্বর | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১ | ১×১০=১০ | |
| ২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২ | ২×১০=২০ | |
| ৩ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ | ৩ | ৫ | ৫×৩=১৫ | |
| ৪ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br>প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ | ৫ | ৮ | ৮×৫=৪০ | |
| | মোট | | | | | ১০০ | |

নমুনা প্রশ্নপত্র

| |
|---|
| এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না। |

# বার্ষিক পরীক্ষা-২০২৪

## বিষয়: হিন্দু ধর্ম শিক্ষা

### শ্রেণি : নবম

সময়: ৩ ঘন্টা পূর্ণমান-১০০

**ক-বিভাগ**

**১. বহুনির্বাচনী প্রশ্ন: সঠিক উত্তরটি খাতায় লেখ (১ থেকে ১৫ পর্যন্ত ) প্রতিটি প্রশ্নের মান সমান।** ১X১৫ =১৫

(১) হিন্দু ধর্ম তত্ত্বের কয়টি ধাপ রয়েছে?

(ক) ২টি (খ) ৪টি

(গ) ৬টি (ঘ) ১০টি

(২) ধৃ ধাতু থেকে কোন শব্দটির উৎপত্তি হয়েছে?

(ক) ধারণা (খ) ধ্যান

(গ) ধর্ম (ঘ) ধন

৩. দেব দেবীর হাতে থাকা বিভিন্ন বস্তুকে কি বলে?

(ক) অস্ত্র (খ) শস্ত্র

(গ) আয়ুধ (ঘ) বাহন

৪ কালী পূজা ----

(i) সর্বজনীন মন্দিরে অনুষ্ঠিত হয়

(ii) অসুর বিনাশের জন্য করা হয়

(iii) ভাদ্র মাসে অনুষ্ঠিত হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৫.স্বর্গের রাজধানীর নাম কী?

(ক) অমরাবতী (খ) সুন্দরাবতী

(গ) মধুপতি (ঘ) অম্ব্রানন্দ

৬. সন্তান কামনা করে রাজা দশরথ কোন যজ্ঞ করেছিলেন?

(ক) পিতৃযজ্ঞ (খ) নৃযজ্ঞ

(গ) পুত্রেষ্টি (ঘ) ভূত যজ্ঞ

৭. সীতাকে খুঁজতে খুঁজতে রাম লক্ষণ কোন পর্বতের কাছে পৌঁছেছিলেন?

(ক) রামকূট (খ) ঋষ্যমুক

(গ) হিমালয় (ঘ) সীতাকুন্ড

৮. সরযু নদীর কূলে গিয়ে যোগবলে দেহত্যাগ করেছিলেন কে?

(ক) দশরথ (খ) সীতা

(গ) লক্ষ্মণ (ঘ) রাম

৯. চৈত্র সংক্রান্তির প্রধান উৎসব কোনটি?

(ক) বাসন্তী পূজা (খ) শিব পূজা

(গ) গণেশ পূজা (ঘ) লক্ষ্মী পূজা

১০. ভাইফোঁটা উৎসবটি কখন উদযাপিত হয়?

(ক) শ্রাবণ মাসের পূর্ণিমা (খ) ভাদ্র মাসের কৃষ্ণ ৫মী

(গ) কার্তিক মাসের শুক্লা দ্বিতীয়া (ঘ) মাঘ মাসের অমাবস্যা

১১. দশবিধ সংস্কারে----

(i) সন্তানের নামকরণ করা হয়

(ii) দ্বারদেবতার পূজা করা হয়

(iii) শিশুকে প্রথম ভাত খাওয়ানো হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১২. হরিদ্বার তীর্থ ক্ষেত্রটি ভারতের কোন রাজ্যে অবস্থিত?

(ক) উত্তর প্রদেশ (খ) মহারাষ্ট্র

(গ) রাজস্থান (ঘ) উত্তরাখন্ড

১৩. বারানসীতে গঙ্গাতীরে মোট কতটি ঘাট রয়েছে?

(ক) ৫২টি (খ) ৬৭টি

(গ) ৮১টি (ঘ) ৯২টি

১৪. শ্রী চৈতন্য ---

(i) প্রেমভক্তি ধর্ম প্রচার করেন

(ii) সংসার ধর্ম ছেড়ে দেন

(iii) বিশ্ব ধর্ম সম্মেলনে যোগদান করেন

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. বিবেকানন্দের প্রকৃত নাম কী?

(ক) কুবের

(খ) নরেন্দ্র নাথ দত্ত

(গ) অভয়চরণ

(ঘ) সম্পূর্ণানন্দ

**২. এক কথায় উত্তর দাও** (ক - ঞ) প্রতিটি প্রশ্নের মান সমান। **১X১০ =১০**

(ক) পৃথিবীতে হিন্দুধর্মাবলম্বীদের সংখ্যা কত??

(খ) পারসিকরা সপ্ত সিন্ধুকে কী উচ্চারণ করতো?

(গ) বেদের অপর নাম কী?

(ঘ) রামায়ণে কয়টি কান্ড রয়েছে??

(ঙ) প্রদীপের আলো কিসের প্রতীক?

(চ) দীপাবলি কথাটির অর্থ কী?

(ছ) নবান্ন শব্দের অর্থ কী?

(জ) ভগবান শ্রীকৃষ্ণ কোন যুগে জন্মগ্রহণ করেন?

(ঝ) কুম্ভ মেলা কোথায় অনুষ্ঠিত হয়?

(ঞ) বিবাহ শব্দটির অর্থ কী?

## খ-বিভাগ: রচনামূলক অংশ

**৩. সংক্ষেপে উত্তর দাও** (ক - ঞ) **( প্রতিটি প্রশ্নের মান ২)** ২X১০ =২০

(ক) বেদকে অপৌরুষেয় বলা হয় কেন?

(খ) 'একং সদ্বিপ্রা বহুধা বদন্তি'-- বলতে কী বোঝায়?

(গ) রাম কেন ১৪ বছরের জন্য বনে গিয়েছিলেন?

(ঘ) পঞ্চোপচার বলতে কী বোঝায়?

(ঙ) জন্মাষ্টমী কোন ধরনের উৎসব বর্ণনা কর।

(চ) সংক্রান্তি বলতে কী বোঝায়?

(ছ) গৃহ প্রবেশ বলতে কী বোঝায়?

(জ) হাতে খড়ি কখন পালন করা হয় বর্ণনা কর।

(ঝ) " মানুষের মহত্ত্বের পরিচয় তার চরিত্রে, বৃত্তিতে নয়"-- বলতে কী বোঝায়?
(ঞ) উপনয়ন বলতে কী বোঝায়?

**৪. যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও । (প্রতিটি প্রশ্নের মান ৫)** ৩x৫ =১৫

(ক) রামায়নের অরন্যকাণ্ডের বর্ণনা কর।
(খ) কালী মূর্তির তাৎপর্য সংক্ষেপে বর্ণনা কর।
(গ) ভ্রাতৃ দ্বিতীয়া কিভাবে পালন করা হয়? ব্যাখ্যা কর।
(ঘ) একজন সৎ মানুষের ৫ টি বৈশিষ্ট্য লেখ।
(ঙ) কেশব মন্দির সম্পর্কে বর্ণনা কর।

**৫. বর্ণিত দৃশ্যপটের আলোকে নিচের যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও** **৫X৮=৪০**

**ক.** তিথিদের বাড়িতে এক মাতৃপূজার আয়োজন করা হয়েছে, এই পূজা গভীর রাতে অনুষ্ঠিত হবে। এদিকে অমাবস্যা বলে তার মা রাতে বাইরে থাকতে নিষেধ করেছে। এ পূজার ফলে সব অশুভ শক্তি দূর হয়ে যাবে বলে মা তাকে ভক্তিভরে পূজা করতে বলেছে।
(১) তিথিদের বাড়িতে অনুষ্ঠিত পূজাটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৩
(২) তোমার ব্যক্তি জীবনে উক্ত পূজার শিক্ষা ও প্রভাব বিশ্লেষণ কর। ৫

**খ.** এক বিশেষ দিনে সুমনের ছোট বোন তাঁর হাতে একটি পবিত্র সুতা বেঁধে দিল। তার বোনের বিশ্বাস এর ফলে তাঁর দাদা সারা বছর বিপদ আপদ হতে মুক্ত থাকবে। রনিতা বললো সে কয়েকমাস আগে তার ভাইকে অকালমৃত্যুর ভয় হতে রক্ষা করার জন্য বাড়িতে এক অনুষ্ঠান করে ভাইয়ের কপালে চন্দন পড়িয়ে দিয়েছে।
(১) সুমনের ছোট বোন যে ধর্মাচার পালন করছে তা ব্যাখ্যা কর। ৩
(২) রণিতার পালিত ধর্মাচার পালনের গুরুত্ব তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৫

**গ.** সৌমেন বাবু ভারতবর্ষের একটি রাজ্যে তীর্থস্থান ভ্রমণ করতে গিয়েছিলেন। সেখানে গিয়ে তিনি জানতে পারলেন এ তীর্থে সূর্য ও বৃহস্পতি যখন কুম্ভরাশিতে অবস্থান করে তখন কুম্ভ মেলা অনুষ্ঠিত হয়।
(১) সৌমেন বাবু কোন তীর্থস্থান ভ্রমণে গিয়েছিলেন তা বর্ণন কর। ৩
(২) তুমি কোন কোন তীর্থ ভ্রমণ করেছো এবং তা থেকে কী শিক্ষা লাভ করেছো বিশ্লেষণ কর। ৫

**ঘ.** শিখরদের পাশের বাড়িতে আগুন লাগলে সে নিজের জীবনের ঝুঁকির কথা না ভেবে আগুন নেভানোর জন্য বন্ধু বান্ধবদের নিয়ে ঝাঁপিয়ে পড়ে। তাদের জোড় তৎপরতায় প্রতিবেশির বাড়িটা আগুন হতে রক্ষা পায়।
(১) শিখর ও তার বন্ধুদের মাঝে কোন নৈতিক মূল্যবোধ পরিলক্ষিত হয়েছে? বর্ণনা কর। ৩
(২) তোমার পাঠ্যবইয়ে বর্ণিত ঘটনার আলোকে উক্ত মূল্যবোধটি ব্যাখ্যা কর। ৫

**ঙ.** রমা টিভিতে একটা ধর্ম সম্মেলনের বক্তৃতা শুনছিল, এটা দেখে তার ধর্ম বইয়ের কথা মনে পড়ে গেলো। যে সম্মেলনে একজন মহাপুরুষের বক্তৃতার মাধ্যমে তাঁর ধর্মকে বিশ্বে এক নতুন মহিমায় প্রতিষ্ঠা করেন।
(১) রমার আলোচনায় কোন মহামানবের চরিত্র ফুটে উঠেছে তা বর্ণনা কর। ৩
(২) হিন্দুধর্মের প্রচার ও প্রসারে সেই মহামানবের অবদান মূল্যায়ন কর। ৫

(বি.দ্র: এখানে আরো দুটি অনুরূপ প্রশ্ন যোগ করতে হবে।

১. বহুনির্বাচনী প্রশ্নের উত্তর

| | |
|---|---|
| (১) (খ) ৪টি | (৯) (খ) শিব পূজা |
| (২) গ) ধর্ম | (১০) (গ) কার্তিক মাসের শুক্লা দ্বিতীয়া |
| (৩) (গ) আয়ুধ | (১১) (গ) i ও iii |
| (৪) ক) i ও ii | (১২) (ঘ) উত্তরাখণ্ড |
| (৫) (ক) অমরাবতী | (১৩) গ) ৮১টি |

| | |
|---|---|
| (৬) (গ) পুত্রেষ্টি | (১৪) (ক) i ও ii |
| (৭) খ) ঋষ্যমুক | (১৫) (খ) নরেন্দ্র নাথ দত্ত |
| (৮) (ঘ) রাম | |

২. এক কথায় উত্তর প্রশ্নের উত্তর

| | |
|---|---|
| (১) ১২০ কোটি | (৬) আলোর উৎসব |
| (২) হপ্তহিন্দু | (৭) নতুন ভাত |
| (৩) শ্রুতি বা জ্ঞান | (৮) দ্বাপর যুগে। |
| (৪) ৭টি | (৯) হরিদ্বরে |
| (৫) জ্ঞানের প্রতীক | (১০) বিশেষরূপে ভার বহন করা |

৩. একটি দৃশ্যপটনির্ভর প্রশ্নের রুব্রিক্স ও মডেল উত্তর

নমুনা প্রশ্ন ৫. খ: এক বিশেষ দিনে সুমনের ছোট বোন তাঁর হাতে একটি পবিত্র সুতা বেঁধে দিল। তার বোনের বিশ্বাস এর ফলে তাঁর দাদা সারা বছর বিপদ আপদ হতে মুক্ত থাকবে। রনিতা বললো সে কয়েকমাস আগে তার ভাইকে অকালমৃত্যুর ভয় হতে রক্ষা করার জন্য বাড়িতে এক অনুষ্ঠান করে ভাইয়ের কপালে চন্দন পড়িয়ে দিয়েছে।

(১) সুমনের ছোট বোন যে ধর্মাচার পালন করছে তা ব্যখ্যা কর। ৩

(২) রণিতার পালিত ধর্মাচার পালনের গুরুত্ব তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৫

**নম্বর প্রদান নির্দেশিকা**

৫.ক (১) সুমনের ছোট বোন যে ধর্মাচার পালন করছে তা ব্যখ্যা কর। ৩

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| ২ (ক) | ৩ | দৃশ্যপটের ঘটনাটিকে রাখিবন্ধন হিসেবে চিহ্নিত করে রাখিবন্ধন সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা করলে |
| | ২ | রাখিবন্ধনের ধারণা বর্ণনা করলে |
| | ১ | দৃশ্যপটের ঘটনাটিকে রাখিবন্ধন হিসেবে চিহ্নিত করলে |
| | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে |

**৫.ক (১) এর নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| ২(খ) | ৫ | দৃশ্যপটের ঘটনাটিকে ভ্রাতৃদ্বিতীয়া হিসেবে চিহ্নিত করে পাঠ্য পুস্তকের আলোকে বিস্তারিত বিশ্লেষণ করলে |
| | ৪ | দৃশ্যপটের ঘটনাটিকে ভ্রাতৃদ্বিতীয়া হিসেবে চিহ্নিত করে পাঠ্য পুস্তকের আলোকে আংশিক বিশ্লেষণ করলে |
| | ৩ | দৃশ্যপটের ঘটনাটিকে ভ্রাতৃদ্বিতীয়া হিসেবে চিহ্নিত করে অনুষ্ঠানটি সম্পর্কে বর্ণনা করলে |
| | ২ | ভ্রাতৃদ্বিতীয়া সম্পর্কে লিখলে |
| | ১ | দৃশ্যপটের ঘটনাটিকে ভ্রাতৃদ্বিতীয়া হিসেবে চিহ্নিত করলে। |
| | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে |

---- .

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা-২০২৪

বিষয়: ইসলাম শিক্ষা

শ্রেণি: নবম



| ক্রম | এক নজরে নির্দেশিকার বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ক. | বার্ষিক পরীক্ষার সিলেবাস | ১ |
| খ. | মূল্যায়ন কাঠামো | ১ |
| গ. | প্রশ্নের ধারা ও মানবণ্টন | ১ |
| ঘ. | প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত বিষয় শিক্ষকের জন্য নির্দেশনা | ২ |
| ঙ. | শিখনকালীন মূল্যায়ন | ৩ |
| চ. | নমুনা প্রশ্ন | ৪ |
| ছ. | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) (রচনামূলক) | ৮ |



## (ক) বার্ষিক পরীক্ষার সিলেবাস

| অধ্যায় | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ম অধ্যায় | আখিরাতের প্রতি ইমান, কুফর, নিফাক | ১০ থেকে ২৩ পর্যন্ত |
| ২য় অধ্যায় | সাওম, যাকাত, হজ, ওমরাহ্ | ৩৪ থেকে ৬০ পর্যন্ত |
| ৩য় অধ্যায় | সূরা আল-ফিল, সূরা আল-কদর, সূরা আদ-দুহা, সূরা আল-আলাক, আল হাদিস | ৮০ থেকে ১০৮ পর্যন্ত |
| ৪র্থ অধ্যায় | সম্পুর্ণ | ১০৯ থেকে ১২৯ পর্যন্ত |
| ৫ম অধ্যায় | মহানবি হযরত মুহাম্মাদ (সা.), হযরত মুসা (আ.), হযরত রাবেয়া বসরি (রহ.) | ১৩৯-১৫১; এবং ১৫৭ থেকে ১৬০ ১০ থেকে ২৩ পর্যন্ত |
| ৬ষ্ঠ অধ্যায় | সম্পুর্ণ | ১৬৭ থেকে ১৭১ পর্যন্ত |

## (খ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

## (গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন

### (i) সামষ্টিক মূল্যায়ন

অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০

| আইটেমের নাম (Item name) | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| নৈর্ব্যক্তিক প্রশ্ন (এমসিকিউ ১৫টি) | ১৫টি | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| নৈর্ব্যক্তিক প্রশ্ন (এক কথায় উত্তর ১০টি) | ১০টি | ১×১০=১০ | |
| সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন (Short question) (৫টি থেকে ৫টির উত্তর দিতে হবে) | ৫টি | ৫×৫ =২৫ | |

(ঘ) প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত বিষয় শিক্ষকের জন্য নির্দেশনা

| | আইটেমের ধরন | প্রশ্নের মান | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | প্রত্যাশিত সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ক. বহুনির্বাচনী প্রশ্ন (জ্ঞান ও বোধগম্যতা স্তরের দৃশ্যপটবিহীন এবং দৃশ্যপট নির্ভর) | ১ | ১৫ টি | ১×১৫=১৫ | ১৫ মিনিট | • ১ অথবা ০ পাবে<br>• কোনো বিকল্প প্রশ্ন থাকবেনা |
| ২ | খ. এক কথায় উত্তর (জ্ঞান ও অনুধাবন স্তরের) | ১ | ১০ টি | ১×১০=১০ | ১৫ মিনিট | • জ্ঞান ও বোধগম্যতা যাচাইয়ের জন্য<br>• কোনো বিকল্প প্রশ্ন থাকবেনা |
| ৩ | গ. সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | ৫ | ৫টি | ৫×৫=২৫ | ৪০ মিনিট | প্রযোজ্য ক্ষেত্রে<br>• জ্ঞান ও বোধগম্যতা যাচাইয়ের জন্য<br>• কোনো বিকল্প প্রশ্ন থাকবেনা |
| ৪ | ঘ. রচনামূলক প্রশ্ন- (সকল দক্ষতা স্তরের দৃশ্যপটবিহীন এবং দৃশ্যপট নির্ভর) | ১০ | ৫টি | ১০×৫ | ১১০ মিনিট | প্রযোজ্য ক্ষেত্রে<br>• জানা বিষয়কে বাস্তব পরিস্থিতিতে প্রয়োগ করতে পারার দক্ষতা (জেনে ও বুঝে প্রয়োগ করতে পারা)<br>• ইসলামের বিধি বিধানকে উপাদানে ভেঙ্গে যোগসূত্র স্থাপন করা (বিশ্লেষণ,সংশ্লেষণ)<br>• নিজের ও সমাজের করণীয় লিখতে পারা (মূল্যায়ন ও সৃজনশীলতা)<br>• প্রতিফলন<br>• সৃজন/প্রণয়নধর্মী<br>• অনুসন্ধানী<br>• চিন্তামূলক<br>• কেন্দ্রচ্যুতিমূলক<br>• কেইস স্টাডি বা বিশ্লেষণ ধরনের প্রশ্ন অন্তর্ভূক্ত থাকবে।<br>• ৮টি প্রশ্নের মধ্যে ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। |
| | | | | **১০০** | **৩ ঘন্টা** | |
| | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন ও দৃশ্যপটসহ) (৮টি থেকে ৫টির উত্তর দিতে হবে।) | ৫টি (৮টির মধ্যে) | ১০×৫ =৫০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

## (ঙ) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর |
|---|---|
| **এসাইনমেন্ট/ প্রতিবেদন**<br>**নমুনা:** 'আমি দৈনন্দিন কার্যক্রমে যেভাবে সহমর্মিতা চর্চা করব' (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ১৭০) | ১০ |
| **শ্রেণির কাজ**<br>(পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লো চার্ট অংকন) - একটি করে নমুনা সহ<br>**নমুনা: (জোড়ায় কাজ)** আমাদের যে সব কথা ও কাজ কুফরির পর্যায়ে পড়ে তার একটি তালিকা প্রস্তুত করে শ্রেণিতে উপস্থাপন কর। (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ১৮) | ১০ |
| **ব্যবহারিক কাজ বা অনুশীলন**<br>সিলেবাসের সূরা তিলাওয়াত/ সালাত, হজের কার্যক্রম অনুশীলন<br><br>**নমুনা:** সূরা আল-কদরের বিশুদ্ধ তিলাওয়াত করে শোনাও। (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ৮৩) | ১০ |
| মোট | ৩০ |

বি. দ্র: : *(ক) শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে।

(খ) শিখনকালীন মূল্যায়নের জন্য সংগৃহীত রেকর্ডসমূহের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(গ) শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

## (চ) নমুনা প্রশ্নপত্র

| |
|---|
| এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবেনা। |

বার্ষিক সামষ্টিক মূল্যায়ন-২০২৪
বিষয়: ইসলাম শিক্ষা
শ্রেণি: নবম
সময়: ৩ ঘন্টা
পূর্ণমান: ১০০

[প্রতিটি প্রশ্নের মান ডান পাশে দেখানো হয়েছে]

### বিভাগ-ক (বহুনির্বাচনী প্রশ্ন) (১×১৫=১৫)

**নিচের প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখ**

১. ফেরেশতাগণ জান্নাতি মানুষদের কাছে গিয়ে কী বলবে?
ক) তোমাদের প্রতি রহমত
খ) তোমাদের প্রতি বরকত
গ) তোমাদের প্রতি সালাম
ঘ) তোমাদের প্রতি কালাম
সঠিক উত্তর: গ) তোমাদের প্রতি সালাম

২. জান্নাতে 'তাসনিম' নামক ঝর্ণা, যার পানি থাকবে______ ।
ক) সুশীতল খ) নাতিশীতোষ্ণ
গ) সুগন্ধময় ঘ) উত্তপ্ত
সঠিক উত্তর: খ) নাতিশীতোষ্ণ

৩. কিয়ামতের দিন মৃত্যুকে কালো মেঘ আকৃতিতে জান্নাত-জাহান্নামের মাঝখানে হাজির করা হবে। এ কথাটি কে বলেছেন?
ক) আল্লাহ তা'আলা খ) রাসুলুল্লাহ (সা.)
গ) হযরত আলী (রা.) ঘ) হযরত ফাতেমা (রা.)
সঠিক উত্তর: ক) রাসুলুল্লাহ (সা.)

৪. ইয়েমেনের রাজা জুনুওয়াস আসমানী কিতাবসমূহের মধ্যে কোন আসমানী কিতাবের কপি পুড়িয়ে দিয়েছিল?
ক) তাওরাত খ) যাবুর
গ) ইনজিল ঘ) কুরআন
সঠিক উত্তর: গ) ইনজিল

৫. লাওহে মাহফুজ থেকে সম্পূর্ণ কুরআন প্রথম আসমানের কোন স্থানে নাজিল করা হয়েছিল?
ক) বায়তুল ইযযাহ খ) বায়তুল ফালাহ
গ) বায়তুর মুকাদ্দিম ঘ) বায়তুল মোকাররম
সঠিক উত্তর: ক) বায়তুল ইযযাহ

৬. ‘অতএব আপনি ইয়াতিমদের প্রতি কঠোর হবেন না।’ এটি কোন সূরায় বর্ণিত আছে?

ক) সূরা ফীল খ) সূরা আল-কদর
গ) সূরা আলাক ঘ) সূরা আদ-দুহা
সঠিক উত্তর: ঘ) সূরা আদ-দুহা

৭. রাসুলুল্লাহ (সা.) বললেন, ‘আগে তোমার উটকে বাঁধো, তারপর আল্লাহর ওপর তাওয়াক্কুল করো।’ এটি কোন হাদিস গ্রন্থে বর্ণিত হয়েছে?

ক) বুখারি খ) মুসলিম
গ) তিরমিযি ঘ) আবু দাউদ
সঠিক উত্তর: গ) তিরমিযি

৮. সালাত আদায় শেষে জীবিকা অন্বেষণের নির্দেশ দেওয়া হয়েছে কোন সূরায়?
ক) সূরা আল-জুমুআ খ) সূরা আল-বাকারা
গ) সূরা আল- ইয়াসিন ঘ) সূরা আল-বালাদ
সঠিক উত্তর: ক) সূরা আল-জুমুআ

৯. অসদুপায়ে অর্থ বা উপহার গ্রহণ করাকে কী বলে?

ক) চুরি খ) ডাকাতি
গ) সুদ ঘ) ঘুষ
সঠিক উত্তর: ঘ) ঘুষ

১০. মদিনা থেকে বহিষ্কৃত ইহুদিরা কোথায় আবাস গড়েছিল?
ক) খায়বার খ) বদর
গ) হুদায়বিয়া গ) তায়েফ
সঠিক উত্তর: ক) খায়বার

১১. কোন যুদ্ধে বীরত্বের সঙ্গে যুদ্ধ করে পরপর তিনজন সেনাপতি শহিদ হন?

ক) খায়বর যুদ্ধে   খ) বদর যুদ্ধে

গ) মুতার যুদ্ধে   ঘ) উহুদ যুদ্ধে

সঠিক উত্তর: গ) মুতার যুদ্ধে

১২. 'সত্য সমাগত, আর মিথ্যা বিতাড়িত। মিথ্যার বিনাশ অনিবার্য'- মহানবি (সা.) কোন সময় এ আয়াতটি তিলাওয়াত করতে থাকেন?

ক) মক্কা বিজয়ের সময়

খ) মদিনা হিযরতের সময়

গ) বিদায় হজের দিনে

ঘ) খায়বার বিজয়ের সময়

সঠিক উত্তর: ক) মক্কা বিজয়ের সময়

১৩. মক্কা বিজয়ের সময়ে মুসলিম বাহিনী মক্কার অদূরে ___________উপত্যকায় শিবির স্থাপন করে?

ক) মার-উজ জাফরান

খ) মার-উজ জাহান

গ) মার-উজ জাহরান

ঘ) মার-উজ জিহান

সঠিক উত্তর: গ) মার-উজ জাহরান

১৪. তাবুক অভিযান ইতিহাসে কী নামে পরিচিত?

ক) গাজওয়াতুল আহযাব

খ) গাজওয়াতুল বদর

গ) গাজওয়াতুল হুনাইন

ঘ) গাজওয়াতুল উসরা

সঠিক উত্তর: ঘ) গাজওয়াতুল উসরা

১৫. বিদায় হজের সময় মহানবি (সা.) কোন পাহাড়ের চূড়ায় দাড়িয়ে মুসলমনদের লক্ষ করে ভাষণ দিয়েছিলেন?

ক) জাবালে উহুদ   খ) জাবালে রহমত

গ) জাবালে নূর   গ) জাবালে সাওর

সঠিক উত্তর: খ) জাবালে রহমত

## বিভাগ-খ (এক কথায় উত্তর)   ১×১০ =১০

**নিচের প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখ**

**সঠিক উত্তর**

| | | |
|---|---|---|
| ১. | আল- কুরআনে কয়টি জান্নাতের নাম পাওয়া যায়? | (৮টি) |
| ২. | ইমানের বিপরীত শব্দ কী? | (কুফর) |
| ৩. | নিফাক কয় ধরনের? | (২ ধরনের) |
| ৪. | সাওম ইসলামের কততম রুকন? | (তৃতীয়) |
| ৫. | ফিদিয়া অর্থ কী? | (কাফফারা/মুক্তিপণ) |
| ৬. | সূরা আল-আলাকের 'আলাক' শব্দটির অর্থ কী? | (লেগে থাকা রক্ত) |
| ৭. | সূরা আল-কদর পবিত্র কুরআনের কততম সুরা? | (৯৭তম) |
| ৮. | সূরা আলাকের কয়টি আয়াত হেরা গুহায় নাজিল হয়? | (৫ আয়াত) |
| ৯. | ধনীদের ধন-সম্পদে কাদের হক রয়েছে? | (অভাবগ্রস্ত ও বঞ্চিতদের) |
| ১০ | মহানবি (সা.) কত খ্রিষ্টাব্দে মক্কা বিজয় করেন? | (৬৩০ খ্রিষ্টাব্দে) |

## বিভাগ-গ (সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন) (৫×৫=২৫)

**নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও**

১. মুনাফিক চেনার উপায় কী? মুনাফিক ব্যক্তি কীভাবে আমাদের সমাজের শান্তি-শৃঙ্খলা নষ্ট করে? (৩+২) ৫
২. ইবাদাত কী? কেন ইবাদাত করা প্রয়োজন? ৫
৩. উশর বা ফসলের যাকাত আদায়ের বিধান লিখ। ৫
৪. ঘুষ কি? ঘুষ আদান-প্রদানের পরিণতি সম্পর্কে ইসলামের নির্দেশনা কী? (২+৩) ৫
৫. মহানবি (সা.) এর শৈশব থেকে তোমার অনুসরণীয় শিক্ষাসমূহ চিহ্নিত করো। ৫

## বিভাগ-ঘ (রচনামুলক প্রশ্ন)

**যেকোন ৫টি প্রশ্নের উত্তর দাও** **৫×১০=৫০**

১. আল্লাহর কাছে তুমি কেন জান্নাতুল ফেরদৌস চাইবে? এ জান্নাত লাভের জন্য তুমি কী কী কাজ অভ্যাসে পরিণত করবে তা বর্ণনা কর। (৩+৭) ১০
২. কোনো একজন মুসলমান ব্যক্তি বিশ্বাস করেন যে, আল্লাহ সবকিছু দেখেন ও জানেন। কিন্তু তিনি বিলম্বে কর্মস্থলে উপস্থিত হন এবং কখনো কখনো মাদকদ্রব্য গ্রহণ করেন। মাঝে মাঝে ইচ্ছা করে ফরয সালাত ছেড়ে দেন। ইসলামি পরিভাষায় এ ব্যক্তির এ কাজগুলো কিসের অন্তর্ভুক্ত? এর পরিণতি ও প্রতিকার ইসলামের আলোকে ব্যাখ্যা কর। (২+৫+৩) ১০
৩. বাংলাদেশে মুসলমানদের কেউ কেউ দয়া দেখিয়ে যাকাতের অর্থ থেকে দরিদ্রদের মধ্যে শাড়ি ও লুঙ্গি বিতরণ করে। কেউ কেউ গরীব-দু:খীদের হাতে নিজের খেয়াল খুশিমত নগদ অর্থ দিয়ে থাকেন। আবার কেউ কেউ ঐচ্ছিকভাবে সরকারি যাকাত ফান্ডে কিংবা ব্যাংকের যাকাত তহবিলে অর্থ জমা দিয়ে যাকাত আদায় করেন। এ নিয়মে যাকাত আদায় করে দেশের দারিদ্র দূরীকরণ কতটা সম্ভব? মতামত দাও। ১০
৪. আল-কুরআনে হজের নির্দেশ সংক্রান্ত বাণীটির অর্থ লিখ। হজের গুরুত্ব ও তাৎপর্য ব্যাখ্যা কর। (৩+৭) ১০
৫. হযরত মুহাম্মাদ (সা.) এর বিদায় হজের ভাষণ ছিল বিশ্বমানবতার এক মুক্তির সনদ-বিদায় হজের ভাষণের আলোকে এ উক্তিটি মূল্যায়ন করো। ১০
৬. কোন সূরাটিতে হস্তি বাহিনীর পরিণতির কথা বলা হয়েছে? সূরাটির অনুবাদ ও শিক্ষা নিজের ভাষায় লিখ। (২+৫+৩) ১০
৭. উত্তম চরিত্র অর্জনের উপায় কী? উত্তম চরিত্র কীভাবে একজন মানুষকে তাকওয়া অর্জনের দিকে অগ্রসর করে? (৩+৭) ১০

৮. ইসলামে সহমর্মিতার গুরুত্ব কী? তুমি তোমার পরিবারে ও সমাজে কোন কোন ক্ষেত্রে এবং কীভাবে এর চর্চা করবে? (৩+৩+৪) ১০

**(ছ) মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

**প্রশ্ন-৩:** বাংলাদেশে মুসলমানদের কেউ কেউ দয়া দেখিয়ে যাকাতের অর্থ থেকে দরিদ্রদের মধ্যে শাড়ি ও লুঙ্গি বিতরণ করে। কেউ কেউ গরীব দু:খীদের হাতে নিজের খেয়াল খুশিমত নগদ অর্থ দিয়ে থাকেন। আবার কেউ কেউ ঐচ্ছিকভাবে সরকারি যাকাত ফান্ডে কিংবা ব্যাংকের যাকাত তহবিলে অর্থ জমা দিয়ে যাকাত আদায় করেন।

এ নিয়মে যাকাত আদায় করে দেশের দারিদ্র দূরীকরণ কতটা সম্ভব? মতামত দাও।

| মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | | | | | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| নির্দেশক | | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | | | |
| | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| ক | যাকাত দানের বিভিন্ন পরিস্থিতি | যাকাত দানের ৪টি বাস্তব পরিস্থিতির ব্যাখ্যা করতে পারলে | যাকাত দানের ৩টি বাস্তব পরিস্থিতির ব্যাখ্যা করতে পারলে | যাকাত দানের ২টি বাস্তব পরিস্থিতির ব্যাখ্যা করতে পারলে | যাকাত দানের ১টি বাস্তব পরিস্থিতির ব্যাখ্যা করতে পারলে | যাকাত দানের ১টি বাস্তব পরিস্থিতি উল্লেখ করতে পারলে | ৫ | |
| খ | যাকাত প্রদানের সঠিক নিয়ম | যাকাত প্রদানের সঠিক নিয়ম কুরআনের বাণীসহ লিখতে পারলে | যাকাত প্রদানের সঠিক নিয়ম কুরআনের বাণী ছাড়া লিখলে | যাকাত প্রদানের সঠিক নিয়ম যথাযথভাবে লিখতে পারলে | যাকাত প্রদানের সঠিক নিয়ম আংশিকভাবে লিখতে পারলে | যাকাত প্রদানের যে কোন একটি নিয়ম লিখতে পারলে | ৫ | |
| | | | | | | মোট | ১০ | |
| | | | | | | | | |

# বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

## বিষয়ভিত্তিক নির্দেশনা

### বিষয়: জীবন ও জীবিকা

### শ্রেণি: নবম

**(ক) প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে লক্ষ্যণীয়**

- বার্ষিক মূল্যায়নের জন্য নির্ধারিত সিলেবাসের ভিত্তিতে প্রশ্ন প্রণয়ন করতে হবে; প্রতিটি অভিজ্ঞতা থেকে প্রশ্ন থাকতে হবে।
- বিষয়ভিত্তিক নির্দেশনায় উল্লিখিত মানবন্টন ও ধরন অনুসরণ করে প্রশ্ন প্রণয়ন করতে হবে
- বহুনির্বাচনি প্রশ্নের ক্ষেত্রে সরাসরি পাঠ্যপুস্তক থেকে লাইন উল্লেখ করে প্রশ্ন দেওয়া যাবেনা। এমন প্রশ্ন করতে হবে যেন উত্তর দেওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীকে ভেবে বা চিন্তা করতে হয়। তবে অপশনের ক্ষেত্রে একটিই সঠিক উত্তর থাকবে, একের অধিক উত্তর রাখা যাবে না।
- কোনো প্রশ্নে 'না' বোধক উত্তর চাওয়া হলে সেটির ক্ষেত্রে উল্লিখিত শব্দটি গাঢ় (বোল্ড) এবং নিচে দাগ (আন্ডারলাইন) করে দিতে হবে, যাতে শিক্ষার্থীর নজর এড়িয়ে না যায় (যেমন, কোনটি **পরিত্যাজ্য,** কোনটি **নয়**, ইত্যাদি ক্ষেত্রে)
- **এক কথায় উত্তরের** ক্ষেত্রে প্রশ্নটি এমনভাবে করতে হবে, যেন এক বা দুই শব্দে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে (জ্ঞানমূলক বা তথ্যনির্ভর প্রশ্ন হতে পারে)। **এখানে কোন বিকল্প থাকবে না ।**
- **সংক্ষিপ্ত প্রশ্নগুলোর** ক্ষেত্রেও লক্ষ্য রাখতে হবে যেন উত্তর সংক্ষিপ্ত হয় এবং সকল শিক্ষার্থী প্রায় একই ধরনের উত্তর প্রদান করে এমন প্রশ্ন হতে হবে (জ্ঞানমূলক ও অনুধাবনমূলক, যেমন- ... ... ... কী, উদাহরণ দাও, ইত্যাদি)। **এখানে কোন বিকল্প থাকবে না ।**
- **গ বিভাগ এর রচনামূলক প্রশ্নের ক্ষেত্রে** কোনো **দৃশ্যপট** উল্লেখ করার প্রয়োজন নেই। পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ব্যাখ্যা ও উদাহরণের আলোকে যেন উত্তর প্রদান করতে পারে, এমন হতে হবে। **এখানে ৫ টি প্রশ্ন থেকে ৩ টির উত্তর করতে হবে ।**
- শিক্ষার্থী ইতিপূর্বে পাঠ্যপুস্তকে সন্নিবেশিত যেসব অভিজ্ঞতা সম্পন্ন করেছে, তার আলোকে **ঘ-বিভাগে দৃশ্যপটনির্ভর প্রশ্ন** করতে হবে। এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে, প্রশ্ন যাতে হুবহু মিলে না যায়। অর্থাৎ পাঠ্যপুস্তকে সন্নিবেশিত কার্যক্রমের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষার্থীকে উত্তর দিবে, তবে উদাহরণের পুনরাবৃত্তি হবে না, সম্পূর্ণ নতুন পরিস্থিতি বা ভিন্নধর্মী প্রেক্ষিত হতে হবে। **এখানে ৭ টি প্রশ্ন থেকে ৫ টির উত্তর করতে হবে ।**

**(খ) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম**

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | আর্থিক ভাবনা | ১-২৯ |
| ০২ | উদ্যোক্তা হিসেবে যাত্রা | ৩০-৬০ |
| ০৩ | স্বপ্নের ক্যারিয়ার সাজাই | ৬১-৯০ |

**(গ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

(ঘ) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Iteam type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work)<br>{নমুনা:<br>অ্যাসাইনমেন্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ০৬-০৭, ২২-২৩ তে দেওয়া একক কাজ এবং এ জাতীয় অন্যান্য কাজ ।<br>ব্যাবহারিক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ২৭-২৮ এবং এ জাতীয় অন্যান্য কাজ । | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প/প্রতিবেদন উপস্থাপন ( inquisitive work, project proposal, report presentation)<br>{নমুনা:<br>প্রকল্প/প্রজেক্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৫৭, ৮৮ তে দেওয়া কাজ<br>অনুসন্ধানমূলক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৪৩-৪৯, ৫১ তে দেওয়া একক কাজ এবং এ জাতীয় অন্যান্য কাজ । | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) - যেমন: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৫৮, ৬৩, ৬৫, ৬৯, ৭৫ , ৮৬ দেওয়া এবং এ জাতীয় অন্যান্য কাজ । | ১০ |

*** শিক্ষক উপরের ছকে প্রতিটি ক্যাটাগরিতে উল্লিখিত নমুনা কাজগুলো থেকে এক বা একাধিক কাজ শিখনকালীন মূল্যায়নের জন্য বেছে নিতে পারেন। সবগুলো কাজ যে উপরের তিনটি ক্যাটাগরিতে ভাগ করেই করতে হবে এমনটি নয় । শিক্ষক যে কোন ধরনের ৩ টি কাজের মাধ্যমেও মূল্যায়ন করতে পারেন ।**

(ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

| বিভাগ | আইটেমের নাম | | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| ক | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | |
| খ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২×১০=২০ | |
| গ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ | ৩ | ৫×৩=১৫ | |
| ঘ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ | ৫ | ৮×৫=৪০ | |
| | মোট | | | | ১০০ | |

***১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।**

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪

## নমুনা প্রশ্নপত্র

বিষয়: জীবন ও জীবিকা

শ্রেণি: নবম

পূর্ণমান: ১০০

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

---

## ক বিভাগ: নৈর্ব্যক্তিক

**সঠিক উত্তর চিহ্নিত করে খাতায় লিখ (১-১৫ পর্যন্ত)। প্রতিটি প্রশ্নের মান সমান।** **১×১৫=১৫**

**১. একজন মানুষ নিজের পছন্দ ও যোগ্যতা অনুযায়ী যা করতে চায় তা খুঁজে বের করার জন্য কোন বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া প্রয়োজন ?**

ক. নিজের আগ্রহ ও দক্ষতা
খ. পেশা, বৃত্তি ও কাজ
গ. দক্ষতা ও অভিজ্ঞতা
ঘ. লক্ষ্য ও পরিকল্পনা নির্ধারণ

**২. নিজের যোগ্যতা থাকা সত্ত্বেও সফল ক্যারিয়ার গঠন বাধাগ্রস্থ হয় কেন?**

ক. চাকরি অনুসন্ধান না করলে
খ. চাহিদা অনুযায়ী কাজের ক্ষেত্র পরিবর্তন না করলে
গ. লক্ষ্য বা পরিকল্পনা স্থির না করলে
ঘ. বিভিন্ন পেশা সম্পর্কে জ্ঞান না থাকলে

**৩. ট্যুরিজম ও হসপিটালিটি সেক্টরে কত ভাগ পেশা ঝুঁকিতে আছে ?**

ক. ৬০ ভাগ
খ. ৪০ ভাগ
গ. ৩০ ভাগ
ঘ. ২০ ভাগ

**৪. 4IR - এর পূর্ণরূপ কি?**

ক. Four Industry Revolution
খ. Fourth Industry Revolution
গ. Fourth industry Regulation
ঘ. 4th industrial Revolution

**৫. সময়গত বিবেচনায় বিনিয়োগ কয় ধরনের হয় ?**

ক. ৩ ধরনের
খ. ৪ ধরনের
গ. ৫ ধরনের
ঘ. ৬ ধরনের

**৬. নিচের কোনটি পরোক্ষ ব্যয় নয় ?**

ক. দোকান ভাড়া
খ. কর্মচারীর বেতন
গ. বিজ্ঞাপন ব্যয়
ঘ. ক্রয় পরিবহন

**৭. মূলধন ব্যয় কোনটি ?**

ক. প্রাথমিক ব্যয়
খ. প্রদত্ত বেতন
গ. ভাড়া প্রদান
ঘ. মজুরি ব্যয়

**৮. এস এ খতিয়ান সম্পর্কে নিচের কোন উক্তিটি সঠিক ?**

ক. ১৯৫৬ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত এই জরিপ পরিচালিত হয়

খ. ১৯৩০ সাল থেকে ১৯৪০ সাল পর্যন্ত এই জরিপ পরিচালিত হয়

গ. ১৯৪০ সাল থেকে ১৯৪৮ সাল পর্যন্ত এই জরিপ পরিচালিত হয়

ঘ. ১৯৬০ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত এই জরিপ পরিচালিত হয়

**৯. নিচের কোনটি অনানুষ্ঠানিক শ্রম বাজার নয় ?**

ক. নিজের দোকান বা ব্যবসা প্রতিষ্ঠানে কাজ    খ. গৃহস্থালি কাজ

গ. হকারি    ঘ. শিল্প-প্রতিষ্ঠানে কাজ

**১০. নিজের কোন উদ্যোগটি অলাভজনক ?**

ক. ব্যবসায়িক    খ. সামাজিক

গ. বাণিজ্য    খ. শিল্প

**১১. নিচের কোনটি বাংলাদেশের প্রথম ভূমি জরিপ?**

ক. সিএস খতিয়ান    খ. এসএ খতিয়ান    গ. আরএস খতিয়ান    ঘ. বিএস খতিয়ান

**১২. কোনটি খসড়া খতিয়ান?**

ক. ডিপি পর্চা    খ. মাঠ পর্চা    গ. বিএস    ঘ. আরএস

**১৩. কোন ধরনের বিনিয়োগে করলে লোকসানের সম্ভাবনা নেই?**

(ক) শেয়ারে    খ. সরকারি সঞ্চয়পত্র    গ. ব্যবসায়    ঘ. কৃষি পণ্যে

**১৪. ক্যারিয়ারকে সুসংগঠিত ও সাফল্যময় করার জন্য কাজের ক্ষেত্র পরিবর্তনের ক্ষেত্রে কোন বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে ?**

ক. সময় ও সুযোগ    খ. জ্ঞান ও দক্ষতা    গ. মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি    ঘ. প্রশিক্ষণ ও পরিকল্পনা

**১৫. পারিবারিক খরচগুলো নির্দিষ্ট বাজেটের মধ্যে পরিচালনার ক্ষেত্রে নিচের কোন বিষয়টি সর্বাধিক গুরুত্ব পাবে ?**

ক. আয়ের সাথে ব্যয়ের সামন্জস্যতা    খ. সুষ্ঠু ব্যয় পরিকল্পনা

গ. উপযুক্ত জবাবদিহিতা    ঘ. পরিবারের সকলের আন্তরিকতা

**<u>এক কথায় উত্তর দাও (১৬-২৫)। প্রতিটি প্রশ্নের মান ১।</u>    <u>১×১০=১০</u>**

১৬. একজন মানুষের সারা জীবনের পেশা সংক্রান্ত কর্মকাণ্ডকে কি বলে?

১৭. বাংলাদেশের সর্বশেষ খতিয়ান কোনটি ?

১৮. সামাজিক উদ্যোক্তার প্রধান লক্ষ্য কি থাকে?

১৯. পণ্য উৎপাদন ব সেবা প্রদানের জন্য যে খরচ হয়, তা হল –

২০. উৎপাদনের জন্য কাঁচামাল ও শ্রম ব্যয়কে কি বলে ?

২১. জমিদারি প্রথা বিলোপ হয় কত সালে ?

২২. কোন সম্পদ বা পণ্য ব্যবহারের ফলে যে সুবিধা পাওয়া যায় তাকে কি বলে ?

২৩. স্টক এক্সচেঞ্জে নিবন্ধিত কোন কোম্পানির শেয়ারকে কি বলে ?

২৪. জরিপ ও ভূমি ব্যবস্থাপনার ইউনিট কোনটি ?

২৫.মুক্ত বাজার অর্থনীতির অন্যতম একটি আধুনিক বৈশিষ্ট্য কী ?

## খ-বিভাগ: সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

**সংক্ষিপ্ত উত্তর দাও (১-১০)। প্রতিটি প্রশ্নের মান ২ ।** **২×১০=২০**

১. পারিবারিক বিনিয়োগ পরিকল্পনার ধাপসমূহের একটি ফ্লোচার্ট দেখাও ।

২. ঋণ পণ্য বলতে কি বুঝ ?

৩. জমি ক্রয়ের প্রয়োজনীয় খতিয়ানগুলোর নামের তালিকা লেখ ।

৪. মূলধনী পণ্য কাকে বলে ?

৫. ক্ষুদ্র ব্যবসা শুরু করার ধারাবাহিক ধাপগুলোর নাম লেখ ।

৬. ব্যবসায়ের আইডিয়া নির্দিষ্ট করার জন্য কি কি বিবেচনা করতে হয় ?

৭. ব্যবসায়িক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে কোন বিষয়গুলো বেশি গুরুত্ব দিতে হবে ?

৮. সামাজিক উদ্যোগ বাস্তবায়নের জন্য কয় ধরনের ব্যয় নির্ণয় করতে হয় ?

৯. আউট সোর্সিং কী ? উদাহরণসহ লেখ

১০.৫টি সেবা খাতের নাম লেখ ।

## গ-বিভাগ: রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)

**নিচের প্রশ্নগুলোর বিস্তারিত উত্তর দাও ( ৫টি থেকে যেকোনো ৩টি)।** **৫×৩=১৫**

১. . জমির আরএস খতিয়ান এবং বিএস খতিয়ান কি, সংক্ষেপে লিখ । জমি ক্রয়ের ক্ষেত্রে করণীয় কাজসমূহরে ধারবাহিক বর্ণনা লিখ ।

২. তোমার পরিবারের আয়ের খাতসমূহ চিহ্নিত কর । আয়ের খাতসমূহের আলোকে -প্রত্যক্ষ আয় এবং পরোক্ষ আয় এর উপখাতসমূহও চিহ্নিত কর ।

৩. ক্যারিয়ারের লক্ষ্য নির্ধারণে বিবেচ্য বিষয়সমূহ বর্ণনা কর ।

৪. … … …

৫. … … …

## ঘ-বিভাগ: রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)

**নিচের দৃশ্যপটনির্ভর প্রশ্নগুলোর উত্তর দাও ( ৭ টি থেকে যেকোনো ৫টি)।** **৮(৪+৪))×৫=৪০**

**১. তোমার পিতা তোমাদের পরিবারের জন্য এক মাসের একটি সম্ভাব্য পারিবারিক বাজেট বিবরণী তৈরী করতে বলেছে। বিবরণীতে তোমার পরিবারের আয়, ব্যয় এবং সঞ্চয় -এই তিনটি খাতের আওতায় বিভিন্ন উপখাত থাকবে। এই খাত-উপখাত সমূহের আলোকে একটি পারিবারিক বাজেট বিবরনী তৈরী করে তোমার পিতাকে জমা দিবে। এজন্য নিচের প্রশ্নগুলোর উত্তর দাও এবং কার্যক্রমগুলো সম্পাদন কর –**

**ক.** তোমার পরিবারে বিভিন্ন খাত অনুয়ায়ী সম্ভাব্য আয়, ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। এই আয়-ব্যয়ের ভিত্তিতে সম্ভাব্য সঞ্চয়ের পরিমাণ নির্ণয় কর।

**খ.** পরিবারেরে এই সম্ভাব্য আয়, ব্যয় এবং সঞ্চয়ের আলোকে একটি পারিবারিক বাজেট বিবরণী তৈরী করবে।

**২. তোমার বিদ্যালয়ে সামাজিক উদ্যোগ বাস্তবায়ন নামক একটি কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এই কর্মসূচীর আলোকে তোমাদেরকে বিদ্যালয়ের বিভিন্ন সমস্যা চিহ্নিত করতে বলা হয়েছে এবং সম্ভাব্য সমাধান বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়ন করে শিক্ষকের মাধ্যমে বিদ্যালয় কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে বলা হয়েছে। এজন্য নিচের প্রশ্নগুলোর উত্তর দাও এবং কার্যক্রমগুলো সম্পাদন কর –**

**ক.** শিক্ষার্থীরাই ভুক্তভোগী হয়, বিদ্যালয়ের সাথে সংশ্লিষ্ট এমন একটি করে সমস্যা চিহ্নিত করবে। সমস্যাসমূহ বিদ্যালয়ের ভিতরে কিংবা বিদ্যালয়ে আসা-যাওয়ার পথে শিক্ষর্থীরা সম্মুখীন হয়, এরকমও হতে পারে। সমস্যাটি সমাধানের একটি কার্যকর সমাধান প্রস্তাবনা করবে। প্রস্তাবনা এক বা একাধিক হতে পারে, সেক্ষেত্রে প্রতিটির তুলানামূলক উপযোগিতা বিশ্লেষণ করতে হবে।

খ. এবার সমাধান প্রস্তাবনাটি বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়ন কর। পরিকল্পনাটি বাস্তবায়নের বিভিন্ন ধাপ সুনির্দিষ্টভাবে উল্লেখ কর। প্রতিটি ধাপের কাজসমূহ সুনির্দষ্টভাবে উল্লেখ কর। প্রতিটি ধাপের কাজসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্ব বন্টনের কোন পরিকল্পনা থাকলে সেটিও উল্লেখ কর। সবশেষে, সম্পূর্ণ পরিকল্পনাটি একটি ফ্লো-চার্ট আকারে চিত্রিত কর।

**৩. তোমার পিতা তোমাদের পার্শ্ববর্তী এক চাচা থেকে একটি জমি ক্রয় করতেছেন। তোমার এক মামাত ভাই তোমাদের বাসায় বেড়াতে এসে একথা শুনে বলল- আংকেল, জমি কেনার আগে কিন্তু অনেক কিছু ভালভাবে যাছাই করতে হয়। এই যাচাই-বাছাইয়ের কাজটি তোমার পিতা তোমাকেই করতে বলল। এজন্য নিচের প্রশ্নগুলোর উত্তর দাও এবং কার্যক্রমগুলো সম্পাদন কর –**

ক. জমি ক্রয়ের পর যা করণীয় তার ধারাবাহিক বিবরণী লিখ।

খ. অনলাইন প্লাটফরম ব্যবহার করে নামজারির প্রক্রিয়াটি বর্ণনা কর।

**৪. নূর ফার্মেসীর ব্যবস্থাপক মিডফোর্ড থেকে এন্টিবায়োটিক সিরাপ প্রতিটি ২৭৫ দরে ১৫০ টি ক্রয় করলেন। তিনি ঔষধগুলো ফার্মেসীতে আনার পরিবহন ভাড়া ৩০০ টাকা, প্যাকিং খরচ ২০০ টাকা, মজুরি খরচ ২৫০ টাকা পরিশোধ করেন। ঔষধ বিক্রয় করার জন্য দোকন ভাড়া ৪০০০ টাকা এবং বিক্রয় কর্মীর বেতন ৩০০০ টাকা প্রদান করেন।**

ক. ক্রয়মূল্য কী ? উপরিল্লিখিত তথ্যের আলোকে প্রতিটি সিরাপের ক্রয়মূল্য নির্ধারণ কর।

খ. বিক্রয়মূল্য কাকে বলে ? প্রকৃত ক্রয়মূল্যের উপর ২৫% মুনাফা ধরে বিক্রয়মূল্য নির্ণয় কর।

**৫. নিচের চিত্রের বিষয়সমূহ বিবেচনায় নিয়ে প্রশ্নসমূহের উত্তর দাও -**




ক. সফট স্কিল কী ? তোমার পরিককল্পিত ক্যারিয়ারের জন্য প্রয়োজনীয় সফট স্কিল গুলোর বিবরণ দাও।

খ. উপরের চিত্রে নির্দেশিত বিষয়গুলোকে বিবেচনায় নিয়ে সুনির্দিষ্ট লক্ষ, সময়সূচি এবং লক্ষ্যে পৌছানোর ধাপগুলো উল্লেখ করে তোমার জন্য একটি ক্যারিয়র পরিকল্পনা তৈরী কর।

৬. ... ... ...

৭. ... ... ...

---

## নমুনা প্রশ্নের আলোকে নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর এবং অন্যান্য অংশের নম্বর প্রদানের রুব্রিক্স

**ক বিভাগ: নৈর্ব্যত্তিক অংশ - বহুনির্বাচনী প্রশ্নের (MCQ) এর উত্তর**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|---|---|
| ১ | ক | ৬ | ঘ | ১১ | ক |
| ২ | খ | ৭ | ক | ১২ | ক |
| ৩ | ঘ | ৮ | ক | ১৩ | খ |
| ৪ | ঘ | ৯ | ঘ | ১৪ | খ |
| ৫ | ক | ১০ | খ | ১৫ | খ |

## ক বিভাগ: নৈর্ব্যক্তিক অংশ - এক কথায় প্রশ্নের উত্তর

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|
| ১. | ক্যারিয়ার | ৬. | ১৯৫০ সালে |
| ২. | বিএস | ৭. | উপযোগ |
| ৩. | সমাজের কল্যাণ | ৮. | ইক্যুইটি শেয়ার |
| ৪. | উৎপাদন ব্যয় | ৯. | মৌজা |
| ৫. | প্রত্যক্ষ ব্যয় | ১০. | গিগ ইকোনোমি |

## খ-বিভাগ: সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন - নম্বর প্রদানের রুব্রিক্স

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদনের শর্ত |
|---|---|---|
| সংক্ষিপ্ত প্রশ্ন **৫.** ক্ষুদ্র ব্যবসা শুরু করার ধারাবাহিক ধাপগুলোর নাম লেখ। | ২ | ৮-১০ টি ধাপের নাম লিখতে পারলে |
| | ১ | ৪-৭ টি ধাপের নাম লিখতে পারলে |
| | ০ | ৩টির ধাপের কম লিখতে পারলে /অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে |

## গ-বিভাগ: রচনামুলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) - নম্বর প্রদানের রুব্রিক্স

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদনের শর্ত |
|---|---|---|
| ১. . জমির আরএস খতিয়ান এবং বিএস খতিয়ান কি, সংক্ষেপে লিখ। জমি ক্রয়ের ক্ষেত্রে করণীয় কাজসমূহরে ধারবাহিক বর্ণনা লিখ | ৫ | আরএস খতিয়ান, বিএস খতিয়ানের সংক্ষিপ্ত বর্ণনাসহ জমি ক্রয়ের করণীয় কাজসমূহরে ধারবাহিক বর্ণনা লিখতে পারলে |
| | ৩-৪ | আরএস/বিএস খতিয়ানের যে কোন একটির সংক্ষিপ্ত পরিচিতিসহ জমি ক্রয়ের করণীয় কাজসমূহ লিখতে পারলে। |
| | ২ | শুধুমাত্র আরএস/বিএস খতিয়ানের পরিচিতি লিখলে অথবা শুধুমাত্র জমি ক্রয়ের করণীয় কাজসমূহ লিখলে। |
| | ১ | শুধুমাত্র আরএস/বিএস খতিয়ান, যে কোন একটির পরিচিতি লিখলে অথবা শুধুমাত্র জমি ক্রয়ের কয়েকটি ধাপ লিখলে। |
| | ০ | অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে |

## ঘ-বিভাগ: রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) - নম্বর প্রদানের রুব্রিক্স

| **প্রশ্ন নং** | **নম্বর** | **নম্বর প্রদানের নির্দেশিকা** |
|---|---|---|
| **দৃশ্যপটনির্ভর প্রশ্ন (১)** **ক.** তোমার পরিবারে বিভিন্ন খাত অনুয়ায়ী সম্ভাব্য আয়, ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। এই আয়-ব্যয়ের ভিত্তিতে সম্ভাব্য সঞ্চয়ের পরিমাণ নির্ণয় কর। | ৪ | সম্ভাব্য আয়, ব্যয়ের পরিমাণ নির্ণয় করে এর ভিত্তিতে সঞ্চয়ের পরিমাণ নির্ধারন করতে পারলে। |
| | ৩ | সম্ভাব্য আয়, ব্যয়ের পরিমাণ নির্ধারণ করে আংশিকভাবে হলেও সঞ্চয়ের পরিমাণ নির্ধারণ করতে পারলে। |
| | ২ | সম্ভাব্য আয়, ব্যয়ের পরিমাণ নির্ধারণ করতে পারেলে। |
| | ১ | সম্ভাব্য আয়, ব্যয় – যে কোন একটির পরিমাণ নির্ধারণ করতে পারলে। |
| | ০ | প্রদত্ত প্রশ্নের উত্তর না লিখতে পারলে/অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে |

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদানের নির্দেশিকা |
|---|---|---|
| **দৃশ্যপটনির্ভর প্রশ্ন (১)**<br>**খ.** পরিবারেরে এই সম্ভাব্য আয়, ব্যয় এবং সঞ্চয়ের আলোকে একটি পারিবারিক বাজেট বিবরণী তৈরী করবে। | ৪ | সম্ভাব্য আয়, ব্যয় এবং সঞ্চয়ের সাথে ধারাবাহিকতা এবং প্রাসঙ্গিকতা বজায় রেখে সঠিকভাবে পারিবারিক বাজেট বিবরণী তৈরী করতে পারলে। |
| | ৩ | সম্ভাব্য আয়, ব্যয় এবং সঞ্চয়ের সাথে আংশিক প্রাসঙ্গিকতা রেখে পারিবারিক বাজেট বিবরণী তৈরী করতে পারলে। |
| | ২ | সম্ভাব্য আয়, ব্যয় এবং সঞ্চয়ের সাথে কোন ধরনের প্রাসঙ্গিকতা না রেখে পারিবারিক বাজেট বিবরণী তৈরী করলে । |
| | ১ | বাজেট বিবরণীর একটি খসড়া লিখতে পারলে । |
| | ০ | প্রদত্ত প্রশ্নের উত্তর না লিখতে পারলে/অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে |

# ২০২৪ সালের বার্ষিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

## বিষয়: গণিত

## শ্রেণি: নবম

### ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম/সিলেবাস

| অভিজ্ঞতার ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ২ | অনুক্রম ও ধারা | ২৯ — ৫৮ |
| ৩ | লগারিদমের ধারণা ও প্রয়োগ | ৫৯ — ৮০ |
| ৫ | বাস্তব সমস্যা সমাধানে সহসমীকরণ | ১১৩ — ১৪০ |
| ৬ | পরিমাপে ত্রিকোণমিতি | ১৪১ — ১৫৬ |
| ৭ | কৌণিক দূরত্ব পরিমাপে ত্রিকোণমিতি | ১৫৭ — ১৭৮ |
| ৯ | বিস্তার পরিমাপ | ২১১ — ২৩৫ |

### খ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

### গ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

| আইটেমের নাম (Item Name) | নির্ধারিত নম্বর |
|---|---|
| **অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ (Assignment/Practical Work)**<br><br>**নমুনা প্রশ্ন:**<br>প্রত্যেক শিক্ষার্থী বাড়িতে টবে একটি করে চারাগাছ রোপণ করবে। রোপণের পর চারাগাছটির দৈর্ঘ্য মাপবে। রোপণের পর থেকে সাতদিন (এক সপ্তাহ) পরপর গাছটির দৈর্ঘ্য মাপবে। এভাবে চার সপ্তাহ মাপার পর প্রাপ্ত দৈর্ঘ্যগুলো দিয়ে একটি অনুক্রম (প্রয়োজনে কাছাকাছি মান নিয়ে) তৈরি করবে। গাছটি বারো সপ্তাহ পরে কতটুকু বড়ো হবে তা অনুক্রমের সূত্র ব্যবহার করে নির্ণয় করো। | ১০ |
| **অনুসন্ধানমূলক কাজ (Inventory Work)**<br><br>**নমুনা প্রশ্ন:**<br>প্রত্যেকে আলাদাভাবে তোমার শ্রেণির যেকোনো দশজন শিক্ষার্থীর উচ্চতা (সেমি) মেপে গড় ব্যবধান নির্ণয় করো। | ১০ |
| **শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ)**<br><br>**নমুনা প্রশ্ন:**<br>৯ম শ্রেণির গণিত পাঠ্যবইয়ের ১৪৮ নং পৃষ্ঠার একক কাজটি শ্রেণির কাজ হিসেবে ব্যবহার করা যায়। | ১০ |
| মোট = | ৩০ |

### ঘ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

**অভীক্ষার ধরন: লিখিত** **পূর্ণনম্বর: ১০০** **সময়: ০৩ ঘন্টা**

| ক্রম | আইটেমের নাম | | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনী প্রশ্ন<br>এক কথায় উত্তর | ১৫<br>১০ | ১৫<br>১০ | ১×১৫ = ১৫<br>১×১০ = ১০ | ০৩ ঘন্টা |
| ২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১৩ | ১৩ | ২×১৩ = ২৬ | |
| ৩ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br><br>দৃশ্যপটনির্ভর প্রশ্নের মধ্যে দুইটি বা তিনটি অংশ থাকতে পারে। সেক্ষেত্রে নম্বর বিভাজন ৩+৪, ১+২+৪, ২+২+৩, ১+৩+৩ হতে পারে। | | ১০ | ৭ | ৭×৭ = ৪৯ | |
| | | | | মোট = | ১০০ | |

### ঙ) কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

**বিষয়: গণিত**

**শ্রেণি: নবম**

পূর্ণমান: ১০০ সময়: ৩ ঘন্টা

## ক বিভাগ (১×২৫ = ২৫)

[সঠিক উত্তরটি খাতায় লিখ]

১। $7, 11, 15, 19 \ldots \ldots$ অনুক্রমটির $21$-তম পদটি কত?

ক) 73 খ) 81 গ) 87 ঘ) 95

২। $4 + 8 + 16 + . . .$ ধারাটির $15$ তম পদটি কত?

ক) 65 536 খ) 131072 গ) 16384 ঘ) 32768

৩। ফিবোনাচ্চি অনুক্রম কোনটি?

ক) $0, 3, 8, 15, \ldots$ খ) $2, 4, 8, 16, \ldots$ গ) $2, 4, 6, 8, \ldots.$ ঘ) $1, 1, 2, 3, 5, \ldots \ldots$


৪। $13 + 9 + 5 + \cdots - 15 =$ কত?

ক) $-60$ খ) $-8$ গ) 18 ঘ) 64

৫। নিচের কোন কোণযুগল কোটার্মিনাল কোণ?

ক) $40^0$ ও $-320^0$ খ) $40^0$ ও $320^0$ গ) $60^0$ ও $-120^0$ ঘ) $60^0$ ও $120^0$

৬।




চিত্রের আলোকে $tanC - tanA =$ কত?

ক) $\frac{2}{3}$ খ) $\frac{3}{2}$ গ) $\frac{4}{\sqrt{5}}$ ঘ) $\frac{6}{\sqrt{5}}$

৭। নিচের কোনটি সঠিক **নয়?**

ক) $log$ এর ভিত্তি $-1$ হতে পারেনা খ) $log$ এর ভিত্তি $0$ হতে পারেনা

গ) $log$ এর ভিত্তি $1$ হতে পারে ঘ) $log$ এর ভিত্তি ভগ্নাংশ হতে পারে

৮। নিচের কোন শর্তে $a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ সমীকরণদ্বয়ের একটি মাত্র সমাধান থাকবে?

ক) $\frac{a_1}{a_2} \neq \frac{b_1}{b_2}$ খ) $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} = \frac{c_1}{c_2}$ গ) $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} \neq \frac{c_1}{c_2}$ ঘ) $\frac{a_1}{b_1} = \frac{a_2}{b_2} = \frac{c_1}{c_2}$

৯। $7x^2 - x + 2 = 0$ সমীকরণের মূলদ্বয়ের প্রকৃতি—

ক) বাস্তব ও পরস্পর সমান খ) বাস্তব, অসমান ও মূলদ গ) বাস্তব, অসমান ও অমূলদ ঘ) বাস্তব মূল নেই

১০। কোন প্রতীকের মাধ্যমে প্রচুরক প্রকাশ করা হয়?

ক) $\bar{x}$ খ) $M_e$ গ) $M_o$ ঘ) $\sigma$

১১। $a + b = \sqrt{5}$ এবং $a - b = \sqrt{3}$ হলে $a^2 + b^2 = ?$

ক) 8 খ) 4 গ) 2 ঘ) 1

১২। $x + y = 5, xy = 6$ এবং $x > y$ হলে, $x^2 - y^2$ এর মান নিচের কোনটি?

ক) $-5$ খ) 1 গ) 5 ঘ) 13

১৩। 11, 9, 9, 6, 12, 12, 8, 12, 14, 6, 11 উপাত্তগুলোর গাণিতিক গড় নিচের কোনটি?

ক) 9 খ) 12 গ) 11 ঘ) 10

১৪। $\theta = 220^0$ এর জন্য নিচের কোনটি সঠিক?

ক) $sin\theta > 0$ খ) $tan\theta > 0$ গ) $cos\theta > 0$ ঘ) $tan\theta < 0$

১৫। উন্নতি কোণ কত ডিগ্রি হলে গাছের ছায়ার দৈর্ঘ্য গাছের দৈর্ঘের $\sqrt{3}$ গুণ হবে?

ক) $30^0$ খ) $45^0$ গ) $60^0$ ঘ) $90^0$

**এক কথায় উত্তর দাও।**

১৬। $log_5 125 = ?$

১৭। $log_2 2^2 + log_3 3^3 = ?$

১৮। $tan\theta = \sqrt{3}$ হলে, $sin\theta sec\theta =$ কত?

১৯। $310^0$ কোণের রেফারেন্স কোণ কত ডিগ্রি?

২০। $1, -\frac{1}{2}, \frac{1}{4}, -\frac{1}{8}, \ldots$ অনুক্রমের সাধারণ অনুপাত কত?

২১। সাধারণ লগের ভিত্তি হিসেবে কোন সংখ্যাকে ব্যবহার করা হয়?

২২। $(60 + x)^0$ কোণের সম্পূরক কোণ কত ডিগ্রি?

২৩। $30^0$ কে রেডিয়ানে প্রকাশ করলে কত হবে?

২৪। 0, 1, 1, 2, 3, 5, .... ধারাটির দশম পদ কত?

২৫। $S_n = \frac{a(r^n - 1)}{r - 1}$ সূত্রটিতে $r$ দ্বারা কী বোঝায়?

## খ- বিভাগ

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। (২×১৩=২৬)

(ক) $\frac{1}{4} + \frac{1}{2} + 1 + 2 + \cdots$ ধারাটির দশম পদ নির্ণয় করো।

(খ) $log_x \frac{1}{81} = -4$ হলে $x$ এর মান নির্ণয় করো।

(গ) $4 + 12 + 36 + \cdots$ ধারাটির প্রথম বারোটি পদের সমষ্টি নির্ণয় করো।

(ঘ) $2x + y = 5$ এবং $x + y = 3$ সরলরেখা দুইটির ছেদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় করো।

(ঙ) $\Delta ABC$ এ $\angle A = 30^0, \angle B = 90^0$ এবং AB বাহুর দৈর্ঘ্য 7 সেমি। BC বাহুর দৈর্ঘ্য নির্ণয় করো।

(চ) উন্নতি কোণ ও অবনতি কোণ বলতে কী বুঝায়?

(ছ) $sin 405^0$ এর মান নির্ণয় করো।

(জ) $40^0$ কে রেডিয়ানে প্রকাশ করো।

(ঝ) $8 + 6 + 4 + 2 + \cdots$ ধারাটির $20$ তম পদ নির্ণয় করো।

(ঞ) গড় ব্যবধান এবং পরিমিত ব্যবধান বলতে কী বুঝায়?

(ট) $\frac{4\pi}{25}$ রেডিয়ান কোণকে ডিগ্রির মাধ্যমে প্রকাশ করো।

(ঠ) প্রতিস্থাপন পদ্ধতিতে $x + 2y = 4$ এবং $3x - y = 5$ সমীকরণ দুইটিকে সমাধান করো।

(ড) $2log_{10}2 + log_{10}50 - log_{10}20$ এর মান নির্ণয় করো।

**দৃশ্যপটনির্ভর প্রশ্ন (১০টি থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। নমুনা হিসেবে ৭টি প্রশ্ন দেয়া হলো)** ৭×৭ = ৪৯

২। জামিল সাহেব তার চাকুরীর বেতন থেকে কিছু টাকা সঞ্চয় করার সিদ্ধান্ত নিলেন। তিনি প্রথম মাসে $1000$ টাকা সঞ্চয় করেন। তিনি পরবর্তী প্রত্যেক মাসে পূর্ববর্তী মাসের তুলনায় $100$ টাকা বেশি সঞ্চয় করেন।

ক)) $18$তম মাসে জামিল সাহেবের সঞ্চয়ের পরিমাণ নির্ণয় করো। ৩

খ) জামিল সাহেব কত বছরে $1,60,800$ টাকা সঞ্চয় করতে পারবেন তা নির্ণয় করো। ৪

৩। $1999$ সালের জুলাই মাসে কক্সবাজারের মহেশখালিতে $5.2$ মাত্রার ভূমিকম্প রেকর্ড করা হয়েছিল।

ক) ভূমিকম্পের মাত্রা কোন স্কেলে পরিমাপ করা হয়? ১

খ) যদি ভূমিকম্পের মাত্রা $6.2$ হয়, তবে মহেশখালির ভূমিকম্প থেকে তা কতগুণ বেশি শক্তিশালী হবে নির্ণয় করো। ৩

গ) কোনো একটি স্থানের ভূমিকম্প মহেশখালির ভূমিকম্প থেকে দ্বিগুণ শক্তিশালী হলে তার মাত্রা নির্ণয় করো। ৩

৪। ভূতলের কোনো একটি স্থানে একটি মিনারের শীর্ষবিন্দুর উন্নতি কোণ $60^0$। উক্ত স্থান থেকে $10$ মিটার পিছিয়ে গেলে মিনারের
উন্নতি কোণ $45^0$।

ক) মিনারটির উচ্চতা নির্ণয় করো।? ৩

খ) ভূতলের কোনো একটি স্থানে উন্নতি কোণ $30^0$ হলে, প্রথম অবস্থান থেকে শেষ অবস্থানের দূরত্ব নির্ণয় করো? ৪

৫। দৌড় প্রতিযোগিতার জন্য মাঠে একটি $200$ মিটার পরিধির বৃত্তাকার চক্র তৈরি করা হলো। দৌড় প্রতিযোগিতায় রাহিল $13$ সেকেন্ডে চক্রটির কেন্দ্রে $24^0$ এবং রাতুল $18$ সেকেন্ডে $36^0$ কোণ তৈরি করতে পারে।

ক) সম্পূর্ণ চক্রটি অতিক্রম করতে রাতুলের কত সেকেন্ড সময় লাগবে তা নির্ণয় করো।? ২

খ) $5$ সেকেন্ডে রাতুল কতো দূরত্ব অতিক্রম করবে তা বের করো। ২

গ) কার গতিবেগ বেশি তা গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৩

৬। ছয়জন শিক্ষার্থীর উচ্চতা(সেমি) $160, 163, 150, 140, 173, 170$

ক) মধ্যক নির্ণয় করো। ১

খ) মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয় করো। ৩

গ) মধ্যক থেকে পরিমিত ব্যবধান নির্ণয় করো। ৩

৭। একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। আয়তক্ষেত্রটির প্রস্থের সাথে $3$ যোগ করলে দৈর্ঘ্যের সমান হয়।

ক) আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করো। ৩

খ) সমস্যাটি লেখচিত্রে উপস্থাপনের মাধ্যমে সমাধান করো। ৪

৮। $4x^2 - 3x - 1 = 0$

ক) সমীকরণটি সমাধান করো। ৩

খ) সমীকরণটি লেখচিত্রের সাহায্যে সমাধান করো এবং ফলাফলোর সত্যতা নিশ্চিত করো। ৪

## চ) নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর

| ক- বিভাগ (নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর) | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
| ১ | গ | ৯ | ঘ | ১৭ | $5$ |
| ২ | ক | ১০ | গ | ১৮ | $\sqrt{3}$ |
| ৩ | ঘ | ১১ | খ | ১৯ | $50^0$ |
| ৪ | খ | ১২ | গ | ২০ | $-\frac{1}{2}$ |
| ৫ | ক | ১৩ | ঘ | ২১ | $10$ |
| ৬ | খ | ১৪ | খ | ২২ | $(120-x)^0$ |
| ৭ | গ | ১৫ | ক | ২৩ | $\frac{\pi}{6}$ |
| ৮ | ক | ১৬ | $3$ | ২৪ | $34^0$ |
| | | | | ২৫ | অনুপাত |

## ছ) সংক্ষিপ্ত প্রশ্নের উত্তরের রুব্রিক্স

| খ- বিভাগ | | |
|---|---|---|
| ১। (খ) $log_x \frac{1}{81} = -4$ হলে $x$ এর মান নির্ণয় করো। | | |
| **সংক্ষিপ্ত প্রশ্নের উত্তরের রুব্রিক্স** | | |
| **প্রশ্ন নং** | **নম্বর** | **শিক্ষার্থী যা পারবে** |
| ১। (খ) | ২ | $x$ এর মান বের করতে পারলে। |
| | ১ | সূচকে প্রকাশ করতে পারলে। |

## জ) দৃশ্যপটনির্ভর প্রশ্নের উত্তরের রুব্রিক্স

**খ-বিভাগ**

২। জামিল সাহেব তার চাকুরীর বেতন থেকে কিছু টাকা সঞ্চয় করার সিদ্ধান্ত নিলেন। তিনি প্রথম মাসে $1000$ টাকা সঞ্চয় করেন। তিনি পরবর্তী প্রত্যেক মাসে পূর্ববর্তী মাসের তুলনায় $100$ টাকা বেশি সঞ্চয় করেন।

ক) $18$তম মাসে জামিল সাহেবের সঞ্চয়ের পরিমাণ নির্ণয় করো। ৩

খ) জামিল সাহেব কত বছরে $1,60,800$ টাকা সঞ্চয় করতে পারবেন তা নির্ণয় করো। ৪

**দৃশ্যপটনির্ভর প্রশ্নের উত্তরের রুব্রিক্স**

| প্রশ্ন নং | নম্বর | শিক্ষার্থী যা পারবে |
|---|---|---|
| ২। (ক) | ৩ | সঞ্চয়ের পরিমাণ নির্ণয় করতে পারলে |
| | ২ | ধারায় প্রকাশ করে $n$ তম পদের সূত্র লিখতে পারলে |
| | ১ | ধারায় প্রকাশ করতে পারলে |
| | | |
| ২। (খ) | ৪ | সময় নির্ণয় করতে পারলে |
| | ৩ | সরলীকরণ করতে পারলে |
| | ২ | সূত্রে প্রয়োজনীয় মান বসাতে পারলে |
| | ১ | সমষ্টির সূত্র লিখতে পারলে |

# বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা-২০২৪

**বিষয়: বিজ্ঞান**

**শ্রেণি: নবম**

**(ক) শিক্ষকের জন্য প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা**

- প্রদত্ত সিলেবাস অনুযায়ী প্রশ্ন করতে হবে।
- নবম শ্রেণির বার্ষিক সামষ্টিক মূল্যায়নের সিলেবাসে চারটি অভিজ্ঞতা রাখা হয়েছে এবং অভিজ্ঞতা সংশ্লিষ্ট বিষয়বস্তু অনুসন্ধানী পাঠের বিভিন্ন অধ্যায়ে রয়েছে।
- প্রদত্ত সিলেবাসের সকল অভিজ্ঞতা থেকেই প্রশ্ন করতে হবে
- প্রশ্ন প্রণয়নের সময় বিজ্ঞানের বিভিন্ন শাখার মধ্যে সমতাসাধন করতে হবে
- প্রশ্ন প্রণয়নে পরীক্ষার নির্ধারিত সময় বিবেচনায় রাখতে হবে যেন শিক্ষার্থীরা সময়ের মধ্যে প্রশ্নগুলোর উত্তর সম্পন্ন করতে পারে
- প্রশ্ন প্রণয়নের সময় সম্ভাব্য উত্তরের কাঠামো বিবেচনায় নিয়ে যৌক্তিক নম্বর বণ্টন করতে হবে এবং রুব্রিক্স তৈরি করে নিতে হবে।

## (খ) ২০২৪ সালের বার্ষিক পরীক্ষার সিলেবাস

| ক্রমিক নং | অনুশীলনী বইয়ের অভিজ্ঞতা | অনুসন্ধানী পাঠ (অধ্যায় ও অনুচ্ছেদ) |
|---|---|---|
| ১ | খেলার মাঠে বিজ্ঞান | অধ্যায় ১ : বল, চাপ ও শক্তি (১.১ থেকে ১.৭) |
| ২ | বায়ূদূষণ | অধ্যায় ৪ : পদার্থের অবস্থা (৪.১ থেকে ৪.৪)<br>অধ্যায় ৫ : পদার্থের গঠন (৫.১ থেকে ৫.৭)<br>অধ্যায় ৬ : পর্যায় সারণি (৬.১ থেকে ৬.৬)<br>অধ্যায় ৭ : রাসায়নিক বন্ধন (৭.১ থেকে ৭.৫) |
| ৩ | আমার বংশ লতিকা | অধ্যায় ৮: জিনতত্ত্ব ও বংশগতিবিদ্যা (৮.১ থেকে ৮.৪)<br>অধ্যায় ৯ : জৈবঅণু (৯.১ থেকে ৯.৬) |
| ৪ | কত রকম বাড়িঘর | অধ্যায় ১৪: পরিবেশ ও ভূমিরূপ (১৪.১ থেকে ১৪.৫)<br>অধ্যায় ২ : তাপমাত্রা ও তাপ (২.১ থেকে ২.৬) |

(গ) মূল্যায়ন কাঠামো

| ধারাবাহিক মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

(ঘ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

শ্রেণি ও শ্রেণির বাহিরের শিক্ষার্থীর বিভিন্ন কাজের উপর ভিত্তি করে ধারাবাহিক মূল্যায়ন করা হবে।

| আইটেমের নাম | নম্বর | শিক্ষকের জন্য নির্দেশনা |
|---|---|---|
| শ্রেণির কাজ/বইয়ের কাজ<br>(যেমনঃ অনুশীলন বই-এর পৃষ্ঠা ৭৩ থেকে ৭৫ এ উল্লিখিত কাজ) | ১০ | ২০২৪ শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য শিক্ষক নির্দেশিকা (TG) এবং মূল্যায়ন নির্দেশিকায় প্রদত্ত নির্দেশনা অনুসরণ করবেন |
| বাড়ির কাজ/ অ্যাসাইনমেন্ট/প্রজেক্ট<br>(যেমনঃ অনুশীলন বই-এর পৃষ্ঠা ৩৪ থেকে ৩৬ এ উল্লিখিত কাজ) | ১০ | |
| ব্যাবহারিক কাজ (পরীক্ষণ সংক্রান্ত)<br>(যেমনঃ অনুশীলন বই-এর পৃষ্ঠা ৪৩ থেকে ৪৭ এ উল্লিখিত কাজ) | ১০ | |
| মোট নম্বর | ৩০ | |

(ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

অভীক্ষার ধরন: লিখিত; পূর্ণনম্বর : ১০০

| ক্রম | আইটেমের নাম | | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিবে এমন প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১ × ২৫ = ২৫ | ৩ ঘণ্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | | |
| ০২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২ × ১০ = ২০ | |
| ০৩ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ | ৩ | ৩ × ৫ = ১৫ | |
| ০৪ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br>প্রতিটি প্রশ্নের আবার দুটি অংশ হতে পারে) | | ৭ | ৫ | ৮ × ৫ = ৪০ | |
| | মোট নম্বর | | | | ১০০ | |

সামষ্টিক মূল্যায়নে ১০০ নম্বরের মধ্যে পরীক্ষা নিয়ে প্রাপ্ত নম্বরকে ৭০ এর মধ্যে প্রাপ্ত নম্বরে রূপান্তর করতে হবে।

**(চ) এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবুহু ব্যবহার করা যাবে না।**

## শ্রেণি: নবম

## বিষয়: বিজ্ঞান

**পূর্ণমান: ১০০** **সময়: ৩ ঘণ্টা**

### ক বিভাগ- (নৈর্ব্যক্তিক প্রশ্ন)

(পূর্ণমান ২৫, প্রতিটি প্রশ্নের মান ১, সঠিক উত্তরটি খাতায় লিখ)

(বহুনির্বাচনি প্রশ্ন ১৫টি এবং এক কথায় উত্তর ১০টি)

**বহুনির্বাচনী প্রশ্ন**

১। কোন গ্যাসের ব্যাপনের হার বেশি?

ক) $NH_3$ খ) HCl গ) $CO_2$ ঘ) $CH_4$

২। কোন দ্রবণে লিপিড (lipid) অদ্রবনীয়?

ক) ইথার খ) এলকোহল গ) পানি ঘ) ক্লোরোফরম

৩। $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 4s^2$ এই ইলেকট্রন বিন্যাসটি কোন মৌলের?

ক) ক্যালসিয়াম খ) পটাসিয়াম গ) আয়রন ঘ) জিংক

৪। প্রোটনের চার্জ ও ভর কোনটি?

ক) $-1.602 \times 10^{-19}$কুলম্ব ;$1.673 \times 10^{-27}$কিলোগ্রাম খ) $+1.602 \times 10^{-19}$কুলম্ব;$1.673 \times 10^{-27}$কিলোগ্রাম

গ) $-1.602 \times 10^{-19}$কুলম্ব ;$9.109 \times 10^{-31}$কিলোগ্রাম ঘ) $+1.602 \times 10^{-19}$কুলম্ব; $9.109 \times 10^{-31}$কিলোগ্রাম

৫। পেপটাইড বন্ধন গঠনে একটি এমিনো এসিডের কার্বক্সিলগ্রুপের সাথে পার্শ্ববর্তী এমাইনো এসিডের কোনটি যুক্ত হয়?

ক) অ্যালকাইল গ্রুপ খ) অ্যামাইনো গ্রুপ গ) $\alpha$-অ্যামাইনো গ্রুপ ঘ) কার্বক্সিল গ্রুপ

৬। কোন পদার্থকে তাপ দিলে তরলে পরিণত হয় না?

ক) খাবার লবন খ) ক্যালসিয়াম ক্লোরাইড গ) নিশাদল ঘ) ফিটকিরি

৭। পর্যায় সারণিতে বোরনের অবস্থান কোনটি?

ক) পর্যায়-2, গ্রুপ-13 খ) পর্যায়-2, গ্রুপ-1 গ) পর্যায়-4, গ্রুপ-13 ঘ) পর্যায়-4 , গ্রুপ-1

৮। কোন মৌলিক বলটি সবচেয়ে দুর্বল?

ক) মহাকর্ষ বল খ) দুর্বল নিউক্লিয় বল গ) সবল নিউক্লিয় বল ঘ) তড়িৎ চৌম্বক বল

৯। নিচের কোন গতিশক্তি অর্জন করবে, যদি 50 kg ভরের একজন দৌড়বিদ $5 ms^{-1}$ বেগে দৌড়ায়?

ক) 250J খ) 625 J গ) 1300 J ঘ)6250J

১০। 293 K তাপমাত্রার 10m দীর্ঘ ধাতবদন্ডকে উত্তপ্ত করে 303 K তাপমাত্রায় নিলে দন্ডের দৈর্ঘ্য কত হবে? ($\alpha = 10^{-4} K^{-1}$)

ক) 0.01 খ) 9.99 গ) 10.01 ঘ)10.1

১১। কোন মৌলটির আয়নিকরণ শক্তির মান বেশি?

ক) Na খ) Si গ) Al ঘ) Mg

১২। তাপমাত্রা দ্বিগুন করা হলে গ্যাসের প্রসারণ সহগে কী ঘটবে?

ক) অর্ধেক হবে খ) একই থাকবে গ) দ্বিগুন হবে ঘ) চারগুণ হবে

১৩। ব্রোঞ্জ সংকর ধাততে নিচের কোন ধাতুদ্বয় উপস্থিত থাকে?

ক) Cu +Sn খ) Cu + Zn গ) Fe + C ঘ) Fe + Cr

১৪। বংশগতবিদ্যার গবেষণায় মেন্ডেলের মটরশুঁটি গাছকে বেছে নেয়ার কারণ হলো-

(i) এটি বহুবর্ষজীবী উদ্ভিদ

(ii) এদের পুরুষ এবং স্ত্রী উভয় ধরনের প্রজনন অঙ্গ থাকে

(iii) নিয়মিত বংশবৃদ্ধি করতে সক্ষম বংশধর সৃষ্টি করে

**নিচের কোনটি সঠিক ?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫। DNA -

(i) জীবের সকল জৈবিক কার্যাবলী নিয়ন্ত্রণ করে

(ii) জীবের বংশগত বৈশিষ্ট্য ধারক ও বাহক

(iii) ভাইরাসের বংশগতির বস্তু বহন করে

**নিচের কোনটি সঠিক ?**

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**এক কথায় উত্তর**

১৬। কোন পদ্ধতিতে আয়োডিন মিশ্রিত খাবার লবণ থেকে আয়োডিন আলাদা করা যাবে?
১৭। বংশগতির মৌলিক একক কী?
১৮। যে সকল ভাইরাসে ডিএনএ (DNA) অনুপস্থিত তাদের বংশগতির বাহক কে?
১৯। কাঁথা পিটিয়ে ধুলা ঝাড়ার সময় নিউটনের কোন সূত্র কাজে লাগে?
২০। সালফেট যৌগমূলক ($SO_4^{2-}$) এর যোজনী কত?
২১। পদার্থের কোন অবস্থার ক্ষেত্রে নিঃসরণ প্রক্রিয়া সংগঠিত হয়?
২২। প্রধান শক্তিস্তর (n) এর মান 3 হলে উপশক্তিস্তর (l) এর সর্বোচ্চ মান কত?
২৩। লোহার একটি আকরিকের নাম লিখ।
২৪। দুটি বস্তুর তাপমাত্রার পার্থক্য 27°C হলে কেলভিন স্কেলে এর মান কত?
২৫। নিউটনের দ্বিতীয় সূত্রের গাণিতিকরূপটি লিখ?

**খ- বিভাগ (সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন)**

(পূর্ণমান ২০, ১০টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নের মান ২)

১। কোভিড-১৯ চলাকালীন করোনাভাইরাস থেকে রক্ষা পাওয়ার জন্য সাবান দিয়ে হাত ধোয়ার পরামর্শ কেন দেওয়া হয়েছিল?

২। হঠাৎ ব্রেক করে গাড়ি থামিয়ে দিলে যাত্রীর শরীর সামনের দিকে হেলে পড়ে কেন? ব্যাখ্যা কর।

৩। রাদারফোর্ডের পরমাণু মডেল পরমাণুর স্থিতিশীলতা ব্যাখ্যা করতে পারেনা কেন?

৪। পেপটাইড বন্ধন কীভাবে গঠিত হয়?

৫। ফ্যাট ও তেল একই পদার্থের ভিন্নরূপ-ব্যাখ্যা করো।

৬। একটি গ্যাস ভর্তি বেলুনকে মুখ খোলা অবস্থায় ছেড়ে দিলে বেলুনটি সামনের দিকে এগিয়ে যায় কেন? ব্যাখ্যা কর।

৭। নিয়ন গ্যাস রাসায়নিক ভাবে নিষ্ক্রিয় কেন? ব্যাখ্যা করো।

৮। একটি ক্ষারীয় ও একটি অম্লীয় যৌগ মূলকের সংকেত লিখ।

৯। Na ও Mg এর মধ্যে কোনটির ধাতব ধর্ম বেশি? ব্যাখ্যা করো।

১০। 10 Pa চাপ বলতে কী বুঝ?

## গ- বিভাগ (দৃশ্যপটবিহীন রচনামূলক প্রশ্ন)

**(দৃশ্যপটবিহীন ৫টি প্রশ্ন থেকে ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ৫)**

১। ক্যালরিমিতির মূলনীতি উল্লেখপূর্বক চিত্রসহ বিজ্ঞানী জুলের পরীক্ষণ ও ফলাফল বর্ণনা করো। ২+১+১+১=৫

২। (ক) বোরের পরমাণু মডেলের প্রধান বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর। ১+১+১ =৩

(খ) বোরের পরমাণু মডেলের সীমাবদ্ধতা কী কী? ১+১ =২

৩। ডিএনএ (DNA)-এর ডাবল হেলিক্স-কাঠামো অংকন করে সঠিক পরিমাপসহ বিভিন্ন অংশ চিহ্নিত কর। ২+৩=৫

৪। ... ... ... ... ...

৫। ... ... ... ... ...

## ঘ- বিভাগ (দৃশ্যপটনির্ভর রচনামূলক প্রশ্ন)

**(দৃশ্যপটনির্ভর ৭টি প্রশ্ন থেকে ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ৮, তবে একটি প্রশ্ন দুইভাগে ভাগকরা যেতে পারে, প্রশ্নের মান ডান পাশে দেয়া আছে)**

১। মহাসড়কে 200 kg ভরের একটি মটরসাইকেল 120 km/h বেগে এবং 500 kg ভরের একটি ট্রাক 48 km/h বেগে গতিশীল ছিলো। ট্রাফিক পুলিশের নির্দেশে মোটরসাইকেলের চালক 30 s সময়ে থামতে সক্ষম হয়, অপরদিকে ট্রাকের চালকের থামাতে 40 s সময় লাগে। এই তথ্য থেকে নবম শ্রেণির একজন শিক্ষার্থী হিসাব করে সিদ্ধান্তে উপনীত হলো যে, মটরসাইকেলের চেয়ে ট্রাকের ভরবেগ বেশী ছিল।

ক) শিক্ষার্থীর সিদ্ধান্তের যথার্থতা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। ৪

খ) উদ্দীপকের কোন বাহনটিকে থামাতে বেশী বল প্রয়োজন হয়েছে? গাণিতিক বিশ্লেষণসহ ব্যাখ্যা কর। ৪

**২। পরীক্ষাগার:** বিক্রিয়ার সকল শর্ত পূরণ করে পরীক্ষাগারে A (------- $2s^2\ 2p^6\ 3s^1$ ) মৌল ও B (------- $3s^2\ 3p^5$) মৌল থেকে বিক্রিয়ার মাধ্যমে AB যৌগ তৈরি করা হল।

**দৃশ্যপট-১:** নিপা ভুলবশত মুখ খোলা অবস্থায় তার পারফিউমের বোতল ঘরে রেখে ছিল। কিছুক্ষণ পরে সে বুঝতে পারলো ঘরে সুগন্ধ ছড়িয়ে পড়েছে। সে সাথে সাথে পারফিউম বোতলের মুখ বন্ধ করে দিল।


**দৃশ্যপট-২:** কণা বেলুন ফুলিয়ে বেলুনটির নির্ধারিত স্থানে স্কচ-টেপ লাগিয়ে স্থানটিতে আলপিন দিয়ে একটি ফুটো করে দিল। সে দেখতে পেল বেলুনটির ফুটো করা স্থানটি দিয়ে দ্রুত বাতাস বের হয়ে গেল এবং বেলুনটি চুপসে গেল।

**উপরের তথ্যের আলোকে নিচের প্রশ্নের উত্তর দাও**

ক) AB যৌগে উপস্থিত বন্ধনের গঠন প্রক্রিয়া ব্যাখ্যা কর। ১+২=৩

খ) দৃশ্যপট-১ এ সুগন্ধ ছড়িয়ে পড়ার এবং দৃশ্যপট-২ এ বাতাস বের হওয়ার প্রক্রিয়াদ্বয়ে ভিন্নতা রয়েছে-তুলনামূলক বিশ্লেষণ কর? ৫

৩।




ক) ফিনোটাইপ উল্লেখসহ ছকটি পূরণ কর। ৪

খ) $F_2$-তে জিনোটাইপ মোট ৩ ধরণের হলেও জিনোটাইপ ২ ধরণের হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৪

৪। …… … …

…… … …

ক) … … …

খ)… … …

৫। …… … …

…… … …

ক) … … …

খ)… … …

৬। …… … …

…… … …

ক) … … …

খ)… … …

৭। …… … …

…… … …

ক) … … …

খ)… … …

## (ছ) নৈর্ব্যক্তিক প্রশ্ন অংশের (২৫ টি) উত্তর

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|---|---|
| ১ | ঘ) CH4 | ১০ | গ) 10.01 | ১৯ | নিউটনের প্রথম সূত্র |
| ২ | গ) পানি | ১১ | খ) Si | ২০ | 2 |
| ৩ | ক) ক্যালসিয়াম | ১২ | ক) অর্ধেক হবে | ২১ | গ্যাসীয় |
| ৪ | খ) $+1.602 \times 10^{-19}$ কুলম্ব; $1.673 \times 10^{-27}$ কিলোগ্রাম | ১৩ | ক) Cu +Sn | ২২ | 2 |
| ৫ | গ) α-অ্যামাইনো গ্রুপ | ১৪ | গ) ii ও iii | ২৩ | হেমাটাইট |
| ৬ | গ) নিশাদল | ১৫ | ক) i ও ii | ২৪ | 27 |
| ৭ | ক) পর্যায়-2, গ্রুপ-13 | ১৬ | উর্ধ্বপাতন | ২৫ | F=ma |
| ৮ | ক) মহাকর্ষ বল | ১৭ | DNA | | |
| ৯ | খ) 625 J | ১৮ | RNA | | |

**(জ) রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) একটি প্রশ্নের রুব্রিক্স**

১। মহাসড়কে 200 kg ভরের একটি মটরসাইকেল 120 km/h বেগে এবং 500 kg ভরের একটি ট্রাক 48 km/h বেগে গতিশীল ছিলো। ট্রাফিক পুলিশের নির্দেশে মোটরসাইকেলের চালক 30 s সময়ে থামতে সক্ষম হয়, অপরদিকে ট্রাকের চালকের থামাতে 40 s সময় লাগে। এই তথ্য থেকে নবম শ্রেণির একজন শিক্ষার্থী হিসাব করে সিদ্ধান্তে উপনীত হলো যে, মটরসাইকেলের চেয়ে ট্রাকের ভরবেগ বেশী ছিল।

ক) শিক্ষার্থীর সিদ্ধান্তের যথার্থতা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। ৪

খ) উদ্দীপকের কোন বাহনটিকে থামাতে বেশী বল প্রয়োজন হয়েছে? গাণিতিক বিশ্লেষণসহ ব্যাখ্যা কর। ৪

**১ নং প্রশ্নের (ক) অংশের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্নের নং | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| ১ (ক) শিক্ষার্থীর সিদ্ধান্তের যথার্থতা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। | সঠিক সূত্র লিখে প্রেক্ষাপট থেকে সঠিক তথ্য চিহ্নিতকরণ পূর্বক সঠিক হিসাব করে যৌক্তিক বিশ্লেষন করলে | ৪ |
| | সঠিক সূত্র লিখে প্রেক্ষাপট থেকে সঠিক তথ্য চিহ্নিত করে সঠিকভাবে হিসাব সম্পন্ন করতে পারলে | ৩ |
| | সঠিক সূত্র লিখে প্রেক্ষাপট থেকে সঠিক তথ্য চিহ্নিত করতে পারলে | ২ |
| | সঠিক সূত্রটি লিখতে পারলে | ১ |
| | উত্তর অপ্রাসঙ্গিক হলে। | ০ |

**১ নং প্রশ্নের (খ) অংশের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্নের নং | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| ১ (খ) উদ্দীপকের কোন বাহনটিকে থামাতে বেশী বল প্রয়োজন হয়েছে? গাণিতিক বিশ্লেষণসহ ব্যাখ্যা কর। | সঠিক সূত্র লিখে প্রেক্ষাপট থেকে সঠিক তথ্য চিহ্নিতকরণ পূর্বক সঠিক হিসাব সম্পন্ন করে যৌক্তিক সিদ্ধান্ত নিলে | ৪ |
| | সঠিক সূত্র লিখে প্রেক্ষাপট থেকে সঠিক তথ্য চিহ্নিত করে সঠিকভাবে হিসাব সম্পন্ন করতে পারলে | ৩ |
| | সঠিক সূত্র লিখে প্রেক্ষাপট থেকে সঠিক তথ্য চিহ্নিত করতে পারলে | ২ |
| | সঠিক সূত্রটি লিখতে পারলে | ১ |
| | উত্তর অপ্রাসঙ্গিক হলে। | ০ |

২। **পরীক্ষাগার:** বিক্রিয়ার সকল শর্ত পূরণ করে পরীক্ষাগারে A (------- $2s^2$ $2p^6$ $3s^1$ ) মৌল ও B (------- $3s^2$ $3p^5$) মৌল থেকে বিক্রিয়ার মাধ্যমে AB যৌগ তৈরি করা হল।

**দৃশ্যপট-১:** নিপা ভুলবশত মুখ খোলা অবস্থায় তার পারফিউমের বোতল ঘরে রেখে ছিল। কিছুক্ষণ পরে সে বুঝতে পারলো ঘরে সুগন্ধ ছড়িয়ে পড়েছে। সে সাথে সাথে পারফিউম বোতলের মুখ বন্ধ করে দিল।

**দৃশ্যপট-২:** কণা বেলুন ফুলিয়ে বেলুনটির নির্ধারিত স্থানে স্কচ-টেপ লাগিয়ে স্থানটিতে আলপিন দিয়ে একটি ফুটো করে দিল। সে দেখতে পেল বেলুনটির ফুটো করা স্থানটি দিয়ে দ্রুত বাতাস বের হয়ে গেল এবং বেলুনটি চুপসে গেল।

**উপরের তথ্যের আলোকে নিচের প্রশ্নের উত্তর দাও**

ক) AB যৌগে উপস্থিত বন্ধনের গঠন প্রক্রিয়া ব্যাখ্যা কর। ১+২=৩

খ) দৃশ্যপট-১ এ সুগন্ধ ছড়িয়ে পড়ার এবং দৃশ্যপট-২ এ বাতাস বের হওয়ার প্রক্রিয়াদ্বয়ে ভিন্নতা রয়েছে-তুলনামূলক বিশ্লেষণ কর? ৫

## ২ নং প্রশ্নের (ক) অংশের নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্নের নং | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| **২ (ক)** AB যৌগে উপস্থিত বন্ধনের গঠন প্রক্রিয়া ব্যাখ্যা কর। | $A^+$ এবং $B^-$ আয়ন গঠনের প্রক্রিয়া সমীকরণসহ উল্লেখসহ এই ক্যাটায়ন ও অ্যানায়ন পরস্পর আয়নিক বন্ধনে যুক্ত হয়ে AB যৌগ গঠনের প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারলে । | ৩ |
| | $A^+$ এবং $B^-$ আয়ন গঠনের প্রক্রিয়া সমীকরণসহ ব্যাখ্যা করতে পারলে। | ২ |
| | $A^+$ অথবা $B^-$ আয়ন গঠনের প্রক্রিয়া সমীকরণসহ ব্যাখ্যা করতে পারলে। | ১ |
| | উত্তর অপ্রাসঙ্গিক হলে। | ০ |

## ২ নং প্রশ্নের (খ) অংশের নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্নের নং | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| ২ (খ) দৃশ্যপট-১ এ সুগন্ধ ছড়িয়ে পড়ার এবং দৃশ্যপট-এ বাতাস বের হওয়ার প্রক্রিয়াদ্বয়ে ভিন্নতা রয়েছে-তুলনামূলক বিশ্লেষণ কর? | দৃশ্যপট-১ এ সুগন্ধ ছড়িয়ে পড়ার প্রক্রিয়া এবং দৃশ্যপট-২ এ বাতাস বের হওয়ার প্রক্রিয়া চিহ্নিতপূর্বক ব্যাখ্যা করে প্রক্রিয়াদ্বয়ের মধ্যে ২টি পার্থক্য আলোচনা করতে পারলে। | ৫ |
| | দৃশ্যপট-১ এ সুগন্ধ ছড়িয়ে পড়ার প্রক্রিয়া এবং দৃশ্যপট-২ এ বাতাস বের হওয়ার প্রক্রিয়া চিহ্নিতপূর্বক ব্যাখ্যা করে প্রক্রিয়াদ্বয়ের মধ্যে ১টি পার্থক্য আলোচনা করতে পারলে। | ৪ |
| | দৃশ্যপট-১ এ সুগন্ধ ছড়িয়ে পড়ার প্রক্রিয়া এবং দৃশ্যপট-২ এ বাতাস বের হওয়ার প্রক্রিয়া চিহ্নিতপূর্বক ব্যাখ্যা করতে পারলে। | ৩ |
| | দৃশ্যপট-১ এ সুগন্ধ ছড়িয়ে পড়ার প্রক্রিয়া এবং দৃশ্যপট-২ এ বাতাস বের হওয়ার প্রক্রিয়া চিহ্নিত করতে পারলে। | ২ |
| | দৃশ্যপট-১ এ সুগন্ধ ছড়িয়ে পড়ার প্রক্রিয়া অথবা দৃশ্যপট-২ এ বাতাস বের হওয়ার প্রক্রিয়া চিহ্নিত করতে পারলে। | ১ |
| | উত্তর অপ্রাসঙ্গিক হলে। | ০ |

স্বাস্থ্য সুরক্ষা

বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা’২০২৪

নবম শ্রেণি

# বিষয়ভিত্তিক বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা'২০২৪
# স্বাস্থ্য সুরক্ষা
# শ্রেণি: ৯ম

### ক. শিক্ষকদের জন্য প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা

- নবম শ্রেণির সিলেবাসে বার্ষিক পরীক্ষার জন্য মোট ৮টি অভিজ্ঞতা থেকে ৬টি অভিজ্ঞতা রাখা হয়েছে।
- বার্ষিক পরীক্ষায় এই ৬টি অভিজ্ঞতা থেকে প্রশ্ন করতে হবে
- শিখনকালীন মূল্যায়নে কাজের বিবরণে উদাহরণ হিসেবে শুধু ১টি করে কাজ উল্লেখ করা হয়েছে। এ ধরনের আরও অনেক কাজ পাঠ্য পুস্তকে আছে। সে সবগুলো কাজই সম্পন্ন করতে হবে এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।
- খেলাধুলা ও শরীর চর্চা শিখনকালীন মূল্যায়নে ব্যবহারিক কাজে যুক্ত হবে

### খ. বার্ষিক পরীক্ষার সিলেবাস/পাঠ্যক্রম

| ক্রম | অভিজ্ঞতার নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | ১ম | মিডিয়া ব্যবহারে যত্নবান হই | ১-১৮ |
| ২. | ২য় | স্বাস্থ্য অধিকার রক্ষায় সচেতন হই সহজে স্বাস্থ্যসেবা পাই | ১৯-২৮ |
| ৩. | ৩য় | সব বাধা পেরিয়ে চলো যাই এগিয়ে | ২৯-৪০ |
| ৪. | ৪র্থ | আপন আলোয় হই আলোকিত | ৪১-৫৮ |
| ৫. | ৫ম | শুদ্ধাচার চর্চা করি মর্যাদার জীবন গড়ি | ৫৯-৭৪ |
| ৬. | ৭ম | সমঝোতার শিক্ষা নেব সবাই মিলে জয়ী হব | ৮৫-৯৬ |
| | | | |

### গ. মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**ঘ. শিখনকালীন মূল্যায়ন: কাজের বিবরণ ও নম্বরবন্টন**

**কাজের বিবরণে উদাহরণ হিসেবে ১টি করে কাজ উল্লেখ করা হয়েছে। এ ধরনের আরও অনেক কাজ পাঠ্য পুস্তকে আছে। সেগুলো সম্পন্ন করতে হবে এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।**

| আইটেমের নাম | কাজের বিবরণ | পৃষ্ঠা নম্বর ও অভিজ্ঞতার নাম | নির্ধারিত নম্বর |
|---|---|---|---|
| শ্রেণির কাজ : পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ | সিদ্ধান্ত গ্রহণে সমঝোতার ভূমিকা- ছক পূরণ | পৃষ্ঠা- ৮৮ (সমঝোতার শিক্ষা নেব সবাই মিলে জয়ী হব) | ১৫ |
| অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ | প্রতিবন্ধীবান্ধব খেলাধুলার আয়োজন ও অংশগ্রহণ | পৃষ্ঠা-৩৩-৩৬ (সব বাধা পেরিয়ে চলো যাই এগিয়ে) | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/ প্রতিবেদন উপস্থাপন | সংক্রামক ও অসংক্রামক রোগ সচেতনতা জরিপ | পৃষ্ঠা-৮৮-৮৯ ( রোগব্যাধিকে সঠিকভাবে জানি, সুস্থ থাকার নিয়ম মানি) | ৫ |
| **মোট** | | | **৩০** |

**ঙ. সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| আইটেমের নাম | বিবরণ | মোট প্রশ্ন সংখ্যা | যে কটি প্রশ্নের উত্তর দিতে হবে | নম্বর বিভাজন | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন (সাধারণ, বহুপদী সমাপ্তিসূচক, অভিন্ন তথ্যভিত্তিক) | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ২৫ | ৩ ঘন্টা |
| | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | | |
| সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২×১০=২০ | ২০ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ | ৩ | ৫×৩=১৫ | ১৫ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপট থেকে ২টি প্রশ্ন থাকবে। | | ৭ | ৫ | ৮×৫=৪০ | ৪০ | |
| **মোট** | | | | | **১০০** | **৩ ঘন্টা** |

***১০০ নম্বরের মধ্যে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।**

**চ. প্রশ্নের ধারা ও মানবন্টন অনুযায়ী একটি নমুনা প্রশ্নপত্র অপর পৃষ্ঠায় দেওয়া হলো :**

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

# স্বাস্থ্য সুরক্ষা

**৯ম শ্রেণি**

**পূর্ণমান-১০০**

**সময়-৩ ঘন্টা**

**ক. নৈর্ব্যক্তিক প্রশ্ন**

**বহুনির্বাচনি প্রশ্ন:** (১×১৫=৫)

১. সবচেয়ে শক্তিশালী মিডিয়া কোনটি?

ক. সংবাদপত্র
খ. টেলিভিশন
গ. রেডিও
ঘ. দেয়াল লিখন

২. স্বাস্থ্যসেবা পাওয়া কোন ধরনের অধিকার?

ক. সামাজিক
খ. অর্থনৈতিক
গ. মানবিক
ঘ. প্রাতিষ্ঠানিক

৩. নিচের কোনটি আর্ন্তজাতিক পরিমন্ডলে সাফল্যের জন্য সম্ভাবনাময় খেলা?

ক. সফট বল থ্রো
খ. হুইল চেয়ার বাস্কেট বল
গ. ফিল্ড হকি
ঘ. ইউনিফাইড অ্যাথলেটিক্স

৪. নিচের কোনটি আউটডোরে খেলা হয়?

ক. ব্যাডমিন্টন
খ. বাস্কেটবল
গ. ফুটবল
ঘ. তীর নিক্ষেপ

৫. প্রতিবন্ধীদের হুইল চেয়ারে বসে বাস্কেটবল খেলতে দলে মোট কতজন খেলোয়াড় থাকে?

ক. ৫ জন
খ. ৭ জন
গ. ১১ জন
ঘ. ১২ জন

৬. শুদ্ধাচারের অভাবে আমাদের-

i মানসিক শক্তি ও দৃঢ়তার অভাব বোধ হয়
ii মূল্যবোধ ও আত্মমর্যাদা নষ্ট হয়
iii সন্তুষ্টি ও আনন্দ অনুভূতি হয়

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৭. হকি খেলার সময়কাল সাধারণত কত হয়?

ক. ১০ মিনিট
খ. ১৫ মিনিট
গ. ৩০ মিনিট
ঘ. ৬০ মিনিট

৮. কোনো একটি বিষয়ে সিদ্ধান্তে পৌঁছানোর জন্য গুরুত্বপূর্ণ উপায় কোনটি?

ক. সবার সঙ্গে বোঝাপড়া করে সমঝোতা
খ. নিজ অভিজ্ঞতা কাজে লাগিয়ে সমঝোতা
গ. ব্যক্তিগত উদ্যোগ নিয়ে সমঝোতা
ঘ. দক্ষতা কাজে লাগিয়ে সমঝোতা

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৯ ও ১০ নম্বর প্রশ্নের উত্তর দাও;

বাংলাদেশে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য ২ মে, ২০২৩ সালে সরকার কর্তৃক একটি নীতিমালা প্রণয়ন করা হয়। এই নীতিমালা ২৯ জুন, ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

৯. নিচের কোনটি উক্ত নীতিমালার সাথে সম্পর্কিত?

ক. পাঠদান কার্যক্রম জোরদার
খ. বুলিং, র‍্যাগিং এর অবসান
গ. শিক্ষার্থীদের বৃত্তি প্রদান
ঘ. খেলাধূলার পরিবেশ তৈরি

১০. শিক্ষা প্রতিষ্ঠানসমূহে উল্লিখিত নীতিমালার বাস্তবায়ন হলে-

i যৌন হয়রানি বন্ধ হবে
ii নিপীড়ন ও সহিংসতা সম্পর্কে সচেতনতা তৈরি হবে
iii আইনের আশ্রয় গ্রহণের সুযোগ তৈরি হবে

নিচের কোনটি সঠিক ?

- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

১১. ভালো থাকার উপায়গুলো সঠিকভাবে জানার জন্য নিচের কোনটি দরকার?

- ক. মিডিয়ার ইতিবাচক প্রচার
- খ. মিডিয়ার নেতিবাচক প্রচার
- গ. সঠিক উৎসের ব্যবহার
- ঘ. সঠিক তথ্য জানার উপায়

১২. নিচের কোনটি শুদ্ধাচারের অর্ন্তভূক্ত?

- ক. নিজ সুবিধার জন্য তথ্য গোপন
- খ. অনৈতিক কাজে সমর্থন
- গ. অসত্য তথ্য প্রচার
- ঘ. অন্যায় প্রতিরোধের উদ্যোগ গ্রহণ

১৩. অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হয়-

- ক. বুদ্ধি দিয়ে
- খ. বল প্রয়োগ করে
- গ. অযাচিত আচরণ দিয়ে
- ঘ. ভয় দেখিয়ে

১৪. নিচের কোনটি ঝুঁকিপূর্ণ আচরণ **নয়**?

- ক. পারিবারিক যোগাযোগ
- খ. অশালীন বার্তা
- গ. ঘৃণাবাচক শব্দ
- ঘ. উপহাস

১৫. নিচের কোনটি সামাজিক যোগাযোগ মাধ্যম?

- ক. সংবাদপত্র
- খ. ফেসবুক
- গ. টেলিভিশন
- ঘ. লিফলেট

**এক কথায় উত্তর দাও:** (১×১০=১০)

১. কোন ধরনের কাজের মাধ্যমে সহপাঠীদের মধ্যে সহযোগিতামূলক মনোভাব গড়ে ওঠে?
২. সবাই মিলেমিশে ভালো থাকতে কোনটির বিকল্প নাই?
৩. স্বাস্থ্য অধিকার রক্ষায় আমাদের ভূমিকা সম্পর্কিত একটি কাজ লিখ।
৪. নিপীড়নের শিকার হলে জরুরি সেবা পেতে কল করার জন্য হেল্পলাইনগুলোর যে কোনো একটির নম্বর লিখ।
৫. একটি ২-৩ মিটার লম্বা দাগের পিছন বা বৃত্তের মাঝখান থেকে বল ছোঁড়াকে কী বলে?
৬. পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ ও মত বিনিময়ের জন্য কোনটি অত্যন্ত সহায়ক?
৭. মিডিয়া আমাদের নানা বিষয়ে কি প্রদান করে থাকে?
৮. সাইবার স্টকিং কী ধরনের আচরণ?
৯. কীসের অভাবে আক্রমণাত্মক আচরণ বা সহিংস পরিস্থিতি তৈরি হয়?
১০. স্বাস্থ্যসেবা পাওয়া একটি কী?

**গ. সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন :** (২×১০=২০)

১. যোগ ব্যায়ামের উপকারিতা লিখ।
২. স্বাস্থ্য সেবায় প্রাতিষ্ঠানিক দায়িত্ব বলতে কী বুঝ?
৩. আউটডোর খেলা সবার জন্য উপযোগী নয় কেন? ব্যাখ্যা করো।
৪. সাইবার টিনস কী? ব্যাখ্যা করো।
৫. শিক্ষা প্রতিষ্ঠানে কীভাবে বুলিং রোধ করা যায়? ব্যাখ্যা করো।
৬. শুদ্ধাচার চর্চার পক্ষে দু'টি স্লোগান লিখ।
৭. সমঝোতা বলতে কী বুঝায়?
৮. আত্মসুরক্ষায় তুমি কি পদক্ষেপ নিবে লিখ।
৯. আসক্তি দৈনন্দিন জীবনে যে ধরনের নেতিবাচক প্রভাব ফেলে, তা ব্যাখ্যা করো।
১০. পরিবারের অসুস্থ ও বয়স্ক ব্যক্তির পরিচর্যা ও স্বাস্থ্য অধিকার রক্ষায় কী ভূমিকা পালন করবে ?

**ঘ. রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন):** **(৫×৩=১৫)**

১. ঝুঁকিপূর্ণ আচরণের প্রভাব ও ফলাফল ব্যাখ্যা করো
২. স্বাস্থ্যসেবা গ্রহণকারী এবং স্বাস্থ্যসেবা প্রদানকারী উভয়েরই কিছু অধিকার রয়েছে-বুঝিয়ে লিখ।
৩. বয়ঃসন্ধিকালে শারীরিক ও মানসিক স্বাস্থ্যঝুঁকি বা চ্যালেঞ্জগুলো সম্পর্কে সচেতনতামূলক একটি পোস্টার/লিফলেট তৈরি করো।

**গ. রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর ):** **(৮×৫=৪০)**

তমার স্কুলের যাওয়ার পথে একটি স্বাস্থ্যকেন্দ্র পড়ে। প্রতিদিনই সে দেখে অনেক লম্বা লাইনে রোগীরা দাঁড়িয়ে থাকেন। মায়েরা শিশু কোলে নিয়ে থাকেন। বয়স্করা কেউ কেউ মাটিতে বসে থাকেন। তমা আজ দেখল, স্বাস্থ্য কেন্দ্রের সিঁড়ির কাছে একজন হুইল চেয়ারে বসা রোগী হাত তুলে ডাকছেন, কিন্তু কেউ তাকে সাহায্য করতে এগিয়ে আসছেন না। স্বাস্থ্যকেন্দ্রের একপাশে ডাষ্টবিন থাকলেও কেউ কেউ কাগজ, কলার খোসা মাটিতে ফেলছেন। মধ্যবয়স্ক ২/৩ জন লোক ভীড়ের মধ্যে রোগীদের গা ঘেঁষে দাঁড়িয়ে সিগারেট টানছে এবং উত্যক্ত করছে। এগুলো দেখে তমার মনটা খুব খারাপ হয়ে গেল।

১. ক. উপরের পরিস্থিতিতে রোগীরা কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন? ব্যাখ্যা করো। ৩
খ. উক্ত পরিস্থিতি শারীরিক, মানসিক ও সামাজিক প্রভাব কী হতে পারে তা বিশ্লেষণ কর। বিশ্লেষণ করো। ৫



১ম চিত্র



২য় চিত্র

২. ক. ১ম চিত্রে উল্লিখিত খেলাটির নাম উল্লেখপূর্বক ব্যাখ্যা করো। ৩

খ. ১ম ও ২য় চিত্রের আলোকে উল্লিখিত ব্যক্তিদের প্রতি আমাদের করণীয় কী হতে পারে? বিশ্লেষণ করো। ৫

মিতা নবম শ্রেণিতে পড়ে। প্রতিদিন ওরা কয়েকজন বন্ধু মিলে বিদ্যালয়ে যায়। সহপাঠী রাহাত মাঝে মাঝে ওদের সাথে যাতায়াত করে। কিন্তু ইদানিং রাহাতের আচরণে ওরা বিব্রত বোধ করে। কারণ রাহাত প্রায়ই অন্য মেয়েদের বিরূপ মন্তব্য এবং উপহাস করে। আবার মাঝে মাঝে স্কুলে না গিয়ে পাড়ার ছেলেদের সাথে আড্ডা দেয়। এ ব্যাপারে তাকে কিছু বললে সে রেগে যায়।

| | | | |
|---|---|---|---|
| ৩. | ক. | রাহাতের আচরণকে কী বলা যায়? ব্যাখ্যা করো। | ৩ |
| | খ. | উল্লিখিত পরিস্থিতিতে মিতাদের করণীয় বিশ্লেষণ করো। | ৫ |



১ম চিত্র



২য় চিত্র

৪. ক. উদ্দীপকের ১ম চিত্রের পোস্টারটির উপকারিতা ব্যাখ্যা করো। ৩

খ. শারীরিক, মানসিক এবং সামাজিক স্বাস্থ্যে ২য় বিজ্ঞাপন চিত্রটির প্রভাব মূল্যায়ন করো। ৫

করিম স্যার গণিতের শিক্ষক। তিনি প্রতিদিন সময়মতো বিদ্যালয়ে উপস্থিত হন এবং নির্দিষ্ট সময়ে বিদ্যালয় ত্যাগ করেন। করিম স্যার নিয়মিত ক্লাস নেন এবং শ্রেণির কাজ শ্রেণিতেই শেষ করেন। বাড়ির কাজ কম দেন। তাছাড়াও সবসময় তিনি শিক্ষার্থীদের নানারকম ভালো কাজে উদ্বুদ্ধ করার চেষ্টা করেন। প্রধান শিক্ষক তাঁকে খুব পছন্দ করলেও কয়েকজন শিক্ষক তাকে নিয়ে উপহাস এবং হাসি-ঠাট্টা করেন।

৫. ক. করিম স্যারের কার্যকলাপকে কী বলে অভিহিত করা যায়? ব্যাখ্যা করো। ৩

খ. করিম সাহেবের কার্যক্রম কীভাবে শিক্ষার্থীদের প্রভাবিত করতে পারে? বিশ্লেষণ করো। ৫

# স্বাস্থ্য সুরক্ষা
# ৯ম শ্রেণি

## নমুনা উত্তর

### ক নৈব্যক্তিক প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্নের উত্তর:**

| প্রশ্নের নম্বর | উত্তর | প্রশ্নের নম্বর | উত্তর |
|---|---|---|---|
| ১. | খ | ৯. | খ |
| ২. | গ | ১০. | ঘ |
| ৩. | গ | ১১. | গ |
| ৪. | গ | ১২. | ঘ |
| ৫. | খ | ১৩. | ক |
| ৬. | ক | ১৪. | ক |
| ৭. | ঘ | ১৫. | খ |
| ৮. | ক | | |

**এক কথায় উত্তর:**

| প্রশ্নের নম্বর | দলীয় কাজ |
|---|---|
| ১. | সমঝোতা |
| ২. | সচেতনতা তৈরি |
| ৩. | ৯৯৯ |
| ৪. | সফট বল থ্রো |
| ৫. | সামাজিক যোগাযোগ মাধ্যম |
| ৬. | তথ্য |
| ৭. | নিপীড়নমূলক |
| ৮. | সমঝোতা |
| ৯. | দায়িত্ব |
| ১০. | |